



ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ : www.jagarandaily.com






JAGARAN ■ 22 March, 2023 ■ আগরতলা ২২ মার্চ, ২০২৩ইং ■ ৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


# বিরোধীদের আক্রমণের মুখে তিন দিন মুলতুবি সংসদের অধিবেশন

## আদানি ইস্যুতে জটিলতা বাড়ছে, সর্বদল বৈঠকে যোগ দিল না বিরোধীরা

**নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.)।।** আগামী ২৩ মার্চ বেলা এগারোটা অবধি মুলতুবি হয়ে গেল লোকসভা ও রাজ্যসভার অধিবেশন। রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় ঘোষণা করেছেন, ২২ মার্চ রাজ্যসভার কোনও অধিবেশন বসবে না, ওই দিন বিভিন্ন উৎসব সম্পর্কিত বেশ কয়েকজন সদস্যের প্রস্তাব বিবেচনা করে এই সিদ্ধান্ত নিয়েছেন চেয়ারম্যান জগদীপ ধনখড়। একইভাবে আগামী ২৩ মার্চ বেলা এগারোটা অবধি মুলতুবি হয়ে গিয়েছে লোকসভার অধিবেশনও।

মঙ্গলবারও সংসদের কাজকর্ম পন্ড হয়েছে, আদানি গোষ্ঠী ইস্যুতে জেপিসি তদন্তের দাবিতে বিরোধীদের হইহট্টগোলে মঙ্গলবার উত্তাল হয় লোকসভা ও রাজ্যসভা। একইসঙ্গে ভারতীয় গণতন্ত্র সম্পর্কে অনভিপ্রেত মন্তব্যের জন্য কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীকে ক্ষমা চাইতে বলেন বিজেপি সাংসদরা।



রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়ের ডাকে অনুষ্ঠিত হয়েছে সর্বদলীয় বৈঠক।

শাসক ও বিরোধীদের মধ্যে তুমুল হইচইয়ের কারণে মঙ্গলবার দুপুর দু''টো অবধি লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়। এই নিয়ে বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের একদিনও সেভাবে কাজকর্ম হল না সংসদে।

মঙ্গলবার বেলা এগারোটা থেকে শুরু হয় সংসদের উভয়কক্ষের অধিবেশন। শুরু থেকেই আদানি গোষ্ঠী ইস্যুতে জেপিসি ☞ ৬ এর পাতায় দেখুন

## রণকৌশল ঠিক করতে ফের বৈঠক প্রধানমন্ত্রী মোদির

**নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.) ।।** সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব শুরু হওয়ার পর থেকে রোজই উত্তাল হয়েছে গণতন্ত্রের পীঠস্থান। বিরোধীদের হইহট্টগোলে বারবার মুলতুবি হয়েছে সংসদের উভয়কক্ষের অধিবেশন। এই পরিস্থিতিতে সংসদীয় কৌশল ঠিক করতে শীর্ষ মন্ত্রীদের সঙ্গে ফের বৈঠকে বসলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

এদিক, বিরোধীরাও আবার মিলিত হয়েছেন। নিজেদের মধ্যে রণকৌশল ঠিক করতে মঙ্গলবার সকালে রাজ্যসভার বিরোধী দলনেতা তথা কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের অফিসে বৈঠকে ☞ ৬ এর পাতায় দেখুন

## সাব্রুমে নিয়ন্ত্রণ হারিয়ে বাস খাদে নিহত বাইসাইকেল আরোহী, আহত তিন

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২১ মার্চ।।** সাব্রুমে ভয়াবহ বাস দুর্ঘটনা। মঙ্গলবার সকাল সাড়ে দশটা নাগাদ মারাত্মক বাস দুর্ঘটনা সংঘটিত হয় সাব্রুমের দমদম এলাকায়। এই দুর্ঘটনায় আহত হয়েছেন তিনজন।

ঘটনার বিবরণী জানা যায় আগরতলার দিক থেকে আগত শিব বাবা এক্সপ্রেস নামক এসি বাস বাইসাইকেল আরোহী এক পথচারীকে বাঁচাতে গিয়ে দুর্ঘটনার কবলে পড়ে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। ঘটনায় গুরুতর নিহত হয় সাব্রুমের নগর পঞ্চায়েতের এক নম্বর ওয়ার্ডের তথা বিকে পল্লীর বাসিন্দা মৃত মনিন্দ্র দে—এর পুত্র পরিমল দে (৫৫), পেশায় পরিমল দে দিনমজুর। এছাড়াও গুরুতর আহত হয় গাড়ি স্টাফ তাপস দেবনাথ। উভয়কেই সাব্রুম দমকল বাহিনী সাব্রুম হাসপাতালে নিয়ে আসে চিকিৎসার জন্য।

কর্তব্যরত চিকিৎসক বাইসাইকেল আরোহী পরিমল দের অবস্থা বেগতিক দেখে প্রাথমিক চিকিৎসা প্রদান করে তাকে উন্নত চিকিৎসার জন্য শান্তিরবাজার জেলা হাসপাতালের রেফার করে দেন। সেখানেই তার মৃত্যু হয় বলে জানা গিয়েছে। অন্যান্য আহতদের চিকিৎসা চলছে। পুলিশ দূর্ঘটনার একটি মামলা নিয়ে তদন্ত শুরু করেছে।

# ২৮ কোপে পাঁঠা বলি মাতাবাড়িতে



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** ত্রিপুরায় গোমতী জেলায় উদয়পুরে মাতা ত্রিপুরসুন্দরী মন্দিরে অলৌকিক ঘটনার সাক্ষী রইলেন পুণ্যার্থীরা। ২৮ বার চেষ্টার পর পাঠা বলি সম্পন্ন হয়েছে। ইতিপূর্বে সর্বোচ্চ ১৬ বার চেষ্টায় পাঁঠা বলির নজির রয়েছে। তবে, আজকের ঘটনা সকলকেই অবাক করেছে। পশুপ্রেমীরা আওয়াজ তুলেছেন, মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরে বলি প্রথা বন্ধ হোক।

মন্দিরের পুরোহিত প্রসেনজিত চক্রবর্তী জানিয়েছেন, প্রতিদিন মাতার মন্দিরে বলি হচ্ছে। পুণ্যার্থীরা মানত করেন এবং মন্দিরে বলি দেন। পাঁঠা, পায়রা বলি রোজই হচ্ছে। কিন্তু, আজ একটি পাঁঠা বলি দেওয়ার সময় বিঘ্ন ঘটেছে। তিনি জানান, ২৮ বার চেষ্টার পর বলি সম্পন্ন হয়েছে। সাধারনত একবারেই রোজ বলি সম্পন্ন হয়ে থাকে।

এ-বিষয়ে তাঁর বক্তব্য, অনেক ক্ষেত্রে দেখা গেছে শুদ্ধ মনে বলির জন্য উৎসর্গ না হলে তা গ্রহণ হয় না। আবার অনেক সময় দেখা গেছে, বলি দেওয়ার আগেই পুণ্যার্থী আত্মীয় স্বজনদের নিমন্ত্রণ করে আসেন। বলি দেওয়ার পর তাঁদের মধ্যে প্রসাদ বিতরণ করবেন। এমন অবস্থায় বলি বিঘ্ন হওয়ার দৃষ্টান্ত রয়েছে। তাঁর কথায়, আজকের ঘটনায় খোঁজ নিয়ে জানা গেছে ওই পুণ্যার্থী বলি দেওয়ার আগে বাড়ি থেকে কয়েকজনকে নিমন্ত্রণ করে এসেছেন। তাই হয়তো, পাঁঠা বলি সঠিকভাবে সম্পন্ন হয়নি।

তাঁর দাবি, সকাল সাড়ে এগারটায় মন্দিরে বলি শুরু হয়েছে। বারটা নাগাদ একটি পাঁঠা বলি দেওয়ার সময় বিঘ্ন ঘটেছে। তবে, তার আগে এবং পরে বলি দিতে কোন রকম বিঘ্ন ☞ ৬ এর পাতায় দেখুন

## জিরানীয়ায় মথা নেতার বাড়িতে বোমা হামলা, অল্পতে রক্ষা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** ভোট ফলাফলের পর যে সন্ত্রাসের আবহ সারা রাজ্যে সৃষ্টি হয়েছে তা বন্ধের নাম নিচ্ছে না। জারি রয়েছে লাগাতার সন্ত্রাস। শাসক বিরোধী সবকটি রাজনৈতিক দল এই সন্ত্রাসে ব্যস্ত রয়েছে।

মঙ্গলবার জিরানিয়া থানাধীন খুন্ডামুড়া এলাকায় তিপ্রা মথার নেতৃত্ব নিরোধ দেববর্মার বাড়িতে বোমা নিক্ষেপ করে দুর্বৃত্তরা। ঘরের সামনে এই বোমা দেখে নেতার পরিবার খবর দেয় জিরানিয়া থানার পুলিশকে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে জলের বালটিতে বোমা ভিজিয়ে উদ্ধার করে নিয়ে আসে। পুলিশ জানায় বোমা উদ্ধার করা হয়েছে। তবে কারা এ বোমার নিক্ষেপ করেছে তার তদন্ত শুরু করা হয়েছে। ঘটনায় ব্যাপক আতঙ্ক সৃষ্টি হয়। খবর পেয়ে ছুটে আসেন এমডিসি গণেশ দেববর্মা। তিনি এ ঘটনার তীব্র নিন্দা জানান। দোষীদের বিরুদ্ধে কঠোর শাস্তির দাবি করেছেন তিনি। এলাকায় মোতায়েন করা হয়েছে আধা সামরিক বাহিনী।

## মোল্লাপাড়ায় দুই পরিবারে সংঘর্ষে গুরুতর আহত এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** মোল্লাপাড়া এলাকায় দুই পরিবারের মধ্যে মতভেদকে কেন্দ্র করে আহত হয়েছে এক যুবক। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়। মঙ্গলবার মোল্লাপাড়া এলাকায় এক মহিলাকে গালিগালাজ করার মিথ্যা অপবাদ দিয়ে সমীর মিয়া নামে এক যুবককে বেধরক মারধর করে সুমন মিয়া নামে এক যুবক।

সমীর মিয়া অভিযোগ করেন সে কোন মহিলাকে গালিগালাজ করেননি। সুমন মিয়া মিথ্যা কথা বলে ঝগড়া সৃষ্টি করার চেষ্টা করে। এই কথাটি সুমন মিয়াকে জিজ্ঞাসা করতেই বাইকের চাবি দিয়ে সমীর মিয়ার মাথায় এবং মুখে আঘাত করে। এতেই রক্তাক্ত হন সমীর মিয়া। তার পরিবারের লোকজন সমীর মিয়াকে উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে আসে চিকিৎসার জন্য। সমীর মিয়া জানান এই বিষয় নিয়ে সুমন মিয়ার বিরুদ্ধে থানায় একটি মামলা দায়ের করবেন।

## খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরীর অবস্থা স্থিতিশীল, হাসপাতালে গিয়ে দেখলেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** মঙ্গলবার সচিবালয়ে কাজ করার সময় আচমকাই অসুস্থতা বোধ করেন খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী। সাথে সাথে হাসপাতালে নিয়ে যাওয়া হয় মন্ত্রীকে। বর্তমানে তিনি আগরতলা শহরের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। জানা গিয়েছে, মন্ত্রী সুশান্ত চৌধুরীর রক্তচাপ বেড়ে গিয়েছিল এবং এসিড বেড়ে যায়।

খবর পেয়ে হাসপাতাল ছুটে যান মুখ্যমন্ত্রী প্রফেসার ডাক্তার মানিক সাহা। চিকিৎসকদের কাছ থেকে মন্ত্রীর শারীরিক অবস্থার খোঁজখবর নেন। মন্ত্রীর শারীরিক বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করেন কর্তব্যরত চিকিৎসক। খবর লেখা পর্যন্ত জানা গেছে বর্তমানে মন্ত্রীর শারীরিক অবস্থা স্থিতিশীল রয়েছে। দ্রুত আরোগ্য কামনা করেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা।

## যাত্রী বাস খাদে



মঙ্গলবার এক বাইসাইকেল আরোহীকে বাঁচাতে সাব্রুমে যাত্রীবাহী বাস খাদে পড়ে যায়।



আগরতলায় একটি বেসরকারী হাসপাতালে চিকিৎসাধীন মন্ত্রী সুশান্ত চৌধুরীকে দেখতে গেলেন মুখ্যমন্ত্রী প্রফেসার ডাঃ মানিক সাহা।

## রাজ্যে রেগায় ২.৫ কোটি শ্রমদিবস অনুমোদন কেন্দ্রের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** রেগা প্রকল্পে ত্রিপুরার জন্য লেবার বাজেটে ২.৫ কোটি শ্রম দিবসের অনুমোদন দিয়েছে কেন্দ্রীয়।

জানা গেছে, ২০২৩-২৪ অর্থবছরে এমজিএন রেগা প্রকল্পে ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক ত্রিপুরার লেবার বাজেটে ২.৫ কোটি শ্রম দিবসের অনুমোদন দিয়েছে। এর জন্য এই অর্থ বছরে লেবার বাজেটে ব্যয় হবে মোট ৯৩৬ কোটি টাকা।

ত্রিপুরায় এমজিএন রেগা প্রকল্পের লেবার বাজেটে কেন্দ্রীয় সরকারের এই পরিমান অর্থরাশি অনুমোদনের জন্য মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী গিরিরাজ সিংকে রাজ্যবাসীর পক্ষ থেকে অভিনন্দন জানিয়েছেন।

## পরকিয়ার জেরে বিয়ের চৌদ্দ বছর পর পালিয়ে গেল গৃহবধূ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** বিয়ের চৌদ্দ বছর পর নিজের স্ত্রী পরপুরুষের সঙ্গে পালিয়ে যায়। সঙ্গে নগদ অর্থ ও স্বর্ণালংকার নিয়ে যায় গৃহবধূ। অবশেষে থানার দারস্থ স্বামী। ঘটনা উত্তর ত্রিপুরা জেলার কদমতলা থানাধীন দক্ষিণ কদমতলা গ্রামের জালাইবাড়ি ৫নং ওয়ার্ড এলাকায়।

এখন থেকে প্রায় পাঁচ বছর পূর্বে এলাকারই গরু ব্যবসায়ী ফারুক উদ্দিনের (কুটি মিঞা)সঙ্গে গৃহবধুর স্বামী খলিল উদ্দিন গরু কেনাবেচার ব্যবসা করতো। এভাবে বছর দিন চলতে থাকায় তার ব্যবসায়ী বন্ধু ফারুক তার বাড়িতে প্রায়ই আসা যাওয়া করতো। এভাবে তার স্ত্রী ছালিমা বেগমের সঙ্গে শারীরিক সম্পর্ক গড়ে তুলে। তারপর সেখান থেকে সে অন্যত্র ছালিমাকে সরিয়ে নেয়। এমনকি ☞ ৬ এর পাতায় দেখুন

## বৃষ্টির ছোঁয়া মিলতেই কৃষকদের মুখে হাসি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** সামান্য বৃষ্টিতে কৃষকদের মুখে ফুটলো হাসি। তেলিয়ামুড়ার বাইঘড়িয়া কৃষি প্রধান এলাকায় বৃষ্টির ছোঁয়া মিলতেই ফসল বেশ যুক্তি যুক্তি দিচ্ছে। বসন্তের হালকা বৃষ্টির ছোঁয়া পেয়ে কৃষিজ জমি একেবারে ফুড়ফুড়ে হয়ে উঠেছে। কোনো কোনো কৃষক বৃষ্টির জল পাওয়ার আগেই বসন্তকালের সবজি হিসেবে কারকল সহ অন্যান্য কৃষিজ ফসলের বীজ বপন করেছিলেন। আর সেই বৃষ্টির জল পেয়েই কারকল গাছ সতেজ হয়ে উঠলো। তবে সবচেয়ে বড় কথা হল প্রকৃতির ছোঁয়া ছাড়া কোনো কিছুই সম্ভব না।

এমনই এক দৃশ্য প্রত্যক্ষ করা গেল তেলিয়ামুড়ার বাইঘড়িয়া কৃষি প্রধান এলাকায়। এই এলাকায় গিয়ে প্রত্যক্ষ করা গেল এক রমণী নিজেও কৃষিজ ক্ষেত থেকে বেগুন গাছ উপড়ে ☞ ৬ এর পাতায় দেখুন

## রাজধানী আগরতলায় বাড়ছে চুরি, পুলিশের ভূমিকায় অসন্তোষ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** পূর্ব থানার অন্তর্গত মধ্য ডুকলী ঘোষপাড়া কালীমন্দিরের শাটার এবং দরজা ভেঙ্গে স্বর্ণ অলংকার সহ প্রণামী বাক্সের টাকা পয়সা নিয়ে গেছে চোরের দল।রাজধানী আগরতলা শহর এলাকায় ১৮ জন চোর ছিনতাইকারীকে আটক করার ২৪ ঘন্টার মধ্যেই পুলিশকে রীতিমতো চ্যালেঞ্জ জানিয়ে পূর্ব থানা এলাকার ঘোষপাড়া কালীমন্দিরে শাটার ও দরজা ভেঙ্গে স্বর্ণালংকার এবং প্রণামী বাক্সের টাকা পয়সা চুরি করে নিয়ে গেছে চোরের দল।

ঘটনাকে কেন্দ্র করে এলাকার জনগণের তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। ঘটনার বিবরণ দিয়ে স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন এক মহিলা প্রতিদিন সকালবেলা কালীমন্দিরে ফুল দিয়ে যান এবং মন্দির পার্শবর্তী এলাকা ঝাড়ু দিয়ে পরিষ্কার করেন। অন্যান্য দিদির মত আজ সকালে মন্দিরে ফুল দিতে এসে তিনি লক্ষ্য করেন মন্দিরের শাটার ও দরজা ভাঙ্গা। সঙ্গে সঙ্গে তিনি এলাকার লোকজনদের খবর দেন। খবর পেয়ে স্থানীয় ধর্মপ্রাণ মানুষজন ছুটে আসেন। খবর দেওয়া হয় পুলিশকে। জানা গেছে এ নিয়ে তিনবার এই মন্দিরে চুরির ঘটনা ঘটেছে। মন্দিরে পরপর এ ধরনের চুরির ঘটনাকে কেন্দ্র করে এলাকার ধর্মপ্রাণ মানুষের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। ঘটনায় জড়িত চক্রটিকে গ্রেপ্তার এবং কঠোর শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন এলাকাবাসী। এদিকে ,গতকাল রাতে এডি নগর থানার পুলিশ এক চোরকে আটক করে।

আটক চোরকে জিজ্ঞাসাবাদ করার পর মঙ্গলবার মহারাজগঞ্জ বাজার এলাকায় অভিযান চালিয়ে চুরির সামগ্রী সহ একজনকে আটক করেছে পুলিশ। জানা যায় চুরি যাওয়া ঠাকুরের মূর্তি এবং তামাকাশা ওই দোকানে বিক্রি করেছিল চোর। আটক চোরের স্বীকারোক্তি মলেই পুলিশ মহারাজগঞ্জ বাজারের ওই দোকানে হানা দিয়ে বেশ কিছু সামগ্রী উদ্ধার করে এবং দোকান থেকে এক ☞ ৬ এর পাতায় দেখুন

## চড়িলামে কৃষকের ফসল নষ্ট করল দুর্বৃত্তরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** চড়িলাম পরিমল চৌমুহনি এলাকায় কৃষকের বিভিন্ন কৃষি ফসল নষ্ট করে দিল দুষ্কৃতিকারীরা। ঘটনাকে কেন্দ্র করে এলাকার জনগণের তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। চড়িলামের পরিমল চৌমুহনি এলাকায় এক কৃষকের সব্জি ক্ষেত ধ্বংস করে দিল দুষ্কৃতিকারীরা। সোমবার রাতে এই ঘটনা সংঘটিত হয়। ঘটনা প্রত্যক্ষ করে কান্নায় ভেঙে পড়েন কৃষকের পরিবার।

জানা যায়, চড়িলাম পরিমল চৌমুহনী এলাকায় কৃষক গৌতম দেবনাথ ও তার সহধর্মিনী রিঙ্কু দেবনাথ অনেক টাকা খরচা করে কৃষি জমিতে বিভিন্ন সব্জি ফসল লাগিয়েছিলেন। কিন্তু সোমবার রাতে দুষ্কৃতিকারীরা উনার কৃষি জমিতে লাগানো সমস্ত সব্জি গাছ মাটি থেকে উগড়ে ফেলে দেয়।পাশাপাশি অনেক সব্জি গাছ গোড়ায় কেটে দিয়ে ধ্বংস করে দেয়। মঙ্গলবার সকাল ৮ টায় কৃষি জমিতে জল দিতে এসে এমন অবস্থা দেখতে পেয়ে কান্নায় ভেঙে পড়েন কৃষক গৌতম দেবনাথ সহ উনার ☞ ৬ এর পাতায় দেখুন

# উত্তর জেলায় পৃথক স্থানে বিস্তর পরিমান নেশা সামগ্রী উদ্ধার, গ্রেপ্তার চালকসহ চার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** পৃথক দুই স্থানে নেশা বিরোধী অভিযানে সাফল্য পেয়েছে চুড়াইবাড়ি ও ধর্মনগর থানার পুলিশ। গোপন সূত্রের ভিত্তিতে গাড়িতে তল্লাশি চালিয়ে ৩০৫ কেজি শুকনো গাঁজা সহ গাড়ির চালককে আটক করা সম্ভব হয়েছে বলে জানিয়েছেন মহকুমা পুলিশ আধিকারিক দেবাশীষ সাহা।উদ্ধারকৃত শুকনো গাঁজার বাজার মূল্য আনুমানিক ৩৫ লক্ষাধিক টাকা হবে বলে জানিয়েছেন তিনি। অন্যদিকে , তিন গাঁজা পাচারকারীকে আটক করে ত্রিশ কেজি গাঁজা উদ্ধার করতে সক্ষম হয়েছে ধর্মনগর থানার পুলিশ।



দেবাশীষ সাহা জানিয়েছেন, গোপন সংবাদে তাঁদের কাছে খবর আসে এ এস ০১ ডি ডি ৫৬৩৬ নম্বরের গাড়ি করে প্রচুর পরিমান গাঁজা পাচার করা হবে।ওই খবরের ভিত্তিতে চুড়াইবাড়ি থানার পুলিশ মঙ্গলবার দুপুর ১১টা নাগাদ আসাম আগরতলা জাতীয় সড়কে নাকা চেকিং এ বসে। গাড়িটি আসা মাত্র আটক করে তাতে তল্লাশি চালানো হয়েছিল। গাড়িতে তল্লাশি চালিয়ে ৩৫ প্যাকেট অর্থাৎ ৩০৫ কেজি শুকনো গাঁজা উদ্ধার করা সম্ভব হয়েছে। গাঁজা গুলি লরির গোপন চেম্বারে করে আগরতলা থেকে গুহাটির পাচারের উদ্দেশ্যে রওনা দিয়েছিল বলে জানিয়েছেন তিনি।

সাথে তিনি আরও জানিয়েছেন, অসমের ডুবরী জেলার জগড়া পাড়ার বাসিন্দা মফিজুল হক (২৬)নামে গাড়ির চালককে আটক করে চুড়াইবাড়ি থানায় নিয়ে যাওয়া হয়েছে। উদ্ধারকৃত গাঁজার বাজার মূল্য আনুমানিক ৩৫ লক্ষাধিক টাকা হবে বলে জানিয়েছেন মহকুমা পুলিশ আধিকারিক। চুড়াইবাড়ি থানার পুলিশ তাঁর বিরুদ্ধে সুনির্দির্ষ মামলা রুজ্জ করে তদন্তে নেমেছে বলে জানিয়েছেন তিনি। এদিকে, গোপন সংবাদের ভিত্তিতে একই দিনে সকাল ১১ টা নাগাদ দুর্গাপুর রেল স্টেশন গেট সংলগ্ন রাস্তা থেকে ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ
আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ১৬০ ▫২২ মার্চ ২০২৩ইং ▫ ৭ চৈত্র ▫ বুধবার ▫১৪২৯ বঙ্গাব্দ

## রাজনীতিতে রিমোট কন্টোল

দেশের রাজনীতিতে রিমোট কন্টোল তরজা ক্রমশ উর্ধগামী হইতেছে। শাসক ও বিরোধী পক্ষের মধ্যে এই তরজা আরো চরম আকার ধারণ করিবার সম্ভাবনা প্রবল হইয়া উঠিতেছে। ইতিমধ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আক্রমণের জবাব দিলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। কংগ্রেসের রিমোট কন্টোল কাহার হাতে প্রশ্ন করিয়া মল্লিকার্জুন খাড়গেকে নিশানা করিয়াছিলেন প্রধানমন্ত্রী। তাহার জবাব দিতে গিয়া কংগ্রেস সভাপতি প্রশ্ন করিয়াছেন বিজেপি সভাপতি জেপি নাড্ডার রিমোট কন্টোল কাহার হাতে।প্রধানমন্ত্রী মোদী কর্নাটকের বেলাগাভি সফরে গিয়া বলিয়াছিলেন, খাড়গে কংগ্রেস সভাপতি হইলেও রিমোট কন্টোল রহিয়াছে অন্য কাহারও হাতে। এর উত্তর দিতে গিয়া সেই বেলাগাভিতেই খাড়গে বলিয়াছেন, ঠিক আছে তাঁহার রিমোট কন্টোল অন্য কাহারও হাতে রহিয়াছে। কিন্তু বিজেপি সভাপতি জেপি নাড্ডার রিমোট কন্টোল কাহার হাতে রহিয়াছে, প্রশ্ন করিয়াছেন খাড়গে।সত্য কথা বলিবার জন্য দলের নেতা রাহুল গান্ধীকে মোদীর নেতৃত্বাধীন বিজেপি সরকার অসুবিধার মধ্যে ফেলিয়াছে বলিয়া অভিযোগ করে কংগ্রেস সভাপতি বলিয়াছেন, তাহারা যে কোন বিষয়ের জন্য তৈরি আছেন। ইডি-সিবিআইকে ভয় করেন না বলিয়াও জানান খাড়গে। দলের যুব ক্রান্তি সমাবেশে খাড়গে বলেন, বিজেপির দুর্বল জায়গাগুলো নিয়া কংগ্রেস বলিবে। বিজেপির সাহসের অভাব রহিয়াছে বলিয়াও কটাক্ষ করিয়াছেন তিনি।এই সমাবেশে কংগ্রেস নেতা রাহুল গান্ধী ছাড়াও উপস্থিত ছিলেন কংগ্রেসের সাধারণ সম্পাদক কেসি বেনুগোপাল, রণদীপ সুরজেওয়ালা, রাজ্য কংগ্রেস সভাপতি ডিকে শিবকুমার, বিধানসভায় বিরোধী দলনেতা সিদ্দারামাইয়ার মতো আরও অনেকে।প্রসঙ্গত ২৭ ফেব্রুয়ারি বেলাগাভিকে সভা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেখানে তিনি বলিয়াছিলেন, খাড়গের বয়স হওয়া সত্ত্বেও একটি পরিবার তাঁহাকে অসম্মান ও অপমান করিয়াছে। তিনি আরও বলিয়াছিলেন খাড়গে শুধুমাত্র সভাপতি। সব কিছু দেখিয়াই বোঝা যায় এর রিমোট কন্টোল ঠিক কাহার হাতে রহিয়াছে।কংগ্রেস সভাপতি প্রধানমন্ত্রীকে নিশানা করিয়া অভিযোগ করিয়াছেন, সত্যি কথা বলিতে দেওয়া হইতেছে না। তিনি বলিয়াছেন, রাহুল গান্ধী লোকসভায় আদানি-হিন্ডেনবার্গ ইস্যুতে প্রশ্ন করিলেও, তাহা লোকসভার রেকর্ড থেকে বাদ দেওয়া হইয়াছে। তাঁহার বক্তব্য রাজ্যসভার রেকর্ড থেকে সরানো হইয়াছে বলিয়াও জানান তিনি।খাড়গে প্রশ্ন করেন, দেশে গণতন্ত্র ঠিকভাবে চলিতেছে না বলাটা কি ভুল? দেশে এখনও জাতপাত রহিয়াছে, তাহাও কি বলা যাইবে না ?সামনেই কর্নাটক বিধানসভার নির্বাচন। সেই নির্বাচনে দলের নেতা ও কর্মীদের কাছে ঐক্যবদ্ধ লড়াইয়ের আহ্বান জানাইয়াছেন খাড়গে। রাজ্য কংগ্রেসের তরফে ইতিমধ্যে একাধিক নির্বাচনী প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে। প্রতিটি পরিবারকে বিনামূল্যে ২০০ ইউনিট বিদ্যুৎ, পরিবারের মহিলা প্রধানকে ২০০০ টাকা করিয়া মাসিক সহায়তা এবং বিপিএল পরিবারভুক্ত প্রত্যেক সদস্যরা ১০ কেজি করিয়া বিনামূল্যে খাদ্যশস্য দেওয়ার কথা বলা হইয়াছে। রাজনীতিতে বিভিন্ন বিষয় নিয়ে তরজা উর্ধমুখী হওয়ায় সাধারণ মানুষ রীতিমতো বিভ্রান্তিতে পড়িয়াছেন।

# পুণ্য আবির্ভাব জীবনবন্ধু ব্রহ্মচারী

।। শান্তি কুমার দেবনাথ।।

*"গুরু ব্রহ্মা গুরু বিষ্ণু গুরুদেব মহেশ্বর।*
*গুরুরেব পরম ব্রহ্ম তস্মৈ শ্রীগুরুবে নমঃ।।"*
*"কৃষ্ণ রুষ্ট হলে গুরু রাখিবারে পারে।*
*গুরু রুষ্ট হলে কৃষ্ণ রখিবারে নারে।।"*

গুরুর প্রতি অকৃত্রিম ভক্তিই কৃষ্ণভক্তি অর্জনের একমাত্র উপায়। জগৎগুরুকে জানার ও জগৎগুরুর প্রতি অগাধ ভক্তি উপস্থাপন গুরুর মাধ্যমেই হয়। যিনি ভক্তের মন হতে তমসা দূর করে আলোকে উত্তরণ করেন, ভক্তের সুকোমল হৃদয় কর্ষণের মাধ্যমে উপযুক্ত বীজ বপন করে নামে নেশা ও কৃষ্ণ ভক্তিকে যথাস্থানে সংস্থাপন করেন তিনিই গুরু। ভক্তের ভগবান সম্বন্ধীয় একটা অতৃপ্ত আকাঙ্খা গুরুর বচনেই নিবারিত হয়। এক্ষেত্রে গুরুই তার একমাত্র পথদ্রষ্ঠা। নামের গুনে অকৃত্রিম প্রেমজাগরণের মধ্য দিয়ে সংকীর্ণতা বর্জন করে বৃহৎ আদর্শে অনুপ্রাণিত হয়ে বিশ্বচিন্তা জাগরণ এবং গুরুর প্রদর্শিত পথকে ও গুরুর বাক্যকে পরম্পরা বিশ্বাস করাই শিষ্যের একান্ত কর্তব্য। গুরুহীন ভক্তের চিন্তা চেতনা যেমন এলোমেলে একস্থানে সীমাবদ্ধ থাকে না। লক্ষ্যভ্রষ্ট হয়। আর যারা কৃপাপ্রাপ্ত তাদের অন্য কোন পথই পরীক্ষা করার প্রয়োজন নাই। গুরুর পরীক্ষিত পথই তাদের একমাত্র পথ। এমনি প্রভুজগদ্বন্ধুতে নিবেদিত প্রাণ বৈষ্ণবাচার্য মহানামব্রত ব্রহ্মচারীজীর শিষ্যত্ব গ্রহণ করে গুরু জীবনবন্ধু ব্রহ্মচারী সংসার ত্যাগ করে নিস্কাম সাধনায় ব্রতী হন। ছাত্র জীবন থেকেই তিনি জগদ্বন্ধুতে আকৃষ্ট হন এবং মহানামব্রত ব্রহ্মচারীর সাহচার্যে আসার ইচ্ছা জাগে। বিশ্ববন্দিত পন্ডিতের মুখনিঃসৃত মধুর ভাষণ ও জ্ঞানগর্ভ আলোচনা লোকমুখে আলোচিত হলে তাঁকে দেখার জন্য গুরুদেবের একান্ত বাসনা জাগে। মহাবিদ্যালয়ে পাঠরত অবস্থায় মহানামব্রত ব্রহ্মচারীর ত্রিপুরায় আগমনকালে তাঁর কাছ থেকে দীক্ষা নেয়ার ইচ্ছা প্রকাশ করেন। মহানামব্রতের অন্যতম শিষ্য ও সহকারী ঁরাজকুমা দেবনাথ মহাশয় কর্তৃক মহানামব্রত ও গুরুদেব শ্রীমৎ জীবনবন্ধি ব্রহ্মচারী মহোদয়ের মহামিলন হয়। ঁরাজকুমার দেবনাথ মহাশয়ের বাসভবনে অনেকজন ব্রহ্মচারীর মধ্যে একজন ধর্মপ্রাণ মহানামব্রত ব্রহ্মচারীজীকে চিনে নিতে বলা হলে- কোনজন ধর্মপ্রাণ মহানামব্রত তা চিনতে গুরুদেবের এতটুকু বিলম্ব হয়নি। এরই মধ্যে গুরুদেবের সহিত পরমগুরুদেবের দৃষ্টি বিনিময় হয় ও তাঁর ঈশ্বর জিজ্ঞাসু ভাব মহানামব্রতের কাছে ফুটে উঠে এবং দীক্ষা দান করেন।

সেকালে কলেজগুলিতে প্রায়ই গন্ডগোল থাকত তাই কলেজ পড়ুয়াদের ঘর ভাড়া নেয়া কঠিন ছিল। ঁরাজকুমার দেবনাথ মহোদয় বনমালীপুরের স্থায়ী বাসিন্দা হওয়ায় ঘর ভাড়া নেয়া কঠিন হয়নি। ঁরাজকুমার বাবু বলেই রেখেছেন সব শিক্ষার্থীর চিন্তা চেতনা এক নয়। আমি যাকে জায়গা দেব তার দায়িত্ব আমার।

অল্প কয়েকদিনের মধ্যে স্থানীয়দের মধ্যে পাঠ ও অন্যান্য আলোচনায় প্রভাব ফেলেন এবং ধর্মপিপাষু ব্যক্তিবর্গের দৃষ্টি আকৃষ্ট হন। পাঠ ও ধর্মালোচনায় মুখরিত হয় তাঁর বাসস্থান পড়ন্ত বেলায় অনেক ধর্মপ্রাণ মহিলারাও পাঠ শোনার জন্যে ব্যাকুল আগ্রহে সমাগত হয় ধর্মালোচনায় অংশগ্রহণ করতেন।

কিন্তু, এস্থানে থাকাটা উনার বেশীদিন স্থায়ী হয়নি। গুরুধামে যাওয়ার একান্ত ইচ্ছা জাগাতে আগরতলার বনমালীপুরস্থিত বাসস্থান ত্যাগ করেন এবং অগ্রজের উদ্দেশ্যে সংসার ত্যাগের ইচ্ছা প্রকাশ করে একখানা পত্র বিছানার নিচে রেখে দিয়ে এবং মুখে ঁরাজকুমার দেবনাথ মহোদয়ের কাছে গুরুধামে যাওয়া ও ভোগের রাজ্য ত্যাগ করার কথা ব্যক্ত করে চলে যান।

দীর্ঘ বিশ/পঁচিশ বছর গুরুমহারাজের অজ্ঞাতবাহক ও সহকারী হয়ে গুরুধাম ও অন্যান্য আশ্রমে কাটান। অবশেষে মহানামব্রতের উত্তরাধিকারী দীক্ষাদাতা গুরু হিসাবে ত্রিপুরায় আসেন। কিছুদিন মহানাম অঙ্গনে অবস্থান করার পর অন্যত্র একটা নতুন আশ্রম গঠনের ইচ্ছা জাগে এবং বর্তমান পুরাতন আগরতলার জগবন্ধু মহামিলন মঠের স্থানটি দেখে যান কিন্তু অর্থাভাবে স্থানটি সংগ্রহ করা সম্ভব হয়নি। কিন্তু, প্রভুর অপর করুণায় স্বপ্নাধিষ্ট হয়ে এই এলাকার স্থানীয় বাসিন্দা ধর্মপ্রাণ ঁশচীন্দ্র নারায়াণ ভৌমিক মহাশয় বিনামূল্যে আশ্রমস্থানটি দানের ইচ্ছা প্রকাশ করেন এবং গুরুদেবের করকমলে দানপত্র তুলে দেন।

তারপর গুরুদেব কতিপয় শিষ্যের সহায়তায় ও নিজের ঐকান্তিক চেষ্টা একটি কুঠীর নির্মাণ করে প্রভুর সেবার কাজ আরম্ভ করেন এবং সকলের সহায়তায় আশ্রমটিকে পূর্ণাঙ্গ রূপ দিতে চেষ্টা চালিয়া যান আস্তে আস্তে প্রভুর কৃপায় আশ্রমটি দর্শনীয় স্থানে **৬এর পাতায় দেখুন।।**

# এক অজানা কাহিনী শ্রীরামকৃষ্ণ দেবের

মৃত্যু সম্পর্কে যখন নচিকেতা যমরাজকে প্রশ্ন করেছিলেন যে, আমি জানতে চাই জীবনের পরপারে কী আছে? তখন তিনি বলেছিলেন, "নচিকেতা, তুমি আমার কাছে যা কিছু জানতে চাও, আমি সব তোমাকে বলব। কিন্তু সেই অদৃশ্যলোকে, মানুষ যেখানে গমন করে - সেই লোকের কথা তুমি আমার কাছে জানতে চেয়ো না।

তোমাকে আমি পৃথিবীর সমস্ত ঐশ্বর্য দান করে দিচ্ছি, যত ভোগের উপকরণ আছে, সব তোমাকে দিয়ে দিচ্ছি। অজস্র অশ্ব দিচ্ছি, সুন্দরী রমণী দিচ্ছি, প্রচুর অর্থ দিচ্ছি, রাজসিংহাসন দিচ্ছি - কিন্তু তুমি আমাকে মৃত্যু সম্বন্ধে, জীবনের ওপারে মৃত্যুর সেই অন্ধকার-লোকে কী আছে, সে সম্বন্ধে কোনও প্রশ্ন কোরো না।"

এই কথোপকথনের মধ্য দিয়ে যে সত্যটি আবিষ্কার করা গিয়েছিল, সেটি হচ্ছে - আমরা যে আত্মার বিশ্বাস করি, সেই আত্মার জন্মও নেই, মৃত্যুও নেই। একথা মুখে বলা খুবই সহজ, অভ্যাস করা খুব কঠিন। সেজন্য ভগবান শ্রীরামকৃষ্ণ বলছেন যে, তোমরা মৃত্যু-সচেতন হও। কেন মৃত্যু-সচেতন হতে বলছেন তিনি? এইজন্যই বলেছেন যে মানুষ বড় জীবনকে অঁকড়ে থাকতে ভালোবাসে। যে যে অবস্থায় থাকুক না কেন, ধনী



হোক, দরিদ্র হোক, পথের পাশে পড়ে থাকা কোনও ভিখারী হোক - সে কিন্তু চায় বাঁচতে। কিন্তু বাঁচা শব্দটার অর্থ আমরা কেউই জানি না। বাঁচা মানে আমরা যেটুকু ব্যাখ্যা করি বা বুঝি, সেটুকু হচ্ছে একটা অভ্যাসের চাকায় আবর্তিত হওয়া। রোজ সকাল আসবে, রাত্রি আসবে - আবার সকাল আসবে, আবার রাত্রি আসবে - এবং আমরা একটু একটু করে মৃত্যুর দিকে এগিয়ে যাব। মৃত্যুর দিকে মানে কী? অস্তিত্ব থেকে অনস্তিত্বের দিকে এগিয়ে যাওয়া - অর্থাৎ আমি যে আমিটাকে আঁকড়ে ধরে আছি; এই আমির পরিচয় - আমি যে নাম বলি, আমার যে ঠিকানা বা জীবিকা বা পেশা ইত্যাদি যেমন বস্তু দিয়ে এই আমিটি গঠিত হয়েছে। সেই আমিটি আমি হারিয়ে ফেলব একদিন। এবং সেটাই আমার কাছে সবচেয়ে বড় আতঙ্ক।

অনিত্য বস্তু মানে কী? আমার আমার ছিল - এই ছিল, সেই ছিল, বাড়ি ছিল, গাড়ি ছিল, অমুক ছিল, তমুক ছিল। এই আমার, আমার - এই বস্তুগুলোকে ছেড়ে চলে যেতে আমাদের বড় বেদনা হয়। সেইজন্য ঠাকুর বলছেন এটি হচ্ছে বাপু তোমার কাঁচা আমি - যে আমি বলে যে এই পৃথিবীতে আমার যে সমস্ত বস্তু চিহ্নিত হয়ে আছে, সেগুলি আমার এবং এতে কারোর অধিকার নেই। ভগবান শ্রীরামকৃষ্ণ বলছেন, এটা তোমার কাঁচা আমি।

তার কারণ, এর কোনোটিই তোমার নয়। তুমি যে মুহূর্তে চোখ বুজবে - কোথায় তোমার বাড়ি, কোথায় তোমার গাড়ি, কোথায় তোমার ঘর? কোথায় তোমার স্ত্রী - পুত্র - পরিবার? কিছুই নেই। যদি জীবনের প্রথম স্তরেই আমরা এই ধারণাটি করে নিতে পারি যে এই পৃথিবীতে যা কিছু আমি আমার বলে আঁকড়ে ধরার চেষ্টা করছি, সেগুলোর কোনোটিই আমি সঙ্গে নিয়ে যেতে পারব না; অতএব, এগুলোর সবই হচ্ছে অনিত্য বস্তু।

অনিত্য বস্তু মানে কী? আমার অনস্তিত্বের সঙ্গে সঙ্গে যেগুলোর আর কোনও অস্তিত্ব থাকবে না। সেই বস্তুগুলোকে ভগবান শ্রীরামকৃষ্ণ বলছেন, অনিত্য বস্তু। আর কোন বস্তুটি নিত্য? যে বস্তুটি আমি চলে যাবার পর থাকবে, যে বস্তুটিতে গিয়ে আমি হাজির হব; সেই বস্তুটি নিত্য। তিনি কে? সেই নিত্যবস্তুটি বলছেন, তিনি ঈশ্বর। কেন ঈশ্বর? কেমন ঈশ্বর?

বললেন, তাঁকে তুমি রূপে কল্পনা করো। তাঁর অনেক রূপ আছে। তুমি যদি জ্ঞান দিয়ে তাঁকে ধরতে চাও, তাহলে তিনি জ্ঞানী। তিনি কখনও সাকার, কখনও নিরাকার। এবং এই ঈশ্বরকে তুমি যে আখ্যায়ই ভূষিত করো না কেন, তিনি ঠিক সেই রূপেই তোমার সামনে হাজির হবেন। তোমার বিশ্বাসে ঠিক সেই ভাবেই ধরা দেবেন।

এবং তুমি যদি নাস্তিকও হও, সেই নাস্তিককেও তিনি বলছেন ঘোরতর আস্তিক। তার কারণ, তিনি একটা জিনিসকে ফেলে দিতে চাইছেন - সেটা হচ্ছে আমি ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস করি না। অতএব আমার সংগ্রাম তাঁর সঙ্গে।

# হিন্দুধর্মের অন্যতম তীর্থক্ষেত্র হরিদ্বার

ভারতের অন্যতম পবিত্র স্থান হরিদ্বার। হিন্দুদের কাছে পবিত্রভূমি হরিদ্বার। কিংবদন্তি অনুযায়ী, এখানেই দেবী গঙ্গা ভগবান শিবের চুল থেকে মুক্তি পেয়ে পৃথিবীতে নেমেছিলেন। গঙ্গোত্রী হিমবাহের প্রান্তে গোমুখ থেকে উতন্ন হয়ে, উত থেকে ২৫৩ কিলোমিটার চলে, হরিদ্বারে প্রথমবারের জন্য সিন্ধু-গাঙ্গেয় সমভূমিতে প্রবেশ করে।

সেখান থেকেই এই শহরটির প্রাচীন নাম হয়েছে গঙ্গাদ্বার।

হরিদ্বার বা হরদ্বারকে হিন্দু ধর্মাবলম্বীদের কাছে সপ্তপুরী নামে পরিচিত সাতটি পবিত্রতম স্থানের একটি হিসাবে বিবেচনা করা হয়। সমুদ্রমন্থন অনুসারে, উজ্জয়িনী, নাশিক এবং প্রয়াগরাজ (এলাহাবাদ)-সহ হরিদ্বার এমন চারটি স্থানের মধ্যে একটি যেখানে অমৃতের বিন্দু, (যা অমরত্ব প্রদান করে) পড়েছিল।

পুরান বর্ণিত কিংবদন্তি আছে যে মহাজাগতিক পাখি গরুড় অমৃতের কলস বহন করার সময় দুর্ঘটনাক্রমে অমৃত ছড়িয়ে পড়েছিল। এটি কুম্ভমেলায় অভিব্যক্ত হয়েছে, যা প্রতি ১২ বছরে একবার হরিদ্বারে পালিত হয়। হরিদ্বার কুম্ভ মেলা চলাকালীন, লক্ষ লক্ষ তীর্থযাত্রী, ভক্ত এবং পর্যটকরা মোক্ষ অর্জনের জন্য এবং তাদের স্খালন করার জন্য গঙ্গা নদীর তীরে ধর্মীয় স্নান করতে হরিদ্বারে জমায়েত হয়। ব্রহ্ম কুণ্ড হচ্ছে সেই জায়গা, যেখানে অমৃত পড়েছিল। এটি হর কি পৌরিতে অবস্থিত (আক্ষরিক অর্থে, 'প্রভুর পদবিন্যাস') এবং হরিদ্বারের সবচেয়ে পবিত্র ঘাট হিসাবে বিবেচিত হয়। হরিদ্বার ভারতীয় সংস্কৃতি ও বিকাশের একটি বর্ণময় চিত্র উপস্থাপন করেছে। পবিত্র রচনায় এটি আলাদাভাবে কপিলস্থান, গঙ্গাদ্বার এবং মায়াপুরী নামে বলা হয়েছে। এ ছাড়াও এই অঞ্চলটি চারধাম (উত্তরাখণ্ড ভ্রমনের চারটি মূল স্থান যেমন, বদ্রীনাথ, কেদারনাথ, গঙ্গোত্রী এবং যমুনোত্রি) ভ্রমণের কেন্দ্রবিন্দুতে অবস্থিত।

পরবর্তীকালে শৈবরা (ভগবান শিবের অনুগামী) এবং বৈষ্ণবরা (ভগবান বিষ্ণুর ভক্তরা) এই স্থানটিকে যথাক্রমে হরদ্বার এবং হরিদ্বার বলে পৃথকভাবে ডাকে, কারণ হর হলেন শিব এবং হরি হলেন বিষ্ণু। এই স্থানের ধর্মীয় মহাত্মের জন্য পৃথিবীর বিভিন্ন প্রান্তের ভক্তরা এখানে দর্শন করতে আসেন। ভারতের অন্যতম পবিত্র স্থান হরিদ্বার। হিন্দুদের কাছে পবিত্রভূমি হরিদ্বার। কিংবদন্তি অনুযায়ী, এখানেই দেবী গঙ্গা ভগবান শিবের চুল থেকে মুক্তি পেয়ে পৃথিবীতে নেমেছিলেন। গঙ্গোত্রী হিমবাহের প্রান্তে গোমুখ থেকে উতন্ন হয়ে,



উত থেকে ২৫৩ কিলোমিটার চলে, হরিদ্বারে প্রথমবারের জন্য সিন্ধু-গাঙ্গেয় সমভূমিতে প্রবেশ করে। সেখান থেকেই এই শহরটির প্রাচীন নাম হয়েছে গঙ্গাদ্বার। হরিদ্বার বা হরদ্বারকে হিন্দু ধর্মাবলম্বীদের কাছে সপ্তপুরী নামে পরিচিত সাতটি পবিত্রতম স্থানের একটি হিসাবে বিবেচনা করা হয়। সমুদ্রমন্থন অনুসারে, উজ্জয়িনী, নাশিক এবং প্রয়াগরাজ (এলাহাবাদ)-সহ হরিদ্বার এমন চারটি স্থানের মধ্যে একটি যেখানে অমৃতের বিন্দু, (যা অমরত্ব প্রদান করে) পড়েছিল। পুরান বর্ণিত কিংবদন্তি আছে যে মহাজাগতিক পাখি গরুড় অমৃতের কলস বহন করার সময় দুর্ঘটনাক্রমে অমৃত ছড়িয়ে পড়েছিল। এটি কুম্ভমেলায় অভিব্যক্ত হয়েছে, যা প্রতি ১২ বছরে একবার হরিদ্বারে পালিত হয়। হরিদ্বার কুম্ভ মেলা চলাকালীন, লক্ষ লক্ষ তীর্থযাত্রী, ভক্ত এবং পর্যটকরা মোক্ষ অর্জনের জন্য এবং তাদের স্খালন করার জন্য গঙ্গা নদীর তীরে ধর্মীয় স্নান করতে হরিদ্বারে জমায়েত হয়। ব্রহ্ম কুণ্ড হচ্ছে সেই জায়গা, যেখানে অমৃত পড়েছিল। এটি হর কি পৌরিতে অবস্থিত (আক্ষরিক অর্থে, 'প্রভুর পদবিন্যাস') এবং হরিদ্বারের সবচেয়ে পবিত্র ঘাট হিসাবে বিবেচিত হয়। হরিদ্বার ভারতীয় সংস্কৃতি ও বিকাশের একটি বর্ণময় চিত্র উপস্থাপন করেছে। পবিত্র রচনায় এটি আলাদাভাবে কপিলস্থান, গঙ্গাদ্বার এবং মায়াপুরী নামে বলা হয়েছে। এ ছাড়াও এই অঞ্চলটি চারধাম (উত্তরাখণ্ড ভ্রমনের চারটি মূল স্থান যেমন, বদ্রীনাথ, কেদারনাথ, গঙ্গোত্রী এবং যমুনোত্রি) ভ্রমণের কেন্দ্রবিন্দুতে অবস্থিত। পরবর্তীকালে শৈবরা (ভগবান শিবের অনুগামী) এবং বৈষ্ণবরা (ভগবান বিষ্ণুর ভক্তরা) এই স্থানটিকে যথাক্রমে হরদ্বার এবং হরিদ্বার বলে পৃথকভাবে ডাকে, কারণ হর হলেন শিব এবং হরি হলেন বিষ্ণু। এই স্থানের ধর্মীয় মহাত্মের জন্য পৃথিবীর বিভিন্ন প্রান্তের ভক্তরা এখানে দর্শন করতে আসেন।

# কাশ্মীর সমস্যার 'ভিলেন' কি নেহরুই ?

**বিশ্বদীপ দে।।** কাশ্মীর স্বাধীনতার আমল থেকে এই নামটি উচ্চারিত হওয়া মানেই যেন বিতর্কের মেঘ ঘনিয়ে আসা। ২০১৯ সালের আগস্টের পর ৩৭০ ধারার অবলুপ্তির পর সেই ইতিহাস নিয়ে চর্চায় আরও গতি এসেছে স্বাভাবিক ভাবেই। রাষ্ট্রসংঘে পাকিস্তান বারবার চেষ্টা করে গিয়েছে এই ইস্যুতে ভারতকে চেপে ধরতে। কিন্তু তাদের সমস্ত অভিযোগ উড়িয়ে ভারত জানিয়ে দিয়েছে, কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অংশ। আর এই বিষয়ে নাক গলানোর ন্যূনতম অধিকারও নেই ইসলামাবাদের। সেই সঙ্গে নয়াদিল্লি জোরের সঙ্গে জানিয়েছে পাক অধিকৃত কাশ্মীরও ভারতেই অংশ। সব মিলিয়ে হালফিলে কাশ্মীর বিতর্ক নতুন করে আলোচনায় উঠে এসেছে বারবার।

আর আলোচনা একবার শুরু হলেই দেশের স্বাধীনতার সমসাময়িক সেই ইতিহাস নিয়ে চর্চা শুরু হয়ে যায়। কী করে সৃষ্টি হল কাশ্মীর সমস্যার? এর জন্য দায়ী কি ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু পাকিস্তানের দখল করে নেওয়া কাশ্মীরের ভূখণ্ড পুনরুদ্ধার করা যায়নি? এই সব প্রশ্ন ও তার নানা ধরনের উত্তর ঘুরে ফিরে আসতে থাকে। এই লেখায় আমরা সেই দিকগুলি একবার ফিরে দেখব। বুঝে নেওয়ার চেষ্টা করব সেই সময়ের ঘটনাবলি। খোঁজার চেষ্টা করব, সতিই কি নেহরুর জনই সৃষ্টি হয়েছিল ওই পরিস্থিতির?

ব্রিটিশরা যখন ঘোষণা করল তারা এদেশ ছেড়ে চলে যাবে, সেই সময় তৈরি হয়েছিল এক আশঙ্কাও! আসলে ভারতে দেশীয় রাজ্য ছিল ৫৬৫টি। তারা সেই অর্থে ব্রিটিশ ভারতের অন্তর্ভুক্ত ছিল না। এই ৫৬৫টি করদ রাজ্য তথা 'প্রিন্সলি স্টেট' প্রাক-স্বাধীনতা পর্বে ভারতবর্ষের ৪৮ শতাংশ অংশ জুড়ে ছিল। ইংরেজরা যখন ঘোষণা করে তারা ভারত ছেড়ে চলে যাবে, তখন এই প্রদেশগুলির সঙ্গে ব্রিটেনের যে চুক্তি তারও সমাপ্তি ঘোষিত হয়।

ফলে দেশীয় রাজ্যগুলির সুযোগ ছিল ভারত কিংবা পাকিস্তানের অন্তর্ভুক্ত না হয়ে স্বাধীন থেকে যাওয়ার।

আর এই প্রশ্নেই সংশয়াচ্ছন্ন ছিলেন কাশ্মীরের রাজা হরি সিং। কখনও বম্বের রেসকোর্স, কখনও কাশ্মীরের অরণ্যে শিকার খেলা এই নিয়েই মত্ত ছিলেন তিনি। তার ফাঁকেই জানিয়ে দিয়েছিলেন, তিনি স্বাধীনই থাকতে চান। তাঁর সঙ্গে ব্যক্তিগত সুসম্পর্ক ছিল ভারতের গভর্নর জেনারেল লর্ড মাউন্টব্যাটেনের। তিনি নিজে গিয়ে আলোচনা করতে চান হরি সিংয়ের সঙ্গে। প্রাথমিক কতাবার্তাও হয়। কিন্তু যেদিন স্রেফ দু'জনের মুখোমুখি আলোচনায় বসার কথা, সেদিন মহারাজা জানিয়ে দেন তাঁর পেটব্যথা। তিনি আলোচনা করবেন না। আসলে এভাবেই তিনি পাশ কাটিয়ে দিতে চেয়েছিলেন বিষয়টি। এর মধ্যেই এসে পড়ে ১৯৪৭ সালের ১৫ আগস্ট। দেশ স্বাধীন হওয়ার পরও কাশ্মীর নিয়ে তখনও মীমাংসা হয়নি। এদিকে পাকিস্তানের পাশতুন উপজাতি বাহিনী জম্মু ও কাশ্মীর করে বসে এরপরই। বাধ্যত মাউন্টব্যাটেনের দ্বারস্থ হন হরি সিং। এরপরই মাউন্টব্যাটেনের প্রস্তাব মেনে 'ইনস্ট্রুমেন্ট অফ অ্যাকসেশনে' স্বাক্ষর করেন তিনি। এর ফলে জম্মু ও কাশ্মীর ভারতের অংশ হয়ে যায়। এই পরিস্থিতিতে শুরু হয় ভারত-পাকিস্তান যুদ্ধ। এতদিন যে লড়াইয়ে পাশতুন বাহিনীর সঙ্গে লড়ছিল 'জম্মু অ্যান্ড কাশ্মীর স্টেট ফোর্সেস', এবার সেই লড়াইয়ে অংশ নিল ভারতীয় সেনা। ১৯৪৭ সালের ২২ অক্টোবর শুরু হয় যুদ্ধ। চলেছিল ১ বছর ২ মাস ২ সপ্তাহ সময়কাল ধরে। পরে ১৯৪৯ সালের ৫ জানুয়ারি যুদ্ধবিরতি স্বাক্ষরিত হয়। তবে তার আগে ১৯৪৮ সালেই যুদ্ধবিরতির বিষয়টি নিশ্চিত হয়ে যায়। যুদ্ধবিরতির পর নিয়ন্ত্রণরেখা তৈরি হয়ে যায়। কিন্তু জারি থেকে যায় বিতর্ক। পাক অধিকৃত কাশ্মীর আর পুনরুদ্ধার করা যায়নি। যা নিয়ে আজও প্রশ্ন ওঠে। কেন সেই সময় যুদ্ধবিরতি ঘোষণা করেছিলেন নেহরু?

মাত্র কয়েকদিন আগে, ৮ মার্চ ব্রিটিশ সংবাদপত্র 'গার্ডিয়ানে' প্রকাশিত এক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে কিছু গোপন নথির। যে সূত্রের কথা জানিয়ে ওই প্রতিবেদনে দাবি করা হয়েছে, নেহরু যে সেই সময় আচমকাই যুদ্ধবিরতির ঘোষণা করে দেন এর পিছনে ছিলেন তৎকালীন কমান্ডার-ইন- চিফ জেনারেল স্যার ফ্রান্সিস রবার্ট রয় বুচার। তিনি নেহরুকে জানিয়েছিলেন, যুদ্ধরত সেনা ক্লান্ত হয়ে পড়েছে। এই অবস্থায় আর 'অলআউট' যাওয়া সম্ভব নয়। তিনি জানিয়েছিলেন একদিকে জুনিয়র অফিসারদের যথাযথ প্রশিক্ষণের অভাব, ক্লান্তি। অন্যদিকে বাকি র্যাঙ্কের অফিসারদের মধ্যেও উদ্দীপনার ঘাটতি। এককথায় বলতে গেলে, এই মুহূর্তে বিশ্রাম প্রয়োজন সেনার।

তাঁর এই চিঠির উত্তরে নেহরু উদ্বেগ প্রকাশ করে জানিয়েছিলেন, পাকিস্তান যে কোনও সময় ভারতে বোমা ফেলতে পারে আকাশপথে। পাশাপাশি পাকিস্তান রাস্তাও তৈরি করছে কাশ্মীরের সীমান্তে। এই আশঙ্কার জবাবে জেনারেল বুচার লেখেন, 'আমার ভয়, এই পরিস্থিতিতে পাকিস্তানের এই রাস্তা নির্মাণ রুখতে সেনাকে ব্যবহার করা সমস্যার। আমি মনে করি, এই সমস্যার সমাধান রাজনৈতিক উপায়ে করা উচিত।' জেনারেল বুচারের এই যুক্তিই শেষ পর্যন্ত মেনে নেন জওহরলাল নেহরু। যুদ্ধবিরতিতে যাওয়ার সিদ্ধান্ত নেন তিনি। এরপর সেই বছরই 'স্পেশাল স্টেটাস' দেওয়া হয় জম্মু ও কাশ্মীরকে। ২০১৯ সালে সংবিধানের ৩৭০ ধারার অবলুপ্তির পর নতুন করে শুরু হয়েছে সেই বিতর্ক। মোদি সরকার কাঠগড়ায় তুলেছে নেহরুকেই। এই পরিস্থিতিতে গার্ডিয়ান প্রকাশিত নথি ঘিরে বিতর্ক নতুন মাত্রা পাচ্ছে বলাই বাহুল্য।

এর মধ্যেই জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিনহা জানিয়ে দিয়েছেন, "অখণ্ড ভারত এবার সতিই হবে। পাক অধিকৃত কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অংশ। সংসদে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে সেটা এবার পূরণ করা হবে। পাকিস্তান অধিকৃত জম্মু ও কাশ্মীরের অংশ বৈষ্ণো দেবী ও বাবা অমরনাথের আশীর্বাদধন্য হবে।" তাঁর এহেন হুঁশিয়ারি নতুন করে বুঝিয়ে দিচ্ছে দশকের পর দশক পেরিয়ে আজও কাশ্মীর এমন এক ইস্যু, যা জ্বলন্তই রয়ে গিয়েছে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# এই নিয়ে তৃতীয়বার, দিল্লি আবগারি মামলায় ফের ইডি-র মুখোমুখি কে কবিতা

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): দিল্লি আবগারি নীতি মামলায় আবারও এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-এর মখোমুখি হয়েছেন ভারত রাষ্ট্র সমিতির নেত্রী তথা তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাও-এর মেয়ে কে কবিতা। এই নিয়ে তৃতীয়বার ইডি-র মুখোমুখি হয়েছেন কে কবিতা। মঙ্গলবার সকালে বাড়ি থেকে বেরিয়ে সোজা ইডি-র দফতরে চলে যান বিআরএস এমএলসি কে কবিতা। অতীতে ব্যবহৃত সমস্ত মোবাইল ফোন এদিন ইডি-র কাছে জমা দিয়েছেন কে কবিতা।
প্রসঙ্গত, এর আগে সোমবার (২০ মার্চ) ১০ ঘন্টারও বেশি সময় ধরে কে কবিতাকে জিজ্ঞাসাবাদ করেছিল ইডি।
ইডি-কে লেখা একটি চিঠিতে কে কবিতা জানিয়েছেন, 'আপনাদের সামনে বারবার উপস্থিতির ধারাবাহিকতা ও অগ্রগতির জন্য এবং যথাযথ সহায়তা এবং সহযোগিতা প্রদান হিসেবে আমি অতীতে ব্যবহৃত সমস্ত ফোন জমা দিচ্ছি, যা আমি অতীতে ব্যবহার করেছিলাম।'
কে কবিতা আরও লিখেছেন, 'এই ফোনগুলি আমার অধিকার এবং কোনও রকম বিতর্ক ছাড়াই জমা দেওয়া হচ্ছে।'
উল্লেখ্য, ৪৪ বছর বয়সী কে কবিতাকে এর আগে গত ১১ মার্চ ও ২০ মার্চ জিজ্ঞাসাবাদ করেছিল ইডি, প্রথম দিন প্রায় ৯ ঘন্টা ইডি-র দফতরে ছিলেন তিনি। আর ২০ মার্চ, সোমবার ১০ ঘন্টারও বেশি সময় ধরে কে কবিতাকে জিজ্ঞাসাবাদ করেছিল ইডি। ১১ মার্চ জিজ্ঞাসাবাদের পর ১৬ মার্চ কে কবিতাকে পুনরায় ডাকা হয় ইডি-র পক্ষ থেকে। কিন্তু, ওই দিন তিনি ইডি-র দফতরে হাজিরা দেননি। এরপর দ্বিতীয় দফায় জিজ্ঞাসাবাদের জন্য ২০ মার্চ হাজিরা দিতে বলা হয়েছিল কে কবিতাকে। সেই মতো সোমবার ইডি-র দফতরে হাজিরা দেন কে কবিতা। পুনরায় তাঁকে মঙ্গলবার ডাকা হয়।



প্রাণী সম্পদ দপ্তরের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে সুবিধাভোগীদের মধ্যে ছাগল বিতরণ করেন মেয়র দীপক মজুমদার।

## মেঘ-রোদের খেলা চলছে দক্ষিণবঙ্গে; মনোরম পরিবেশ তিলোত্তমায়, রয়েছে বৃষ্টিরও পূর্বাভাস

কলকাতা, ২১ মার্চ (হি.স.): দিনের বিভিন্ন সময় বিক্ষিপ্তভাবে বৃষ্টি হচ্ছে, বৃষ্টি থামতেই উঁকি দিচ্ছে রোদ। মেঘ ও রোদের খেলা চলছে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। তাপমাত্রার পারদ নিম্নমুখী, তাই মনোরম পরিবেশ মহানগরীতে। রয়েছে বৃষ্টির পূর্বাভাসও। মঙ্গলবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৪ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি কম। এদিন কলকাতার সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। মঙ্গলবার সকাল থেকেই রোদ ঝলমলে ছিল কলকাতা ও শহরতলির আকাশ। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আপাতত বৃষ্টি চলবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়, তবে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হবে। কলকাতা, দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর, দুই বর্ধমান, নদিয়া, পুরুলিয়া, বীরভূম-সহ বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। বুধবারের পর কমতে পারে বৃষ্টি। উত্তরবঙ্গের প্রায় সমস্ত জেলাতেই ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার-সহ উত্তরের আট জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। ২২ মার্চ থেকে কমতে পারে ঝড়বৃষ্টি।

## ছত্তিশগড়ের বিজাপুরে এনকাউন্টারে মহিলা নকশাল নিকেশ, এ কটি রাইফেল পেল পুলিশ

রায়পুর, ২১ মার্চ (হি.স.): ছত্তিশগড়ের মাওবাদী অধ্যুষিত বিজাপুর জেলায় পুলিশ ও মাওবাদীদের মধ্যে গুলির লড়াইয়ে নিকেশ হয়েছে এক মহিলা নকশাল। পরে এনকাউন্টারস্থল একটি ১২-বোর রাইফেল পেয়েছে পুলিশ। বিজাপুরের পুলিশ সুপার (এসপি) অঞ্জনেয়া ভর্ষনেয় বলেছেন, মঙ্গলবার সকাল ৬.৩০ মিনিট নাগাদ বিজাপুর জেলার গঙ্গালুর থানার অন্তর্গত কোরচোলি ও তোড়কার মাঝে পুলিশ ও মাওবাদীদের মধ্যে গুলির লড়াই শুরু হয়। সেই গুলির লড়াইয়ে নিকেশ হয়েছে এক মহিলা মাওবাদী। নিহত মাওবাদীর পরিচয় জানা যায়নি। গুলির লড়াই থামতেই ওই এলাকায় তল্লাশি চালানো হয়। সেই সময় এনকাউন্টারস্থল থেকে একটি ১২-বোর রাইফেল পেয়েছে পুলিশ।

## দিল্লি বাজেট থামিয়ে দেবেন না, প্রধানমন্ত্রীকে বিনয়ের সঙ্গে চিঠি লিখলেন কেজরিওয়াল

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): 'দিল্লি বাজেট থামিয়ে দেবেন না', এই মর্মে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। অত্যন্ত বিনয়ের সঙ্গে প্রধানমন্ত্রীকে লেখা চিঠিতে অরবিন্দ কেজরিওয়াল জানিয়েছেন, 'দেশের ৭৫ বছরের ইতিহাসে এই প্রথমবার একটি রাজ্য বাজেট থামিয়ে দেওয়া হচ্ছে।' কেজরিওয়াল চিঠিতে প্রধানমন্ত্রী মোদীকে প্রশ্ন করেছেন, 'কেন আপনি দিল্লির জনগণের ওপর এত বিরক্ত?' মঙ্গলবারই দিল্লি বাজেট পেশ করার কথা ছিল নতুন অর্থমন্ত্রী কৈলাশ গেহলটের। বাজেট পেশ হওয়ার একদিন আগেই সোমবার কেজরিওয়াল দাবি করেছিলেন, দিল্লি বাজেট থামিয়ে দিয়েছে কেন্দ্র। আর মঙ্গলবার এ বিষয়ে প্রধানমন্ত্রীকেই চিঠি লিখেছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল।

## ভারতীয় কনস্যুলেটে ভাঙচুর 'একেবারে অগ্রহণযোগ্য' : হোয়াইট হাউস

ওয়াশিংটন, ২১ মার্চ (হি.স.): আমেরিকার সান ফ্রান্সিসকোতে ভারতীয় দূতাবাসে হামলার তীব্র নিন্দা করল আমেরিকা। হোয়াইট হাউস জাতীয় নিরপত্তা কাউন্সিলের মুখপাত্র জন কিরবি বলেছেন, সান ফ্রান্সিসকোতে ভারতীয় কনস্যুলেটে ভাঙচুর 'একেবারে অগ্রহণযোগ্য'। গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে বলেও জানিয়েছেন তিনি। আবার ইউএস স্টেট ডিপার্টমেন্টের মুখপাত্র জানিয়েছেন, ভারতীয় কনস্যুলেটে হামলার তীব্র নিন্দা করছে ভারত এবং আমেরিকার মধ্যে কূটনৈতিক ফেসিলিটিতে যে কোনও ধরনের হামলা অগ্রহণযোগ্য। উল্লেখ্য, পঞ্জাবের খলিস্তানি নেতা অমৃতপাল সিংকে মুক্তি দিতে হবে, এই দাবিতে আমেরিকার সান ফ্রান্সিসকোয় ভারতীয় দূতাবাসে হামলা চালিয়েছে বলে অভিযোগ উঠেছে খলিস্তানপন্থীদের বিরুদ্ধে। সোমবার ওই দূতাবাসে খলিস্তানের হলুদ পতাকা সরিয়ে ফেলার পরই ওই হামলা হয় বলে অভিযোগ। দূতাবাসের দেওয়ালে 'ফ্রি অমৃতপাল' লেখা গ্রাফিটিও দেখতে পাওয়া যায়।

## বগটুইয়ে মৃতদের নামোল্লেখ করে শুভেন্দুর টুইট, তোপে তৃণমূল

কলকাতা, ২১ মার্চ (হি. স.) : বগটুইয়ে বিস্ফোরণে মৃতদের নামোল্লেখ করে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানালেন। টুইটে তোপ দাগলেন তৃণমূলকে। মঙ্গলবার শুভেন্দুবাবু লিখেছেন, "মমতা বন্দ্যোপাধ্যায়ের শাসনামলে বীরভূমে বগটুই গ্রামে ২০২২-এর ২১ মার্চের ভয়ঙ্কর রাতে সংখ্যালঘু সম্প্রদায়ের মহিলা ও শিশুদের টিএমসি গুণ্ডারা জীবন্ত পুড়িয়ে মেরেছিল। এটি সম্ভবত পশ্চিমবঙ্গের সবচেয়ে জঘন্যতম হত্যাযজ্ঞ। ১ম বার্ষিকীতে, আমি তাঁদের আত্মার শান্তি কামনা করি।" এই সঙ্গে প্রয়াতদের তালিকায় লিখেছেন নূরনেহার বিবি, আতাহারা বিবি, মীনা বিবি, জাহানারা বিবি, রূপালি বিবি, নাজমা বিবি, রোশেনারা বিবি, মর্জিনা খাতুন, তুলি খাতুন,কাজী সাজিদুর খাতুন প্রমুখের নাম।

## কোভিড-সংক্রমণ কিছুটা কমে পৌঁছল ৬৯৯-তে; ভারতে সক্রিয় রোগী বেড়ে ৬,৫৫৯, মৃত্যু দু'জনের

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): ভারতে ফের কিছুটা কমল করোনার দৈনিক সংক্রমণ, তবে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ৬,৫৫৯-তে পৌঁছেছে। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৬৯৯ জন, এই সময়ে মৃত্যু হয়েছে দু""জনের। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা ৬,৫৫৯-এ পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০১ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মোট কোভিড-আক্রান্তের সংখ্যা বেড়ে ৪,৪৬,৯৭,০৩৭-তে পৌঁছেছে। দু""জনের মৃত্যুর পর মৃতের সংখ্যা বেড়ে ৫,৩০,৮০৮-এ পৌঁছেছে।
কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৫৯, ৬১৭ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮০ শতাংশ। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ০৭ হাজার ৪৬৩ জন প্রাপক, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৫,১৩,৫০৭। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২০ মার্চ সারা দিনে ভারতে ৯৭,৮৬৬ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

## বর্তমান সময়ে ভারতীয় রাজনীতির মীরজাফর হলেন রাহুল গান্ধী : সম্বিত পাত্র

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): ভারতীয় গণতন্ত্র সম্পর্কে অনভিপ্রেত মন্তব্যের জন্য এবার কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীকে তীব্র আক্রমণ সমালোচনা করলেন বিজেপির জাতীয় মুখপাত্র সম্বিত পাত্র। রাহুল গান্ধীকে 'মীরজাফর'-এর সঙ্গেও তুলনা করেছেন সম্বিত পাত্র। বলেছেন, বর্তমান সময়ে ভারতীয় রাজনীতির মীরজাফর হলেন রাহুল গান্ধী।
লন্ডনে ভারতীয় গণতন্ত্র সম্পর্কে মন্তব্যের জন্য রোজই সমালোচনায় বিদ্ধ হচ্ছেন রাহুল গান্ধী। মঙ্গলবার সকালে এক সাংবাদিক সম্মেলনে বিজেপির জাতীয় মুখপাত্র সম্বিত পাত্র বলেছেন, সংসদে ক্ষমা চাইতে হবে রাহুল গান্ধীকে। তিনি সর্বদা দেশের বদনাম করেন। রাহুল গান্ধী হলেন বর্তমান ভারতীয় রাজনীতির মীরজাফর। তিনি দেশকে অপমান করেছেন এবং বিদেশী শক্তিকে ভারতে হস্তক্ষেপ করতে বলেছেন। এটা কংগ্রেস ও রাহুল গান্ধীর ধারাবাহিক """ষড়যন্ত্র""""। সংসদে তাঁর অংশগ্রহণ সবচেয়ে কম, অথচ তিনিই বলেন সংসদে তাঁকে কথা বলতে দেওয়া হয় না।'

## কেন্দ্রের বিরুদ্ধে ফের তোপ খাড়গের, বললেন রাহুল গান্ধী ক্ষমা চাইবেন না

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): ভারতীয় গণতন্ত্র সম্পর্কে মন্তব্যের জন্য বিজেপি "চাপ" দিতে থাকলেও রাহুল গান্ধী ক্ষমা চাইবেন না। জানিয়ে দিলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। একইসঙ্গে ইন্টারপোলের রেড নোটিশের তালিকা থেকে মেহুল চোকসির নাম বাদ দেওয়ায় কেন্দ্রের নিন্দা করেছে কংগ্রেস।
মঙ্গলবার সকালে দিল্লিতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে বলেছেন, 'রাহুল গান্ধী ক্ষমা চাইবেন না। আমরা উত্তর না পাওয়া পর্যন্ত বারবার একই দাবি জানাতে থাকব। আসলে মূল বিষয় থেকে ঘুরিয়ে দেওয়ার চেষ্টা সবটাই। আমাদের দূতাবাসে হামলা হচ্ছে, কিন্তু তারা এ সব হামলার নিন্দা জানাতে কিছু বলছে না। এই মানুষজন মেহুল চোকসিকে সুরক্ষা দিয়েছিল এবং এখন 'দেশভক্তি' নিয়ে কথা বলছে।'

## বিরোধী নেতাদের সিবিআই ও ইডি-র ফাঁদে ফাঁসানোর ষড়যন্ত্র করছে মোদীজি ও সরকার : অধীর চৌধুরী

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): প্রধানমন্ত্রী মোদী ও কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করলেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। মঙ্গলবার কেন্দ্রীয় সরকারের সমালোচনা করে অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, বিরোধী নেতাদের সিবিআই ও ইডি-র ফাঁদে ফাঁসানোর ষড়যন্ত্র করছে মোদীজি ও তাঁর সরকার। অধীরের কথায়, আমরা সবই দেখতে পাচ্ছি, তাঁরা যেভাবে দেশ থেকে হাজার হাজার কোটি টাকা লুট করছে এবং তারপর ক্যারিবিয়ান সাগরের কাছে মজা করছে তা আমরা দেখছি। নীরব মোদী ও মেহুল চোকসি অবাধে ঘুরে বেড়াচ্ছেন।
অধীর রঞ্জন চৌধুরী আরও বলেছেন, ভারতের সাধারণ মানুষ শীঘ্রই জানতে পারবেন, আমাদের প্রধানমন্ত্রী অক্ষম। ক্ষমতায় আসার আগে তাঁরা বলত কংগ্রেস দুর্বল ও কাপুরুষ, আমরা ক্ষমতায় থাকলে দাউদ ইব্রাহিমকে পাকিস্তান থেকে নিয়ে আসতাম। তাঁরা রাহুল গান্ধীকে অপমান করতেই ব্যস্ত। সংসদে অচলাবস্থা প্রসঙ্গে অধীর বলেছেন, সংসদে কাজ পরিচালনা করা সরকারের দায়িত্ব। বিরোধী দলকে নিজেদের মনের কথা বলতে দিচ্ছে না সরকার। সভার চেয়ারম্যান মাইক্রোফোন বন্ধ করে দেন। যদি কাউকে ক্ষমা চাইতে হয় সে হলেন প্রধানমন্ত্রী মোদী।

## হাওড়ার বাগনানে বাস ও গাড়ির মুখোমুখি সংঘর্ষে মৃত ৩, জখম বেশ কয়েকজন

উলুবেড়িয়া, ২১ মার্চ (হি.স.) : হাওড়ার বাগনানে যাত্রীবোঝাই বাস ও প্রাইভেট গাড়ির মুখোমুখি সংঘর্ষে প্রাণ হারালেন তিনজন যুবক। মঙ্গলবার সকালে দুর্ঘটনাটি ঘটেছে ১৬ নম্বর জাতীয় সড়ক সংলগ্ন বাগনানের বারুন্দায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন সকাল সাড়ে ৮টা নাগাদ দীঘাগামী রুটের একটি সরকারি বাস বারুন্দার কাছে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টো দিকের লেনে চলে আসে। ধাক্কা মারে কলকাতাগামী একটি প্রাইভেট গাড়িকে। চারচাকা ওই গাড়িতে চালক-সহ তিনজন ছিলেন। দুর্ঘটনার জেরে ঘটনাস্থলেই তাঁদের মৃত্যু হয়। অন্যদিকে, দুর্ঘটনায় তিনজন বাসযাত্রীও আহত হয়েছেন। তাঁদের উদ্ধার করে বাগনান ও উলুবেড়িয়া মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে। পুলিশ অকুস্থলে এসে গ্যাস কাটার দিয়ে দুর্ঘটনাগ্রস্ত গাড়িটিকে কেটে মৃতদেহগুলি বার করে। মৃতদের নাম-পরিচয় এখনও পর্যন্ত জানা যায়নি। সংঘর্ষ এতটাই জোরালো ছিল যে গাড়ির সামনের অংশ ভেঙে দুমড়ে মুচড়ে যায়।

## দিল্লির বাজেট আটকানোর জন্য ষড়যন্ত্র করছে বিজেপি : সৌরভ ভরদ্বাজ

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): দিল্লির বাজেট আটকানোর জন্য ষড়যন্ত্র করছে বিজেপি। বিজেপির বিরুদ্ধে এই অভিযোগ আনলেন আম আদমি পার্টির জাতীয় মুখপাত্র সৌরভ ভরদ্বাজ। সৌরভ মঙ্গলবার অভিযোগ করেছেন, দিল্লির বাজেট আটকানোর জন্য ষড়যন্ত্র করেছে কেন্দ্র ও বিজেপি। তিনি আরও বলেছেন, এটি অগণতান্ত্রিক যে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের আধিকারিকরা জাতীয় রাজধানীর জন্য বাজেট ব্যয় নির্ধারণ করছে। দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখার সময় আপ-এর জাতীয় মুখপাত্র সৌরভ ভরদ্বাজ বলেছেন, দিল্লির বাজেট আটকানো হয়েছে, তা একেবারেই 'লজ্জাজনক'। তিনি বলেন, 'সারা বিশ্বের সামনে আমাদের নিয়ে তামাশা করছে। এটা লজ্জাজনক যে কেন্দ্র একটি ছোট রাজ্যের বাজেট বন্ধ করে দিচ্ছে।'

## প্রয়াত হ্যারি পটার খ্যাত তারকা পল গ্রান্ট, মৃত্যুর কারণ অজানা থেকে গেল

লন্ডন, ২১ মার্চ (হি.স.): অকালেই প্রয়াত হয়েছেন হ্যারি পটার খ্যাত তারকা পল গ্রান্ট। মাত্র ৫৬ বছর বয়সে জীবনাবসান হল পলের। হ্যারি পটারে গবলিন চরিত্রে অভিনয় করেছিলেন পল। এছাড়াও স্টার ওয়ার্স-সহ নানা হলিউড ছবিতে অভিনয় করেছেন পল গ্রান্ট। গত ১৬ মার্চ লন্ডনের এক রেল স্টেশনে অবচেতন অবস্থায় পাওয়া যায় পলকে। সেখান থেকে অভিনেতাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে পলকে ব্রেন ডেড ঘোষণা করা হয়। কিন্তু হাসপাতালে তাঁকে লাইফ সাপোর্টে রাখা হয়েছিল। ১৯ মার্চ পলের পরিবার তাঁর লাইফ সাপোর্ট বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেয় এবং অভিনেতার মৃত্যু সংবাদ ঘোষণা করেন। তবে তাঁর মৃত্যুর প্রকৃত কারণ জানায়নি অভিনেতার পরিবার।

## বৃষ্টির শব্দে ঘুম ভাঙল মুম্বইবাসীর, স্বস্তির বর্ষণে ঘর্মাক্ত গরম থেকে রেহাই

মুম্বই, ২১ মার্চ (হি.স.): বৃষ্টির শব্দে মঙ্গলবার সকালে ঘুম ভাঙল মুম্বইবাসীর। স্বস্তির বর্ষণে ঘর্মাক্ত গরম থেকে রেহাই পেলেন বাণিজ্যনগরী বাসিন্দারা। মঙ্গলবার সকালে হালকা থেকে মাঝারি বৃষ্টি হয়েছে মুম্বইয়ে, সঙ্গে বইতে থাকে ঝোড়ো হাওয়া। বৃষ্টি ও ঝোড়ো হাওয়ায় তাপমাত্রা অনেকটাই কমেছে মুম্বইয়ে।
মুম্বইয়ের পাশাপাশি মহারাষ্ট্রের অন্যান্য জেলাতেও এদিন সকালে বৃষ্টি হয়েছে। মহারাষ্ট্রের থানে, রায়গড় জেলাতেও হয়েছে বৃষ্টি ও ঝোড়ো হাওয়া। সম্ভাবনা রয়েছে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির, তাই নাগরিকদের সতর্ক করা হয়েছে আবহাওয়া দফতরের পক্ষ থেকে। বিগত কয়েকদিন ধরে মাত্রাতিরিক্ত গরমে কাহিল হয়ে পড়েছিল বাণিজ্যনগরী, মঙ্গলবার সকালের বৃষ্টি সেই গরম থেকে স্বস্তি দিয়েছে।

## বগটুইয়ে ভয়ঙ্কর হত্যাকাণ্ডের এক বছর, কর্মসূচি নিয়েছে তৃণমূলও

কলকাতা, ২১ মার্চ (হি. স.) : বগটুইয়ে ভয়ঙ্কর হত্যাকাণ্ডের এক বছর। মঙ্গলবার বিকেলে বগটুই যাবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এদিনই বিকেল ৪টে নাগাদ মহম্মদ সেলিমের নেতৃত্বে মৌন মিছিল হবে বগটুই মোড় থেকে। বগটুইয়ে কর্মসূচি নিয়েছে তৃণমূলও।
এদিন তৃণমূলের তরফে আশিস বন্দ্যোপাধ্যায়, চন্দ্রনাথ সিনা, বিকাশ রায়চৌধুরীরা তাঁদের তৈরি শহিদ বেদিতে মাল্যদান করবেন। গত বছরের ২১ মার্চ প্রথমে তৃণমূলের উপ প্রধান ভাদু শেখকে বোমা মেরে খুন করা হয়। তারপরই বগটুইয়ে আগুন লাগানো হয় একের পর এক বাড়িতে। জীবন্ত দগ্ধ হয়ে মৃত্যু হয় মহিলা ও শিশু সহ ১০ জনের। বগটুই গ্রামে এসে মৃতদের পরিবারকে সমবেদনা জানানোর পাশাপাশি আর্থিক সাহায্যের চেক তুলে দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর নির্দেশে তৃণমূল কংগ্রেসের তৎকালীন ব্লক সভাপতি আনারুল হোসেন গ্রেফতার হয়। পোড়া মাংসের গন্ধে মুহূর্তে গোটা বাংলা জেনে গিয়েছিল বীরভূমের এই গ্রামটার নাম।

## "পালিয়ে যাও, ইডি আসছে", অয়নকে রহস্যময়ীর বার্তা মুঠোফোনে

কলকাতা, ২১ মার্চ (হি. স.) : আগেই নিয়োগ দুর্নীতি মামলায় ইডির নজরে এসেছিলেন এক রহস্যময়ী ! ইডি সূত্রে দাবি ছিল, তল্লাশি অভিযানে যাওয়ার আগেই তিনি নাকি অয়ন শীলের মুঠোফোনে সতর্কবার্তা দিয়েছিলেন।
কেন্দ্রীয় এজেন্সি সূত্রের দাবি, যে রহস্যময়ীর নাম উঠে এসেছে, তিনি ইডি তল্লাশির আগেই অয়নকে বার্তা পাঠিয়েছিল, পালিয়ে যাও। জিনিস সরিয়ে দাও। ইডি আসতে পারে। ফোনের এই বার্তা দেখেই হতবাক ইডি আধিকারিকরা। কে এই রহস্যময়ী, তাঁর খোঁজ চালাচ্ছে ইডি। সূত্রের দাবি, এই বার্তা নিয়ে অয়নকে প্রশ্ন করা হলে বারবার তা এড়িয়ে যাচ্ছেন অয়ন। এই রহস্যময়ীই শ্বেতা চক্রবর্তী কিনা, তা খতিয়ে দেখছেন গোয়েন্দা।
তদন্তে সল্টলেকে অয়ন শীলের অফিসে মেলা অ্যাকাউন্টের নথিতে শ্বেতা চক্রবর্তী বলে এক মহিলার নাম পাওয়া গিয়েছে। ইডি সূত্রে দাবি, শ্বেতা চক্রবর্তীর অ্যাকাউন্টে লক্ষ লক্ষ টাকার লেনদেন হয়েছে। এই শ্বেতা চক্রবর্তী অয়ন শীলের ঘনিষ্ঠ। শ্বেতার গাড়ির নথিও অয়নের অফিসে মিলেছে।

## পঞ্জাবের ৪টি জেলায় এখনও নিষিদ্ধ মোবাইল ইন্টারনেট পরিষেবা, ২৩ মার্চ অবধি থাকছে নিষেধাজ্ঞা

চণ্ডীগড়, ২১ মার্চ (হি.স.): পঞ্জাবের ৪টি জেলায় মঙ্গলবারও নিষিদ্ধ রয়েছে মোবাইল ইন্টারনেট পরিষেবা। এই নিষেধাজ্ঞা বজায় থাকবে ২৩ মার্চ দুপুর অবধি। তরন তারান, ফিরোজপুর, মোগা এবং সাঙ্গরুর জেলায় মোবাইল ইন্টারনেট পরিষেবা বন্ধ থাকবে বৃহস্পতিবার দুপুর পর্যন্ত। এছাড়াও অমৃতসর জেলার আজনালা মহকুমা; এবং এসএএস নগর জেলার ওয়াইপিএস চক এবং এয়ারপোর্ট রোড সংলগ্ন এলাকায় মোবাইল ইন্টারনেট পরিষেবা বন্ধ থাকবে।
পঞ্জাবের বাকি জেলাগুলিতে মঙ্গলবার দুপুর থেকেই মোবাইল ইন্টারনেট পরিষেবা স্বাভাবিকভাবে কাজ শুরু করেছে। "ওয়ারিস পাঞ্জাব দে" প্রধান অমৃতপাল সিং এবং তার সহযোগীদের বিরুদ্ধে পুলিশি অভিযান শুরু হওয়ার পরই ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়।

## পঞ্জাবের শান্তি যারা নষ্ট করার চেষ্টা করবে তাদের কঠোরভাবে মোকাবেলা করা হবে : ভগবন্ত মান

চণ্ডীগড়, ২১ মার্চ (হি.স.): পঞ্জাবের শান্তি ও সম্প্রীতি নষ্ট করার চেষ্টা করলে সরকার কঠোর ব্যবস্থা নেবে। জানিয়ে দিলেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান। তাঁর কথায়, পঞ্জাবের শান্তি ও সম্প্রীতি যারা নষ্ট করার চেষ্টা করবে তাদের কঠোরভাবে মোকাবেলা করা হবে। শনিবার খালিস্তানপন্থী নেতা অমৃতপাল এবং তার সংগঠন "ওয়ারিস পাঞ্জাব দে"-এর সদস্যদের বিরুদ্ধে একটি বড় অভিযান শুরু করেছে পঞ্জাব পুলিশ। পুলিশ অভিযান প্রসঙ্গে মঙ্গলবার এক ভিডিও বার্তায় মুখ্যমন্ত্রী ভগবন্ত মান বলেছেন, 'মানুষ আমাকে বলছে, আমি ভালো কাজ করছি। পঞ্জাবে শান্তি ও সম্প্রীতি বজায় থাকতে হবে। এই ক্ষেত্রে আমরা আপনাদের সমর্থন করব।'
মুখ্যমন্ত্রী ভগবন্ত মান একটি ভিডিও বার্তায় বলেছেন, পঞ্জাবের শান্তি, সম্প্রীতি এবং দেশের অগ্রগতি তাঁর কাছে শীর্ষ অগ্রাধিকার। তিনি বলেন, 'আমরা দেশের বিরুদ্ধে কাজ করা কোনও শক্তিকে রেহাই দেব না।' তাঁর কথায়, "আমি এই অপারেশনে (অমৃতপাল এবং "ওয়ারিস পাঞ্জাব দে"-এর বিরুদ্ধে) সহযোগিতার জন্য ৩ কোটি পাঞ্জাবিকে ধন্যবাদ জানাই। রাজ্যে অপ্রীতিকর ঘটনার একটি রিপোর্টও পাওয়া যায়নি। এটা আমার আত্মবিশ্বাস বাড়িয়েছে যে মানুষ শান্তি ও অগ্রগতি চায়।"


## বিরল সম্মান, দেশের প্রথম মহিলা খেলোয়াড় হিসেবে রানি রামপালের নামে হকি স্টেডিয়াম

রায়বরেলি, ২১ মার্চ (হি.স.): প্রথম ভারতীয় মহিলা হকি প্লেয়ার হিসেবে অনন্য সম্মান। উত্তরপ্রদেশের রায়বরেলিতে ভারতীয় মহিলা হকি দলের অধিনায়ক রানি রামপালের নামে হকি স্টেডিয়ামের উদ্বোধন হল। "এমসিএফ রায়বরেলি হকি স্টেডিয়ামের নাম বদলে রানি গার্লস হকি টার্ফ নামকরণ করা হচ্ছে। রানি রামপাল নিজের সোশ্যাল মিডিয়ায় সেই ছবি পোস্ট করেছেন। সেখানে দেখা যাচ্ছে যে প্লেয়ারদের সঙ্গে কথা বলছেন তিনি। স্টেডিয়ামের উদ্বোধন করতেও দেখা যাচ্ছে তাঁকে।
স্টেডিয়ামের উদ্বোধনের দিন একটি হকি ম্যাচও আয়োজন করা হয়। রানি নিজে না খেললেও, সেই ম্যাচ শুরু হওয়ার আগে খেলোয়াড়দের শুভেচ্ছা জানান।
রানি বলেন, """এটা আমার কাছে গর্বের ও আবেগপ্রবণ মুহূর্ত। আমিই প্রথম মহিলা হকি প্লেয়ার যাঁর নামে একটা স্টেডিয়ামের নামকরণ করা হচ্ছে। আমি এটা গোটা দলকে উৎসর্গ করছি। আশা করি পরবর্তী প্রজন্ম অনুপ্রেরণা পাবে।""""
উল্লেখ্য, ভারতীয় হকি দলের হয়ে ২০০৯ থেকে খেলছেন রানি রামপাল, এখনও পর্যন্ত তিনি ২৫৪ ম্যাচ খেলে ১২০ গোল করেছেন। ১৪ বছর বয়সে প্রথমবার ভারতের সিনিয়র দলের হয়ে খেলার সুযোগ পান রানি রামপাল। তিনি অলিম্পিক্স, বিশ্বকাপ, এশিয়ান গেমস, কমনওয়েলথ গেমসে খেলেছেন। এই রানি রামপালের নেতৃত্বেই প্রথমবার অলিম্পিক্সের সেমি ফাইনালে পৌঁছে যায় ভারতীয় দল।টোকিও অলিম্পিক্সে ভারতের মহিলা দলের নেতৃত্বে ছিলেন রানি রামপাল।

# হরেকরকম

হরেকরকম হরেকরকম

## কোলেস্টেরলের ভয় ? এই ৭ টি ভেষজেই মিলবে মুক্তি



কোলেস্টেরল আমাদের শরীরের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি উপাদান। তবে কোনও কিছুই শরীরে বেশি থাকা ভালো নয়। কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিকের তুলনায় বেড়ে গেলে দেখা দিতে পারে বড় ধরণের সমস্যা। তাই প্রতিটি মানুষকেই কোলেস্টেরল নিয়ে সতর্ক থাকতে হবে। কোলেস্টেরল হল রক্তে থাকা মোম জাতীয় পদার্থ।

সাধারণত দুই ধরনের কোলেস্টেরল হয়- এলডিএল ও এইচডিএল। এইচডিএল হল ভালো কোলেস্টেরল অপরদিকে রয়েছে খারাপ কোলেস্টেরল বা এলডিএল। এলডিএল রক্তে বেশি থাকলে শরীরে দেখা দিতে পারে নানা সমস্যা। এটি রক্তনালীর মধ্যে জমে, ফলে রক্তপ্রবাহ ঠিকমতো হয় না। আর এই কারণে দেখা দিতে পারে হার্ট অ্যাটাক থেকে শুরু করে স্ট্রোকের মতো ঘাতক রোগ। তাই প্রতিটি মানুষকে কোলেস্টেরল নিয়ে সচেতন থাকতে হবে।

কোলেস্টেরল সমস্যার সমাধান দিতে পারে কিছু ভেষজ খাবার। চলুন জেনে আসা যাক.. আমলকী যে কোনও ফলের মধ্যে অন্যতম বিশেষ গুরুত্বপূর্ণ একটি ফল। এই ফলে রয়েছে অনেক পরিমাণে ভিটামিন সি, যা রোগ প্রতিরোধে সাহায্য করে। এদিকে এই ফলে থাকা অ্যান্টিঅক্সিডেন্ট কোলেস্টেরল নিয়ন্ত্রণে সাহায্য করে। প্রায় প্রতিটি রান্নায়ই ব্যবহার হয় জিরা। এই মশলা স্বাদের জন্যই মূলত এই ব্যবহার হয়। তবে এই মশলা কিন্তু শরীরের নানা উন্নতিতেও কাজ করতে পারে। খাওয়ার পর কাঁচা জিরা খাওয়া ভালো। এছাড়া আপনি পাওডার করেও এটি খেতে পারেন। চায়ের সঙ্গেও জিরা মিশিয়ে খাওয়া যায়। বাঙালি রান্না ঘরে রসুনের উপস্থিতি সবসময় রয়েছে। এই বিশেষ মশলা মাছ, মাংস সহ বহু রান্নায় ব্যবহার হয়। মূলত রান্নায় গন্ধ যোগ করতেই এই মশলা ব্যবহার হয়। পাশাপাশি রসুনের স্বাদও অনন্য। তবে এসব বাদ দিলেও এই ভেষজের রয়েছে অনন্য গুণ। রসুনের মধ্যে থাকা অ্যান্টিঅক্সিডেন্ট নানা সমস্যার সমাধান করতে পারে। এমনকী রসুন কোলেস্টেরলও নিয়ন্ত্রণ করতে পারে। লেবুর মধ্যে রয়েছে অনেক পরিমাণে ভিটামিন সি। এছাড়া লেবুর মধ্যে থাকা নানা উপকারী উপাদান কোলেস্টেরলের মুক্তিতে সাহায্য করে। লেবুর মধ্যে পাতিলেবু, কমলালেবু বা যেই লেবু পাবেন তাই খান। তবেই সমস্যা দূর হবে। হাতের কাছে থাকা আরও এক ভেষজ হল আদা। নানা রান্নায় এই মশলা ব্যবহার করা হয়। আদার মধ্যে থাকা নানা উপকারী উপাদান পারে কোলেস্টেরল দূর করতে। এর মধ্যে রয়েছে অ্যান্টিইনফ্লেমেটরি গুণ। ফলে রক্ত জমাটে বাধা দেয় আদা। এক্ষেত্রে আদা সাধারণভাবে খাওয়ার পাশাপাশি চায়ে এবং রান্নাতেও খেতে পারেন। অর্জুন হৃতিগুের জন্য দারুণ একটি ভেষজ। এই গাছের ছাল আপনি দুধে মিশিয়ে পান করতে পারেন। এছাড়া অর্জুনের চা শোয়ার আগে পান করা যায়। অন্যদিকে সকালেও আপনি খেতে পারেন এই ছাল। আমলকী, হরিতকী ও বহেরা মিশিয়ে তৈরি হয় ত্রিফলা। বহু রোগের চিকিৎসায় এই ত্রিফলা ব্যবহার করা হয়। কোলেস্টেরল নিয়ন্ত্রণে রাখতেও খেতে পারেন ত্রিফলা। তাই প্রতিটি মানুষকে অবশ্যই ত্রিফলা খেতে হবে। কিন্তু ত্রিফলা নিজের বুদ্ধিতে খেতে যাবেন না। এক্ষেত্রে একজন বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ নিয়েই ত্রিফলা খান।

## নবরাত্রির উপবাসে সতর্ক থাকুন এই রোগীরা



হিন্দু ক্যালেন্ডার অনুযায়ী, চৈত্র নবরাত্রি হল একটি নয় দিনের হিন্দু উতব। এই পবিত্র উতব ভারত-সহ সারা বিশ্বের অন্যান্য অংশে বসবাসকারী হিন্দুরা অত্যন্ত উৎসাহের সঙ্গে পালিত করেন। নবরাত্রি বছরে দুবার পালিত হয়। একটি হল চৈত্র নবরাত্রি, যেটি হিন্দু মাসে চৈত্র মাসে পালন করা হয়। নয় দিনব্যাপী এই উৎসবে ভক্তরা উপবাস করেন ও শক্তিদেবীর বিভিন্ন রূপের আরাধনা করা হয়। নবরাত্রির সময় উপবাস বহু শতাব্দী ধরে চলে আসছে, বিশ্বাস করা হয় যে এর অনেক স্বাস্থ্য উপকারিতাও রয়েছে। উপবাস মানেই সাবুদানার পায়েস, শুধু ফল গ্রহণ করা তাই নয়, পাতে থাকে সুস্বাদু ও পুষ্টিকর খাবারও। নবরাত্রির উপবাস রাখার সময় সবচেয়ে গুরুত্বপূর্ণ যে উপবাস ভাঙার সময় স্বাস্থ্যকর এবং দায়িত্বশীল পদ্ধতিতে করা উচিত। প্রয়োজনে একজন ডাক্তারের পরামর্শ নিতে পারেন। তবে এই সময় ডায়াবেটিসের মতো নির্দিষ্ট কিছু রোগে আক্রান্ত ব্যক্তিদেরও উপবাস রাখার সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করা উচিত। স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, নবরাত্রির সময় উপবাসের বিভিন্ন স্বাস্থ্য উপকারিতা ও কীভাবে সামগ্রিক স্বাস্থ্য ও সুস্থতার উন্নতি করতে সাহায্য করতে পারে তার কিছু তথ্য এখানে দেওয়া রইল

১. ইনফ্লেমেশন হ্রাস: উপবাস শরীরের প্রদাহ কমাতে সাহায্য করে, যা আর্থাইটিস, হাঁপানি ও অ্যালার্জির মতো সমস্যায় ভুগতে থাকা রোগীদের জন্য উপকারী হতে পারে। ২. নিম্ন রক্তচাপ: উপবাস রক্তচাপ কমাতে সাহায্য করে। উচ্চ রক্তচাপে যারা ভোগেন, তারাও উপবাস রাখতে পারেন। তাতে উপকার পাবেন ভালই। ৩. হার্টের স্বাস্থ্যের উন্নতি: রক্তের লিপিড প্রোফাইলের উন্নতি ও অক্সিডেটিভ স্ট্রেস কমানোর মাধ্যমে উপবাস হৃদরোগের ঝুঁকি অনেকটা কমিয়ে দেন। ৪. দীর্ঘায়ু বৃদ্ধি: কিছু গবেষণায় পরামর্শ দেওয়া হয়েছে যে উপবাস জীবনকাল বৃদ্ধি করতে পারে ও স্বাস্থ্যকর বার্ধক্য বৃদ্ধি করতে পারে। ৫. আধ্যাত্মিকতা: নবরাত্রির সময় উপবাস পালন করলে মনে-প্রাণে আধ্যাত্মিক চেতনা জাগ্রত হয়। কারণ এই সময় মন ও শরীরকে শুদ্ধ করতে সাহায্য করে ও ভক্তদের প্রার্থনা ও উপাসনার দিকে মনোনিবেশ করতে সাহায্য করে।

৬. উন্নত ঘুম: উপবাস সার্কাডিয়ান ছন্দ নিয়ন্ত্রণ করে ও মেলাটোনিন উতাদনের উন্নতি করে গভীর ঘুমের প্রভাব ফেলতে পারে।

৭. দীর্ঘস্থায়ী রোগের ঝুঁকি হ্রাস: টানা নয়দিন উপবাস ক্যানসার, আলঝাইমার রোগ ও পারকিনসন রোগের মতো দীর্ঘস্থায়ী রোগের ঝুঁকি কমায়। ৮. উন্নত অন্ত্রের স্বাস্থ্য: উপবাস উপকারী অন্ত্রের ব্যাকটেরিয়া বৃদ্ধির প্রচার করে ও অন্ত্রে প্রদাহ কমিয়ে অন্ত্রের স্বাস্থ্যের উন্নতি করতে সাহায্য করতে পারে।

চৈত্র নবরাত্রির সময় উপবাসের অনেকগুলি স্বাস্থ্য উপকারিতা রয়েছে, তবে সতর্কতার সঙ্গেই উপবাস রাখা জরুরি। যদি কোনও শারীরিক স্বাস্থ্যের সমস্যা থাকে, তাহলে অবশ্যই ডাক্তারের পরামর্শ নেওয়া উচিত। কোনও দুর্ঘটনা এড়াতে সুস্থ ও ভারসাম্যপূর্ণ উপায়ে উপবাস ভাঙাও অপরিহার্য।

## শরীরের জন্য খুবই প্রয়োজনীয় হল ক্যালসিয়াম



শরীরের জন্য খুবই প্রয়োজনীয় উপাদান হল ক্যালসিয়াম। হাড়, পেশীকে শক্তিশালী করতে ক্যালসিয়াম খুবই জরুরি। হার্ট ভাল রাখতে, শরীরে- সমতা বজায় রাখতে, দাঁত ঠিক রাখতে এবং পেশীর সংকোচন প্রসারণে ভূমিকা রয়েছে ক্যালসিয়ামের। ওজন কমাতেও কিন্তু গুরুত্ব আছে এই ক্যালশিয়ামের। ছোটদের তাই প্রথম থেকেই ক্যালসিয়াম ডায়েটে রাখা উচিত।

নইলে তাদের বৃদ্ধি ব্যাহত হয়। এছাড়াও শৈশব থেকে হাড়ের গঠন মজবুত করতে প্রয়োজন আছে ক্যালসিয়ামের। অনেকের ধারণা শুধুমাত্র দুধ ক্যালসিয়ামের শ্রেষ্ঠ উৎস। তবে দুধ ছাড়াও আরও বেশ কিছু খাবার রয়েছে, যে খাবার থেকে পর্যাপ্ত পরিমাণে ক্যালসিয়াম পাওয়া যায়। সম্প্রতি পুষ্টিবিদ অঞ্জলী মুখোপাধ্যায় বিশেষ একটি পোস্ট করেছেন। যেখানে তিনি ক্যালসিয়াম সমৃদ্ধ আরও কিছু খাবারের হদিশ দিয়েছেন।

কালো তিল- কালো তিলের মধ্যে আচে প্রচুর পরিমাণ ক্যালসিয়াম, আছে ভিটামিন বি কমপ্লেক্স এবং হেলদি ফ্যাট। এই কালো তিল দিয়ে সাধারণত চিকি বানানো হয়। আর এই তিল দিয়ে বানানো হয় প্রোটিন লাড্ডুও। গুড়, তিলের লাড্ডু বানাতেও এই তিল ব্যবহার করা হয়। বাচ্চাদের যদি রোজ এই তিলের নাড়ু খাওয়ানো হয় তাহলে খুবই ভাল। এছাড়াও সাদা তিল বেটে খাওয়া যেতে পারে। দই- রোজ একবাটি করে টকদই খেলে শরীরে অনেক উপকারে লাগে। শরীরে রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়াতে দই রোজ খান। ব্রেকফাস্টে দই চিঁড়েও খাওয়া যেতে পারে।

ডাল- রোজ যে কোনও ডাল একবাটি করে খান। রাজমা, কাবুলি চানা, সবুজ মুগ এসব ডালের মধ্যেও প্রচুর পরিমাণ প্রোটিন থাকে। সাধারণ মসুর ডালে টমেটো, পেঁয়াজ দিয়ে রান্না করুন। এতে খেতে ভাল লাগবে সেই সঙ্গে শরীর ক্যালশিয়ামও পাবে।

সবুজ শাক -সবজি- মেথি, ব্রকোলি, মূলো, পালং এসবের মধে প্রচুর পরিমাণ ক্যালশিয়াম থাকে। ধনেপাতার মধ্যেও থাকে ক্যালসিয়াম। পুদিনা, ধনেপাতা একসঙ্গে বেটে চাটনি বানিয়ে খেলেও অনেক উপকার পাওয়া যায়।

বাদাম- খেজুর, আমন্ড রোদ খান। সকালে ঘুম থেকে উঠে একমুঠো আমন্ড আর খেজুর খেলে সেখান থেকে অনেক উপকার পাওয়া যায়। বিকেলে স্ন্যাক্স হিসেবেও খাওয়া যেতে পারে এই বাদাম।

## সুন্দর নখের অধিকারী হতে চান ?

সুন্দর নখ ভালো রাখতে নিয়মিত যত্ন দরকার। হাঁটতে গিয়ে হোঁচট খেয়ে, অযত্ন, অবহেলা কিংবা কোনো কিছু ধরতে বা কাটতে গেলেও অনেক সময় নখ নষ্ট হয়। সৌন্দর্যের বড় একটি অংশ নখ বলে নিয়মিত নখের খেয়াল রাখতে হবে। বিন্দিয়া বিউটি কেয়ারের রূপবিশেষজ্ঞ শারমিন কচির সঙ্গে কথা বলে জানাচ্ছেন আতিফ আতাউর।

করোনার দীর্ঘ ছুটিতে গ্রামে নানুবাড়ি বেড়াতে গিয়েছিলেন একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মার্কেটিংয়ের শিক্ষার্থী লামিয়া ইসলাম। গ্রামের টানা বৃষ্টি আর কাদায় খুশিতে ঘুরে বেড়িয়েছেন। বর্ষার জলে নেমে সাঁতারও শিখে নিয়েছেন। সাঁতার শেখার খুশিতে জলে পেয়ে বসেছিল তাকে। ছোটদের সঙ্গে বর্ষার জলে নেমে ছোট মাছ ধরা, নৌকায় ঘুরে বেড়ানো-বাদ ছিল না কিছুই। কয়েক দিনের কাদাজলে হুটোপুটির ফল ভালো হয়নি লামিয়ার। পায়ের নখের চারপাশে প্রথমে সাদাটে হয়ে যায়। এরপর ব্যথা, ঘা ও চুলকানি। একপর্যায়ে নখ দেবে যায় মাংসের মধ্যে। ঢাকায় ফিরে রীতিমতো ছোট্ট একটি অপারেশনই করতে হয়েছে তাকে। লামিয়ার মতো নানা কারণে নখ দেবে যাওয়া, নখ ভেঙে যাওয়ার সমস্যা অনেকেরই। আবার অনেকেই সৌন্দর্য বাড়াতে কৃত্রিম নখও ব্যবহার করেন। নখ আমাদের সৌন্দর্য কয়েক গুণ বাড়িয়ে দেয়। নিয়মিত যত্ন নেওয়া থেকে শুরু করে কাদাজল এড়িয়ে চলা, আরামদায়ক জুতা ব্যবহার, সাবধানে হাঁটা ছাড়াও ম্যানিকিউর ও পেডিকিউরও করে থাকেন অনেকে।

নেইল আর্ট

নখের সৌন্দর্য বৃদ্ধিতে নেইল আর্ট মেয়েদের কাছে আকর্ষণীয় এক ট্রেন্ড। বিয়ে, পার্টিসহ নানা উপলক্ষে তারা নখে নকশার আঁকিবুঁকি করেন। তবে নখ ভালো রাখতে নেইল আর্টে মাঝেমধ্যে বিরতি দেওয়া উচিত। নিয়মিত নেইলপলিশ ব্যবহার করবেন না। এতে নখের স্বাভাবিক ঔজ্জ্বল্য ক্ষতিগ্রস্ত হয়। নেইল আর্টের সময় অবশ্যই ভালো মানের নেইলপলিশ ব্যবহার করা উচিত। সস্তা নেইলপলিশে সিসা-জাতীয় পদার্থ বেশি থাকে। এতে নখ শুষ্ক হয়ে যায়।

কৃত্রিম নখের যত্ন

অনেকেই নখের সৌন্দর্যে কৃত্রিম নখ ব্যবহার করেন। বাজারেও নানা ধরনের কৃত্রিম নখ কিনতে পাওয়া যায়। আঠা দিয়ে আঙুলের নখের ওপর এই কৃত্রিম নখ আটকে দেওয়া হয়। পার্টি, ফটোশুট, বিয়েসহ বিভিন্ন অনুষ্ঠানের বেলায় নারীরা এমন নখ বেশি ব্যবহার করে থাকেন। বিন্দিয়া বিউটি কেয়ারের রূপবিশেষজ্ঞ শারমিন কচি জানান, ভালো ব্র্যান্ডের কৃত্রিম নখ ব্যবহার করা উচিত। তবে তা বেশিক্ষণ পরে থাকা ঠিক নয়। অনুষ্ঠান থেকে ফিরেই নখগুলো যত্নসহকারে তুলে রেখে দিন। চেষ্টা করুন আপনার সত্যিকারের নখ নিয়েই সন্তুষ্ট থাকার। কেননা কৃত্রিম নখ ব্যবহার করলে অসাবধানতায় তা আসল নখের ওপর বিরূপ প্রভাব ফেলতে পারে।

নখ যদি দেবে যায় নখের চারপাশের চামড়া কুঁচকে গেলে কিংবা কিউটিকল উঠতে দেখলে হা-হুতাশ করবেন না। অনেকেই এই কিউটিকলগুলো পুরো অপসারণ করেন। এ কারণেও নখ দেবে যেতে পারে। বৃষ্টি ও কাদাজলে বেশি হাঁটাহাঁটির ফলেও নখ দেবে যাওয়ার আশঙ্কা দেখা দেয়। এ সময় পায়ের বুড়ো আঙুলে চাপ বেশি পড়ে বলে নখ দেবে যায়। এ জন্য বৃষ্টি ও কাদায় বেশি হাঁটাহাঁটি না করাই ভালো। কাদায় হাঁটলে দ্রুত পা ভালো করে ধুয়ে শুকিয়ে নিন। কুসুম গরম জলে শ্যাম্পু ও লবণ মিশিয়ে নখ ভিজিয়ে রাখুন। এরপর ব্রাশ করে ত্বকের ময়লা ও মরা চামড়া তুলে ফেলুন। মুগদা মেডিক্যাল কলেজের চর্মরোগ বিশেষজ্ঞ ডা. জুলফিকার হোসেন খান জানালেন, নখ যাতে আঘাত না পায় সেদিকে খেয়াল রাখুন। শুধু যে হোঁচট খেয়ে কিংবা কোনো দুর্ঘটনার কারণেই নখ ক্ষতিগ্রস্ত হয় তা নয়, বরং আঁটসাঁট জুতাও নখের ক্ষতির কারণ হতে পারে। এ জন্য আরামদায়ক জুতা পরা জরুরি। আবার এগুলো ছাড়াও বিভিন্ন অসুখ ও ভিটামিন স্বল্পতার কারণেও নখের ক্ষতি হতে পারে। এ জন্য নিয়মিত নখের যত্ন নেওয়ার পাশাপাশি বিশেষজ্ঞ চিকিৎসকের শরণাপন্ন হওয়া উচিত।



নখের সাধারণ যত্ন তেমন কঠিনও নয়। কাদাজল এড়িয়ে চলা, পা ভিজে গেলে দ্রুত শুকনো কাপড়ে মুছে নেওয়া, নখের আর্দতা রক্ষায় অলিভ ওয়েল কিংবা নারকেল তেল মাখলেও নখের উপকার হয়। কোনো কারণে নখ দেবে যাওয়া, ঘা হওয়া, পুজ কিংবা পচা রক্ত বের হওয়ার মতো পরিস্থিতি তৈরি হলে চিকিতকের পরামর্শ নিতে হবে।

নখ ভেঙে যাওয়া আর্দ আবহাওয়ার কারণেও নখ শুষ্ক হয়ে যায়। শুষ্ক নখের ক্ষতি হওয়ার আশঙ্কা বেশি। কারণ একটু চাপ কিংবা আঘাতেই নখ ভেঙে যায়। এ জন্য প্রতিদিন ৮-৯ গ্লাস জল পান করুন। এতে শরীরের শুষ্কতার প্রভাব নখের ওপর পড়বে না। শীতের দিনে ঠাণ্ডার ভয়ে অনেকেই গরম জলে স্নান করেন। খেয়াল করুন স্নানের জল যেন বেশি গরম না হয়। অতিরিক্ত গরম জলে স্নান করলে নখ জৌলুস হারাতে পারে। নখের ভেঙে যাওয়া প্রতিরোধে সুন্দর করে নখ কাটা দরকার। ভঙ্গুর নখ কাটার পর ফাইলার ব্যবহার না করাই ভালো। নখ সব সময় একই দিকে ফাইল করুন। অনেকের স্নানের পর নখ কাটার অভ্যাস। এটা করা যাবে না। এতে নখ সহজে ভেঙে যাওয়ার আশঙ্কা তৈরি হয়।

নখের যত্নে প্রতিদিন

পরিষ্কার - পরিচ্ছন্নতাই নখের সুস্থতার মূল শর্ত। নখের নিচে সহজেই ময়লা জমে যায়। ময়লা থেকে হতে পারে ফাঙ্গাল ইনফেকশন। নখের ওপরের দিক ও ভেতরের দিকের ময়লা নিয়মিত পরিষ্কার করুন। আপনার একটু বাড়তি চেষ্টাই দিতে পারে সুন্দর নখের নিশ্চয়তা। প্রতিদিন বাসনকোসন ধোয়ার আগে হাতে গ্লাভস পরে নিন। নইলে নখ ভেঙে যেতে পারে। বেশিক্ষণ জল নাড়াচাড়া করলেও নখ বিবর্ণ হয়। প্রতিদিন কাজের শেষে কুসুম গরম জলে পাঁচ মিনিট নখ ডুবিয়ে রাখুন। এরপর টাওয়েল দিয়ে হাত মুছে ভালো মানের কিউটিকল তেল দিয়ে নখ ম্যাসাজ করুন। চাইলে অলিভ অয়েলও ব্যবহার করতে পারেন। ভিটামিন এ আর ক্যালসিয়াম জাতীয় পদার্থ নখ মজবুত ও ভালো রাখতে সাহায্য করে। তাই প্রতিদিন ভিটামিন "এ" এবং ক্যালসিয়ামযুক্ত খাবার খান।

ম্যানিকিউর ও পেডিকিউর

হাত ও পায়ের যত্নে নিয়মিত পার্লারে গিয়ে ম্যানিকিউর ও পেডিকিউর করতে পারেন। এতে হাত ও পায়ের ত্বকের পাশাপাশি নখেরও আলাদা যত্ন নেওয়া হয়। চাইলে বাড়িতেও করতে পারেন কাজটা। তবে পার্লারে দক্ষ রূপচর্চাকারী থাকেন। তাঁদের কাছেই সেবাটির সবচেয়ে ভালো ফল পাওয়া যায়। নখ কাটা, কিউটিকলের যত্ন, নখের আর্দতা ও শুষ্কতার বিষয়ে তাঁরা ভালো সমাধান দিতে পারবেন।

সপ্তাহে একবার হাত ও পায়ের নখের যত্ন নিলে সুস্থ-সুন্দর নখ পাবেন। যদি তা-ও সম্ভব না হয়, তবে কমপক্ষে ১৫ দিন অন্তর হাত ও পায়ের নখের যত্ন নেওয়া জরুরি।

## স্বাদে মিষ্টি হলেও ডায়াবেটিসের মোক্ষম দাওয়াই



স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, রোজকার ডায়েটে সাদা আলুর চেয়ে রাঙালুর গুণ অনেক বেশি। কারণ সাদা আলুর চেয়ে এই মিষ্টি আলুর স্বাদ মিষ্টি হলেও অনেক পুষ্টিকর ও স্বাস্থ্যকর। এতে রয়েছে পর্যাপ্ত পরিমাণে ভিটামিন এ, সি, বি২, বি৬, ডি, ই ও বায়োটিন, ক্যালসিয়াম, ফাইবার, আয়রন, তামা, ম্যাঙ্গানিজ, যা প্রতিটিই শরীরের জন্য যথেষ্ট উপকারী।

সুগার রোগীদের জন্য সাদা আলু বিষ হলেও রাঙালু কিন্তু কার্যকরী। বিশেষজ্ঞদের মতে, রক্তে শর্করার মাত্রা বজায় রাখতে রোজ পাতে রাঙালু বা মিষ্টি আলুর তরকারি বা সেদ্ধ খাওয়া যেতে পারে। সাড়ে পাঁচ বছরের আগে থেকেই এই রাঙালু খাওয়ার চল রয়েছে। সারা বিশ্বে পাওয়া গেলেও আফ্রিকান, ক্যারিবিয়ান ও প্যাসিফিক আইল্যান্ড কুইজিনে রাঙালু খাওয়ার চল সবচেয়ে বেশি। ভারতে রাঙালু সাধারণত ডেসার্ট তৈরি করতে ব্যবহার করা হলেও আমেরিকা, ইউরোপে এই মিষ্টি আলুর ব্যবহার বহুল।

ব্লাড সুগার নিয়ন্ত্রণ রাখতে

স্বাস্থ্যের দিক থেকে সাদা আলুর চেয়ে মিষ্টি আলু অনেক গুণ বেশি উপকারী। সাদা আলুর তুলনায় এতে রয়েছে প্রচুর মাত্রায় ফাইবার, যার ফলে এটি হজমের জন্য দুর্দান্ত উপাদান। এছাড়া রক্তে শর্করার মাত্রা বজায় রাখতেও সক্ষম। প্রতিদিনের ডায়েটে ছোট করে কাটা মিষ্টি আলু সেদ্ধ বা রোস্টেড করে খেতে পারেন।

চোখের স্বাস্থ্য

চোখের সমস্যা এড়াতে প্রতিদিন রাঙালু খাওয়া যেতে পারে। রঙিন সবজি এমনিই চোখের জন্য ভাল। এতে রয়েছে ভিটামিন এ, যা চোখের স্বাস্থ্যকে রাখে স্বাভাবিক ও সুস্থ। দৃষ্টিশক্তি প্রখর করতে রাঙালুতে রয়েছে বিটা ক্যারোটিন। কিছু গবেষণায় জানা গিয়েছে, বয়সকালে চোখের সমস্যা বা ছানির সমস্যা থেকে মুক্তি পেতে রাঙালু খাওয়া উপকারী। শুধু চোখ নয়, ক্যানসার, লিভারের রোগ, হাইপোগ্লাইসেমিয়া, ও অন্যান্য স্বাস্থ্যজনিত সমস্যা থেকে রক্ষা করতে রাঙালু খাওয়া প্রয়োজন।

হজমশক্তি উন্নত করতে কনস্টিপেশন, ডায়েরিয়ার মতো হজমের সমস্যার সমাধানে রাঙালু খেতে পারেন। এতে রয়েছে ফাইবার যা পেটের মধ্যে ভাল ব্যকটেরিয়া যুক্ত করতে ও হজমের জন্য সহজপাচ্য একটি খাবার। কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণ মিশ্র খনিজ ও ভিটামিনে ভরপুর রয়েছে রাঙালুতে। এতে রয়েছে ভিটামিন বি৬, যা লাল রঙের মিষ্টি আলু খেলে হার্টের স্বাস্থ্য থাকে সুস্থ ও স্বাভাবিক। কার্ডিওভাসকুলার রোগগুলি থেকে দূরে থাকতে ও হার্টের রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা কমায়। রক্তে খারাপ রাসায়নিকগুলির প্রভাব কমাতেও সাহায্য করে। রক্তকণিকার সংখ্যা বৃদ্ধি করে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তুলতে সাহায্য করে। দীর্ঘায়ু ও ওজন নিয়ন্ত্রণ করতে নিয়মিত মিষ্টি আলু খেলে শরীরে ভিটামিন, মিনারেল, প্রোটিনেক পরিমাণ জোগান দেয়। এতে রয়েছে উচ্চমাত্রায় কার্বোহাইড্রেট, যা মেদ ঝরাতে বেশি কাজে লাগে। রোজকার সবজি বা তরকারি খাওয়ার মতো করেই মিষ্টি আলু খেতে পারেন। স্যালাদ, অলিভ অয়েল দিয়ে রোস্টেড রাঙালু খেলে শরীরে কখনও মেদ জমবে না। ভার্সেটাইল ভেজিটেবিল হিসেবে মিষ্টি আলু সবসময়ের জন্য উপকারী।

## ওটস দিয়ে বানান সুস্বাদু পুডিং

স্বাস্থ্য সচেতন হতে গিয়ে খাবারের বৈচিত্র্য আনার কথা অনেকেই ভুলে যান। রোজ সেই একঘেঁয়ে ওটস খান টক দই দিয়ে। যদিও এই খাবার মোটেই অস্বাস্থ্যকর। বরং এই খাবার খেয়ে আপনি অনায়াসে ওজন কমাতে পারেন। কিন্তু খাবারেও সামান্য বদল আনা জরুরি। ওটসের বিকল্প খুঁজে পাওয়া কঠিন। ওটস হল এমন একটি খাবার যা ওজন কমায়, রক্তে শর্করার মাত্রা, খারাপ কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণে রাখে।

ওটসের মধ্যে ভরপুর পরিমাণে ফাইবার রয়েছে, যা আপনাকে বদহজমের সমস্যা থেকে দূরে রাখতে সাহায্য করে। কিন্তু রোজ রোজ একই উপায়ে ওটস খাওয়া যায় না। তাহলে উপায় কী?

স্বাদ বদলের জন্য ওটস ও স্ট্রবেরির পুডিং খেতে পারেন। ওজন কমাতে গিয়ে অনেকেই মিষ্টির প্রতি লোভ ছেড়ে দেন। কিন্তু কখনও কখনও মিষ্টি খাবার খেতেও ইচ্ছা যায়। আর সেক্ষেত্রে কাজে আসতে পারে এই ওটস ও স্ট্রবেরির পুডিং। যদিও স্ট্রবেরিও স্বাস্থ্যের জন্য দারুণ উপকারী। স্ট্রবেরির মধ্যে প্রয়োজনীয় ভিটামিন, মিনারেল ও অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে। এই ফলের মধ্যে ভিটামিন সি রয়েছে যা রোগ প্রতিরোধের ক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করে। সুতরাং, ওজনকে নিয়ন্ত্রণে রাখার পাশাপাশি স্ট্রবেরি ডায়াবেটিস, কোলেস্টেরলের রোগীদের জন্যও উপকারী। অর্থাত এই ওটস ও স্ট্রবেরির পুডিং ডায়াবেটিসের রোগীরাও খেতে পারেন।

যে উপায়ে ওটস ও স্ট্রবেরির পুডিং তৈরি করবেন-

১/২ কাপ ওটস নিন। আর ১/২ কাপ স্ট্রবেরির টুকরো নিন। প্রথমে শুকনো কড়াইতে ওটসটা নেড়ে নিন। পুডিং তৈরি করতে রোস্টেড ওটস ব্যবহার করুন। এবার একটি বড় কাচের বাটিতে রোস্টেড ওটস এবং কেটে রাখা স্ট্রবেরি নিন। এবার এতে ঠান্ডা আমন্ডের দুধ মিশিয়ে দিন। আমন্ডের দুধের বদলে আপনি সাধারণ দুধও ব্যবহার করতে পারেন। কিন্তু ফুল ফ্যাট দুধ ব্যবহার করবেন না। ওজন কমানোর ক্ষেত্রে আমন্ড দুধ দারুণ উপকারী। এবার উপকরণগুলো ভাল করে মিশিয়ে নেবেন। এবার এই মিশ্রণটা ৬ ঘণ্টা ফ্রিজে রেখে দিন। ব্যস তৈরি ওটস ও স্ট্রবেরির পুডিং। আপনি এই ওটস ও স্ট্রবেরির পুডিং আগের দিন রাতে তৈরি করে ফ্রিজে রেখে দিতে পারেন। পরদিন সকালে জলখাবারে খেতে পারেন এই পুডিং।



সোমবার বিশ্ব বনদিবস উপলক্ষ্যে একটি বাইসাইকেল র‍্যালীর আয়োজন করা হয়।

## অবশেষে উদ্ধার হল ট্যাংরার নিখোঁজ যুবকের মৃতদেহ

কলকাতা, ২১ মার্চ (হি. স.) : লেদার কমপ্লেক্স থানার বামনঘাটায় কাঠের ব্রিজের কাছে মঙ্গলবার একটি মরদেহ উদ্ধার করে লালাবাজরের গোয়েন্দারা। পুলিশের দাবি, দেহটি ট্যাংরার বাসিন্দা বছর ৩৪-এর ঝুনু রানার। ৩ মার্চ থেকে তিনি নিখোঁজ ছিলেন।

একটি নীল ড্রাম থেকে দেহটি উদ্ধার করা হয়। ঝুনু নিখোঁজ হওয়ার পর তদন্তে নেমে গ্রেফতার করা হয় ৩ জনকে। জিজ্ঞাসাবাদে খুনের অভিযোগ স্বীকার করে গুলাম রব্বানি। তাঁর দাবি, স্ত্রীর সঙ্গে বিবাহ বহির্ভূত সম্পর্ক তৈরির চেষ্টা করছিল ঝুনু। সেই আক্রোশেই খুন করা হয়েছে।

খুনের পর দেহ ফেলে দেওয়া হয়, সায়েন্স সিটির কাছে একটি খালে। এরপরই শুরু হয়ে ঝুনুর মৃতদেহের খোঁজে তল্লাশি। এই ঘটনায় চারজনকে গ্রেফতারও করা হয়েছে। দিল্লি থেকে গ্রেফতার করা হয় গোলাম রব্বানি ও এক মহিলাকে। অন্যদিকে কলকাতা থেকে গ্রেফতার করা হয় শেখ রিয়াজ ও ইমরানকে। ৩ মার্চ থেকে নিখোঁজ থাকলেও দু'দিন পর ট্যাংরা থানায় অভিযোগ দায়ের করেন ঝুনুর ভাই বিজয় রানা। ৫ মার্চ তিনি থানায় গিয়ে পুলিশের কাছে নিখোঁজ ডায়েরি করেন। পরের দিন ৬ তারিখ এফআইআর করেন গোলাম রব্বানির বিরুদ্ধে।

## জেলেনস্কির সঙ্গে দেখা করতে ইউক্রেন গেলেন জাপানের প্রধানমন্ত্রী

টোকিও, ২১ মার্চ (হি.স.): ভলোদিমির জেলেনস্কির সঙ্গে দেখা করতে ইউক্রেন যাচ্ছেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। মঙ্গলবার আকস্মিকভাবে ইউক্রেনের উদ্দেশে রওনা করেন তিনি।

জাপানের পাবলিক ব্রডকাস্টার এনএইচকে জানিয়েছে, কিশিদা ইতোমধ্যেই ভারত ছেড়েছেন, যেখানে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করেছেন। এখন ইউক্রেন যাচ্ছেন।

এনএইচকে জানিয়েছে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর এটি জাপানের প্রধানমন্ত্রীর প্রথম ইউক্রেন সফর। এমনকি এটি জি-৭ গ্রুপের কোনও এশীয় সদস্যের প্রথম ইউক্রেন সফর।

জাপান ও মার্কিন যুক্তরাষ্ট্র সাম্প্রতিক বছরগুলোতে আঞ্চলিক নিরাপত্তা এবং গোয়েন্দা সহযোগিতার ক্ষেত্রে একসঙ্গে কাজ করছে।

এর আগে ইউক্রেনের ওপর মস্কোর আক্রমণের বিরুদ্ধে কথা বলেছিলেন জাপানের প্রধানমন্ত্রী কিশিদা। গত বছর সতর্ক করে তিনি বলেছিলেন, 'আজ ইউক্রেন, আগামীকাল পূর্ব এশিয়া হতে পারে।'

এদিকে, গতকাল প্রেসিডেন্ট পুতিনের সঙ্গে সাক্ষাৎ করতে মস্কো গেছেন চিনা প্রেসিডেন্ট শি জিনপিং। ইউক্রেন যুদ্ধ শুরুর পর এটি রাশিয়ায় তার প্রথম রাষ্ট্রীয় সফর। জাপানের মিত্র ইংল্যান্ড ও ইউক্রেন আশা করছে, শি জিনপিংয়ের রাশিয়া সফর যুদ্ধ বন্ধে ভূমিকা রাখবে।

## পাকিস্তানে গাড়িতে হামলায় এক পিটিআই নেতাসহ নিহত ১০ জন

পাকিস্তান, ২১ মার্চ (হি.স.): পাকিস্তানে ভয়াবহ হামলায় মৃত্যু হল ইমরান খানের দল পিটিআই-এর এক নেতা সহ মোট ১০ জনের। সোমবার পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশে পিটিআই-এর অন্যতন নেতা আতিফ মুনসিফ খানের গাড়ি লক্ষ্য করে হামলা হয়। এদিন অ্যাবোটাবাদ জেলায় ওই হামলার ঘটনায় অভিযোগ উঠেছে বিরোধী গোষ্ঠীর বিরুদ্ধে। খবর অনুযায়ী, ওই গাড়ি লক্ষ্য করে পরপর গুলি চালানোর ঘটনা ঘটে। অ্যাবটাবাদ জেলা পুলিশ অফিসার উমর তুফাইল জানিয়েছেন, লাংরা গ্রামের কাছে গাড়ি লক্ষ্য করে পরপর গুলি চালানোয় বিস্ফোরণ ঘটে গাড়ির ফুয়েল ট্যাঙ্কে। তবে ওই গোষ্ঠীর দাবি, তারা গুলি চালায়নি। রকেট হামলাতেই এমন বিস্ফোরণ ঘটেছে। গাড়িতে আগুন ধরে যাওয়ায় গাড়ির মধ্যে থাকা প্রত্যেকের মৃত্যু হয়েছে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে। ঘটনার খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছে যায় বিশাল পুলিশ বাহিনী। কারা এই ঘটনার জন্য দায়ী, তার খোঁজে তল্লাশি শুরু হয়েছে। তবে, এখনও পর্যন্ত কোনও এফআইআর দায়ের হয়নি। পুলিশ দেহ উদ্ধার করে আবোটাবাদ জেলা হাসপাতালে নিয়ে যায়। আতিফ মুনসিফ খান নামে ওই পিটিআই নেতা প্রাক্তন মন্ত্রী মুনসিফ খান জাদোঁর ছেলে।

## ২৩ মার্চ অবধি মুলতুবি উভয়কক্ষের অধিবেশন, ধনখড়ের ডাকা সর্বদল বৈঠকে গেল ৩টি দল

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): আগামী ২৩ মার্চ বেলা এগারোটা অবধি মুলতুবি হয়ে গেল লোকসভা ও রাজ্যসভার অধিবেশন। রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় ঘোষণা করেছেন, ২২ মার্চ রাজ্যসভার কোনও অধিবেশন বসবে না, ওই দিন বিভিন্ন উৎসব সম্পর্কিত বেশ কয়েকজন সদস্যের প্রস্তাব বিবেচনা করে এই সিদ্ধান্ত নিয়েছেন চেয়ারম্যান জগদীপ ধনখড়। একইভাবে আগামী ২৩ মার্চ বেলা এগারোটা অবধি মুলতুবি হয়ে গিয়েছে লোকসভার অধিবেশনও। মঙ্গলবারও সংসদের কাজকর্ম পন্ড হয়েছে, আদানি গোষ্ঠী ইস্যুতে জেপিসি তদন্তের দাবিতে বিরোধীদের হইহট্টগোলে মঙ্গলবার উত্তাল হয় লোকসভা ও রাজ্যসভা। একইসঙ্গে ভারতীয় গণতন্ত্র সম্পর্কে অনভিপ্রেত মন্তব্যের জন্য কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীকে ক্ষমা চাইতে বলেন বিজেপি সাংসদরা। শাসক ও বিরোধীদের মধ্যে তুমুল হইচইয়ের কারণে মঙ্গলবার দুপুর দু''টো অবধি লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়। এই নিয়ে বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের একদিনও সেভাবে কাজকর্ম হল না সংসদে। মঙ্গলবার বেলা এগারোটা থেকে শুরু হয় সংসদের উভয়কক্ষের অধিবেশন। শুরু থেকেই আদানি গোষ্ঠী ইস্যুতে জেপিসি তদন্তের দাবি জানাতে থাকেন কংগ্রেস-সহ বিরোধী দলের সাংসদরা। আবার রাহুল গান্ধীকে ক্ষমা চাইতে বলেন বিজেপি সাংসদরা। তুমুল হইচই ও স্লোগানের কারণে সভার কাজকর্ম ঠিকভাবে চালানো যাচ্ছিল না। একই পরিস্থিতি ছিল সংসদের উভয়কক্ষেই। তাই দুপুর দু''টো অবধি লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়। এদিন ফ্লোর নেতাদের সর্বদলীয় বৈঠকে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানান লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা ও রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়। রাজ্যসভার অধিবেশন যাতে সুষ্ঠুভাবে চালানো সম্ভব হয়, সে জন্য রাজ্যসভার চেয়ারম্যান বেলা ১১.৩০ মিনিট নাগাদ বৈঠক ডাকেন। কিন্তু, ধনখড়ের ডাকা সর্বদল বৈঠকে গিয়েছে ৩টি দল। বিজেপি, ওয়াইএসআর কংগ্রেস পার্টি ও টিডিপি বৈঠকে যোগ দেয়, বাকি কোনও দল বৈঠকে যায়নি।

## আধার কার্ডের সঙ্গে প্যান লিঙ্কের সময় বাড়ানো হোক ৬ মাস, প্রধানমন্ত্রীকে চিঠি অধীরের

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): আধার কার্ডের সঙ্গে প্যান কার্ডের লিঙ্কের সময়সীমা বাড়ানোর আবেদন জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখলেন কংগ্রেস সাংসদ অধীর রঞ্জন চৌধুরী। প্রধানমন্ত্রীকে লেখা চিঠিতে অধীর রঞ্জন চৌধুরী অনুরোধ জানিয়েছেন, আরও ৬ মাস বাড়ানো হোক আধার কার্ডের সঙ্গে প্যান কার্ড লিঙ্কের সময়সীমা। একইসঙ্গে আধার কার্ডের সঙ্গে প্যান কার্ড লিঙ্কের যাবতীয় প্রক্রিয়াটি বিনামূল্যে করার জন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ জানিয়েছেন অধীর রঞ্জন চৌধুরী। মঙ্গলবারই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখেছেন কংগ্রেস সাংসদ অধীর রঞ্জন চৌধুরী। প্রসঙ্গত, আধার কার্ডের সঙ্গে প্যান কার্ড লিঙ্কের অন্তিম তারিখ ২০২৩ সালের ৩১ মার্চ।

## আবারও করোনা আক্রান্ত হলেন কিরণ খের

মুম্বই, ২১ মার্চ (হি. স.) : নতুন করে করোনা আক্রান্ত হয়েছেন অভিনেত্রী কিরণ খের। উল্লেখ্য, তিনি এর আগেও একবার করোনা আক্রান্ত হয়েছিলেন। সুস্থ হয়ে ওঠার পরেও তাঁর শরীরে আবারও করোনা থাবা বসাল। নতুন করে করোনা আক্রান্ত হবার খবর সোশ্যাল মিডিয়ায় জানিয়েছেন অভিনেত্রী নিজেই। একইসাথে তিনি জানিয়েছেন, তার শরীরে কোভিডের মৃদু উপসর্গই দেখা গিয়েছে। পাশাপাশি তিনি আবেদন করেছেন, যারা বিগত কয়েকদিনের মধ্যে তাঁর সংস্পর্শে এসেছেন, তাঁরা যেন সকলেই কোভিড টেস্ট করান। কিরণ খেরের করোনা আক্রান্ত হওয়ার খবরে বলিউডে ছড়িয়েছে ব্যাপক চাঞ্চল্য।

## মহর্ষি দয়ানন্দ সরস্বতীর ২০০তম জন্মবার্ষিকী দেশজুড়ে আরএসএসের কর্মসূচি

কলকাতা, ২০ মার্চ (হি. স.) : মহর্ষি দয়ানন্দ সরস্বতীর ২০০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে দেশজুড়ে একাধিক কর্মসূচি গ্রহণ করতে চলেছে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ। সোমবার সঙ্ঘের তরফে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ কথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, "পানিপথে সদ্য সমাপ্ত অখিল ভারতীয় প্রতিনিধি সভা ২০২৩ য়ের বৈঠকে এবিষয়ে সবিস্তারে আলোচনা হয়েছে। সঙ্ঘের সরকার্যবাহ দত্তাত্রেয় হোসাবলের বক্তব্যের লিখিত বিবৃতি সামনে এসেছে। সেখানে বলা হচ্ছে, মহর্ষি দয়ানন্দের ২০০ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ তাঁকে শ্রদ্ধা জানাবে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে এবং দেশের প্রতিটি প্রান্তের স্বয়ংসেবকরা মহর্ষি দয়ানন্দ সরস্বতীর আদর্শ ছড়িয়ে দেবে সমাজের মধ্যে।

প্রসঙ্গত, সঙ্ঘ প্রতিষ্ঠাতা কেশব বলিরাম হেডগেওয়ার বাংলার অনুশীলন সমিতি এবং মহর্ষি দয়ানন্দ সরস্বতী প্রতিষ্ঠিত আর্য সমাজের কাজের দ্বারা খুবই প্রভাবিত ছিলেন। মহর্ষির গো রক্ষা আন্দোলনের কথা, দয়ানন্দ সরস্বতীর জীবনভর গো হত্যার বিরুদ্ধে আন্দোলনকে উল্লেখ করে বলা হয়েছে, তিনি গো নির্ভর কৃষি ব্যবস্থা এবং গোরু প্রতিপালনের কথা বলতেন, যা বর্তমানকালে আর্যসমাজের বিভিন্ন কাজের মধ্যেও প্রতিফলিত হয়। বিবৃতিতে উঠে এসেছে মহর্ষির স্বদেশীয়ানার প্রসঙ্গও।

তাঁর লিখিত গ্রন্থ সত্যার্থ প্রকাশকে উল্লেখ করে বলা হয়েছে, মহর্ষি দয়ানন্দ র ধারণা ছিল স্বদেশী, স্বভাষা, স্ববোধ ছাড়া স্বরাজ আসতে উঠতে পারেনা। অস্পৃশ্যতার বিরুদ্ধে সামাজিক পরিবেশ গড়ে তুলতে জাতিভেদ প্রথার বিরুদ্ধে মহর্ষির ভাবনা এবং ভারতীয় সংস্কৃতি, সভ্যতার উপর মহর্ষি গভীর আস্থা ও শ্রদ্ধা ছিলেন, তিনি বলতেন, বেদের যুগে ফিরে চলো। নেশামুক্ত, কুসংস্কারমুক্ত দেশ গড়তে প্রতিটি স্বয়ংসেবক মহর্ষি দয়ানন্দের ২০০ তম জন্মবার্ষিকী পালন করবে।"

## প্রাথমিক শিক্ষা সংসদের সচিবকে তলব ইডির

কলকাতা, ২১ মার্চ (হি. স.) : নিয়োগ দুর্নীতির সব দিক খতিয়ে দেখছেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। এবার প্রাথমিক শিক্ষা সংসদের সচিবকে তলব করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট।মঙ্গলবারই দুপুরে ইডি অফিসে প্রাথমিক শিক্ষা সংসদের সচিবকে তলব করা হয়।

২০১২ সালের ও ২০১৪ সালের টেটে চাকরি পাওয়া প্যানেলের নথি সহ প্রাথমিক শিক্ষা সংসদের সচিবকে তলব করা হয়েছে। কেন হঠাৎ প্রাথমিক শিক্ষা সংসদের সচিবকে তলব করা হল ? জানা যাচ্ছে, এখানেও সেই অয়ন যোগ। সোমবার নিয়োগ দুর্নীতিতে গ্রেফতার অয়ন শীলের বাড়ি থেকেও একই ধরনের প্যানেল পাওয়া গিয়েছে। সেই সূত্র ধরেই ডেকে পাঠানো হয়েছে প্রাথমিক শিক্ষা সংসদের সচিবকে।

## কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে, পাওনা টাকার দাবিতে দু'দিনের ধর্নায় বসছেন মমতা

কলকাতা, ২১ মার্চ (হি. স.) : 'বাংলাকে নানা ক্ষেত্রে বঞ্চনা করছে কেন্দ্র' এই অভিযোগে বারবারই সরব হয়েছে রাজ্যের শাসকদল তৃণমূল। এবার সেই বঞ্চনা নিয়ে বৃহত্তর আন্দোলনে নামছেন স্বয়ং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দিল্লির দরবারে তিনি ধরনায় বসবেন।

মঙ্গলবার ওড়িশা যাওয়ার পথে বিমানবন্দরে দাঁড়িয়ে নতুন করে আন্দোলনে এই ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী। জানালেন, মুখ্যমন্ত্রী হিসেবে তিনি ধরনা দেবেন ২ দিন ধরে। ২৯ ও ৩০ মার্চ দিল্লিতে আম্বেদকর মূর্তির পাদদেশ ধরনায় বসবেন বাংলার মুখ্যমন্ত্রী। ১০০ দিনের কাজের বকেয়া টাকা-সহ একাধিক কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী। সেই দাবি আদায়েই দিল্লিতে গিয়ে ধর্নায় বসতে চলেছেন তিনি।

দিন তিনেকের ওড়িশা সফরে পুরীর মন্দিরে পুজো দেবেন মমতা। সেখানে বাংলার একটি অতিথিনিবাসের জমিও চিহ্নিত করার কথা মুখ্যমন্ত্রীর। তবে এই সফরের সবচেয়ে তাৎপর্যপূর্ণ বিষয় হল, ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়কের সঙ্গে মমতার বৈঠক। সম্প্রতি কলকাতায় দলীয় কর্মসূচিতে এসে মমতার সঙ্গে দেখা করে কংগ্রেসকে ছাড়া বিরোধী জোটের সলতে পাকিয়ে গিয়েছেন এসপি নেতা অখিলেশ যাদব। পট্টনায়কের সঙ্গে বৈঠকে তা নিয়েই আলোচনা আরও এগিয়ে যেতে পারে বলে মনে করা হচ্ছে।

## সভার কাজ ঠিকভাবে চলুক তা বিরোধীরা চাইছে না, দেশকে তাঁরা বিভ্রান্ত করছেন : পীযূষ গোয়েল

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): সংসদে অচলাবস্থার জন্য বিরোধীদের দায়ী করলেন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা পীযূষ গোয়েল। তিনি বলেছেন, সভার কাজ ঠিকভাবে চলুক তা বিরোধীরা চাইছে না, দেশকে তাঁরা বিভ্রান্ত করছেন। বিরোধীদের হইহট্টগোলের কারণে মঙ্গলবারও লোকসভা ও রাজ্যসভার কাজকর্ম পন্ড হয়েছে। আগামী ২৩ মার্চ বেলা এগারোটা অবধি লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়েছে। এই অচলাবস্থার জন্য কংগ্রেস-সহ বিরোধীদের দায়ী করে কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, দেশের তরুণ প্রজন্মের কাছে কী বার্তা পৌঁছেছে সে বিষয়ে সদনের সদস্যরা উদ্বিগ্ন। বিরোধীরা আবারও সংসদকে অসম্মান করেছে। শিরোনামে থাকার আর কোনও কারণ নেই তাঁদের।'

কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা পীযূষ গোয়েল আরও বলেছেন, বিরোধীরা সরকার ও বিরোধীদের মধ্যে সমস্যা মেটাতে অস্বীকার করেছে। বোঝাই যাচ্ছে সভার কাজ ঠিকভাবে চলুক তা বিরোধীরা চাইছে না, দেশকে তাঁরা বিভ্রান্ত করছেন। আগামী দিনে দেশ এ সবের কড়া জবাব দেবে। পীযূষ গোয়েল আরও বলেছেন, কংগ্রেসের জয়রাম রমেশ চেয়ারম্যানের বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ করেছেন। চেয়ারম্যানের সঙ্গে দেখা করতে রাজি হননি বিরোধীদলের নেতা। আমরা এর নিন্দা জানাই। সংসদের জন্য খুবই দুঃখজনক পরিস্থিতি।

## খেলো ইন্ডিয়া স্কিমের অধীনে ২, ৫৫০ খেলো ইন্ডিয়া অ্যাথলেট চিহ্নিত করা হয়েছে : অনুরাগ ঠাকুর

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): খেলো ইন্ডিয়া স্কিমের অধীনে ২,৫৫০ খেলো ইন্ডিয়া অ্যাথলেট চিহ্নিত করা হয়েছে। মঙ্গলবার লোকসভায় এমনটাই জানিয়েছেন কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। একটি লিখিত উত্তরে কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর জানান, খেলো ইন্ডিয়া অ্যাথলেটদের বেশিরভাগই দেশের গ্রামীণ অঞ্চলের। মন্ত্রী জানান, খেলো ইন্ডিয়া স্কিমের অধীনে আন্তর্জাতিক মানের সঙ্গে সমানভাবে প্রশিক্ষণ এবং এক্সপোজার প্রদানের জন্য বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে, যার মধ্যে স্বীকৃত একাডেমিতে খেলো ইন্ডিয়া অ্যাথলেটদের প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে।

এই ক্রীড়াবিদরা খেলো ইন্ডিয়া যুব ও বিশ্ববিদ্যালয় গেমসে অংশগ্রহণ করেন, যেখানে আন্তর্জাতিক মানের প্রযুক্তিগত আচরণের মানদণ্ড রয়েছে। উপরন্তু, এই ক্রীড়াবিদরা বিভিন্ন ফোরামে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়াবিদদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করেন, যা তাঁদের সক্ষমতা বাড়ায়।

## অসময়ে বৃষ্টি ও শিলাবৃষ্টিতে রবি ফসলে তেমন কোনও প্রভাব পড়েনি : কৃষিমন্ত্রী

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.): অসময়ে বৃষ্টি ও শিলাবৃষ্টিতে রবি ফসলে তেমন কোনও প্রভাব পড়েনি। আশ্বস্ত করলেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর। মঙ্গলবার কৃষিতে উচ্চ শিক্ষার জন্য ব্লেন্ডেড লার্নিং ইকোসিস্টেমের আন্তর্জাতিক সম্মেলনে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর বলেছেন, অসময়ে বৃষ্টি ও শিলাবৃষ্টিতে গমের মতো রবি শস্যের ওপর তেমন কোনও প্রভাব পড়েনি।

তিনি জানান, 'প্রাথমিক মূল্যায়ন অনুসারে রবি শস্যের ওপর খুব বেশি প্রভাব পড়েনি। আমরা এখনও রাজ্য সরকারগুলির কাছ থেকে একটি গ্রাউন্ড রিপোর্ট পাইনি।' গম হল প্রধান রবি শস্য, যা কিছু রাজ্যে এখন কাটার কাজ চলছে। সরিষা এবং ছোলা অন্যান্য প্রধান রবি শস্য। দেশের কিছু রাজ্যে অসময়ের বৃষ্টি ও শিলাবৃষ্টিতে রবি শস্যের ক্ষতি হয়েছে বলে শোনা যাচ্ছে। কিন্তু কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর জানিয়েছেন, অসময়ে বৃষ্টি ও শিলাবৃষ্টিতে রবি ফসলে তেমন কোনও প্রভাব পড়েনি।

## 'দোষীরা শাস্তি পাবে', ভারতীয় দূতাবাসে খলিস্তানি তাণ্ডবে প্রতিক্রিয়া আমেরিকার

ওয়াশিংটন, ২১ মার্চ (হি.স.): অপরাধীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে। ভারতীয় দূতাবাসে খলিস্তানি তাণ্ডবে এমনই প্রতিক্রিয়া আমেরিকার বিদেশ দফতরের। রবিবারে সান ফ্রান্সিসকোর ভারতীয় হাই কমিশনের দফতরে তেরঙ্গা খুলে নিয়ে খলিস্তানি পতাকা উত্তোলন করে বিক্ষোভকারীরা। ভারতের তরফে এই ঘটনার তীব্র নিন্দা করা হয়। এরপরই বিষয়টি নিয়ে নিজেদের কড়া অবস্থান জানিয়ে দেয় আমেরিকে। আমেরিকার বিদেশ দফতরের বার্তা- ভারতীয় দূতাবাসে খলিস্তানি তাণ্ডব একেবারেই মেনে নেওয়া যায় না। দূতাবাস ও সেখানকার কর্মীদের নিরাপত্তা সুনিশ্চত করতে প্রশাসন বদ্ধপরিকর।

খলিস্তানি নেতা অমৃতপাল সিংকে গ্রেফতারির চেষ্টার প্রতিবাদ উত্তাল হয়ে উঠেছে বিশ্বের নানা প্রান্তের খলিস্তানিরা। ব্রিসবেন, লন্ডন, সান ফ্রান্সিসকো- একাধিক জায়গায় ভারতীয় দূতাবাসে তাণ্ডব চালিয়েছে হলুদ পতাকাধারীরা। দফতরের জাতীয় পতাকা খুলে নিয়ে সেখানে হলুদ পতাকা লাগিয়ে দেওয়া হয়। ভারত বিরোধী স্লোগানও শোনা যায় খলিস্তানিদের মুখে। সোমবার এই হামলার খবর প্রকাশ্যে আসতেই দিল্লিতে নিযুক্ত মার্কিন আধিকারিকের কাছে কড়া নিন্দা জানায় ভারত। তার উত্তরে বিবৃতি প্রকাশ করে মার্কিন বিদেশ দফতর। সেখানে বলা হয়, "হাই কমিশনের মতো দফতরের নিরাপত্তা বজায় রাখতে আমরা বদ্ধপরিকর। গণতন্ত্রের প্রতীক এই দফতরগুলি। সেখানে এহেন ঘটনা একেবারেই মেনে নেওয়া যায় না। তবে এই ঘটনায় আমেরিকার চোখ খুলে গিয়েছে। অপরাধীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।" এদিকে, একইদিনে লন্ডনে অবস্থিত ভারতীয় দূতাবাসেও হামলা চলায় খলিস্তানিরা।

## ছত্রপতি শিবাজির রাজ্যাভিষেকের ৩৫০ বছর পূর্তি পালন করবে আরএসএস

কলকাতা, ২১ মার্চ (হি. স.) : ২০২৩-এ ছত্রপতি শিবাজির ৩৫০ বছর পূর্তি। এই উপলক্ষে মহারাষ্ট্রের পাশাপাশি দেশজুড়ে হবে বিভিন্ন অনুষ্ঠান। দিনটি মর্যাদার সঙ্গে পালন করবে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘও। নানা অনুষ্ঠানের মাধ্যমে দিনটি পালনের আবেদন করা হয়েছে সমাজের সর্বস্তরের মানুষদের পাশাপাশি স্বয়ংসেবকদেরও।

সঙ্ঘের এক বিবৃতিতে জানানো হয়েছে, "ভারতের অন্যতম মহান ব্যক্তিত্ব হলেন ছত্রপতি শিবাজি মহারাজ। সমাজকে দাসত্বের মানসিকতা থেকে মুক্ত করেছিলেন তিনি। জনমানসে আত্মবিশ্বাস ও আত্মশ্রদ্ধার বোধ জাগিয়েছিলেন। সিংহাসনে বসার পর জৈষ্ঠ্য শুদ্ধ ত্রয়োদশীতে তিনি গঠন করেছিলেন হিন্দাভি স্বরাজ।

ছত্রপতি শিবাজি ছিলেন নির্ভীক, ক্ষুরধার বুদ্ধির অধিকারী, দক্ষ প্রশাসক, যুদ্ধবিশারদ। মহিলাদের সম্মান করতেন তিনি। শিবাজি ছিলেন মনেপ্রাণে হিন্দুত্ববাদী। বিভিন্ন ঘটনা থেকে পরিচয় মেলে ঈশ্বরের প্রতি তাঁর অগাধ বিশ্বাসের। লক্ষ্যে অবিচল থাকতেন তিনি। বাবা-মা ও শিক্ষকদের শ্রদ্ধা করতেন। আনন্দ ও দুঃখে তিনি সর্বদা পাশে থাকতেন স্বদেশবাসীর।

সমাজের সর্বস্তরের মানুষের পাশেও দাঁড়াতেন। শৈশব থেকেই তিনি স্বদেশবাসীকে স্বরাজ প্রতিষ্ঠার জন্য উৎসাহিত করতেন। তাঁর এই শিক্ষা পরবর্তীকালে দেশপ্রেমিকদের কাছে প্রেরণার মন্ত্র হয়ে উঠেছিল। এমনকী তাঁর মৃত্যুর পরে কয়েক দশক ধরে তাঁর সমাজ সমস্ত রকম আক্রমণ থেকে নিজেদের রক্ষা করেছিল। এটি ইতিহাসের একটি মৌলিক উদাহরণ। ছোট থেকে শিবাজি মহারাজ যে স্বরাজের স্বপ্ন দেখতেন, তা কেবল ক্ষমতা দখল করতে নয়, ধর্ম ও সংস্কৃতি রক্ষা ও প্রতিপালনের জন্য একটা সমাজ গড়তে চেয়েছিলেন, যে সমাজের 'অহং' বোধ থাকবে। তিনি বিশ্বাস করতেন এই রাজ্য প্রতিষ্ঠা হয়েছে ভগবানের ইচ্ছায়। স্বরাজ প্রতিষ্ঠার সময় অষ্টপ্রধান মণ্ডল, 'রাজ্য ব্যবহার কোষ সৃষ্টি' করেছিলেন তিনি। সুচারুভাবে শাসনকার্য পরিচালনার জন্য স্থানীয় ভাষা ব্যবহার করতেন। শিবশক পঞ্জিকা চালু করেছিলেন। রাজভাষা ও রাজমুদ্রায় সংস্কৃতকে মর্যাদা দিয়েছিলেন। 'ধর্মস্থাপনার্থ' জন্য তিনি 'স্বরাজ' প্রতিষ্ঠা করেছিলেন। বর্তমান ভারতও জাতি গঠনের পথেই হাঁটছে। সমাজে জাগাতে চাইছে অহং বোধ। ছত্রপতি শিবাজি মহারাজের সেই জীবনবোধ আজও সমানভাবে প্রাসঙ্গিক এবং প্রেরণা জোগায়।

## টলিউডেও লগ্নি করেছিলেন নিয়োগ দুর্নীতিতে ধৃত অয়ন

কলকাতা, ২১ মার্চ (হি. স.) : নিয়োগ দুর্নীতিতে গ্রেফতার হয়েছেন তৃণমূলের বহিষ্কৃত যুবনেতা শান্তনু বন্দ্যোপাধ্যায় ঘনিষ্ঠ অয়ন শীল। পেশায় প্রোমোটার অয়ন শীল তথ্য প্রযুক্তি সংস্থার মালিকও। টলিউডেও ছিল তাঁর গভীর যোগ।

সূত্র জানাচ্ছে, কোভিডের আগেই ঘোষিত হয়েছিল কৌশিক গঙ্গোপাধ্যায়ের ছবি 'কাবাডি কাবাডি'।ওই ছবির জন্য টাকা ঢেলেছিলেন অয়ন। ছবিটির মুখ্য চরিত্রে ছিলেন ঋত্বিক চক্রবর্তী, সোহিনী সরকার, অর্জুন চক্রবর্তীও।

ছবির শুটিং প্রায় শেষ হয়ে গিয়েছিল। বোলপুরে হয়েছিল এই ছবির শুটিং। ছবিতে প্রথমে কাজ করার কথা ছিল অঙ্কুশ হাজরার। পরে যদিও তিনি আর পরিচালকের সঙ্গে কাজ করেননি। কীভাবে অয়নের সঙ্গে আলাপ হয়েছিল কৌশিকের, জানতে যোগাযোগ করার চেষ্টা করলেও তিনি ফোন তোলেননি।

এবিএস ইনফোজোন প্রাইভেট লিমিটেড নামক যে প্রযোজনা সংস্থার তরফে ওই ছবি তৈরি হয়েছিল সেটি ছিল ওই সংস্থার প্রথম প্রযোজিত ছবি।

ছবিটির সাংবাদিক সম্মেলনও আয়োজিত হয়েছিল ঘটা করে। সেখানে বান্ধবী শ্বেতা চক্রবর্তীর সঙ্গে হাজির থাকতে দেখা গিয়েছিল অয়নকে। হাজির ছিলেন অন্যান্য কলাকুশলীও।

উল্লেখ্য, দীর্ঘ ৩৭ ঘন্টার জিজ্ঞাসাবাদ এবং তল্লাশির গ্রেফতার পর শান্তনু বন্দ্যোপাধ্যায় ঘনিষ্ঠ ব্যবসায়ী অয়ন শীলকে সোমবার ভোরে অয়নকে গ্রেফতার করেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। হুগলি জেলার বলাগড়ের তৃণমূল নেতা শান্তনু বন্দ্যোপাধ্যায়কে গ্রেফতারের পরই ইডির স্ক্যানারে আসে অয়নের নাম।

# করিমগঞ্জের এলংজুরিতে লাইমস্টোন বোঝাই লরি দুর্ঘটনাগ্রস্ত

করিমগঞ্জ (অসম), ২১ মার্চ (হি.স.) : এক বড়ো ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পেয়েছে করিমগঞ্জ শহরের উপকন্ট এলংজুরি এলাকা।মঙ্গলবার সকালে নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনাগ্রস্ত হয় অভার লোড লাইমস্টোন বোঝাই লরি। তবে কোন হতাহতের খবর পাওয়া যায়নি।
জানা গেছে, লাইমস্টোন বোঝাই নিয়ে সুতারকান্দি যাওয়ার পথে এলংজুরিতে বাঁক নিতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনাগ্রস্ত হয় এনএল-০১-এই-৩৮৮৪ নম্বরের লরিটি। ঘটনার পর অভারলোড লরি থেকে অনেকগুলো লাইমষ্টোন ছড়িয়ে ছিটিয়ে পড়লে ক্ষতিগ্রস্ত হয় বেশ কয়েকটি ব্যবসায়িক প্রতিষ্ঠান সহ বসতবাড়ি।

# বিএসএফের উদ্যোগে বিভিন্ন খেলার সামগ্রী বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২১ মার্চ।।** সোমবার বিলোনিয়া ঈশান চন্দ্রনগরের মুন্ডা পাড়া জেবি স্কুল মাঠে সিভিক এ্যাকসান কর্মসূচীর পর আজ আবার বিলোনিয়া নবোদয় বিদ্যালয়ে। নবোদয় বিদ্যালয় এবং বিলোনিয়া বি কে আই দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষা সামগ্রী,ও খেলার সামগ্রী এবং নবোদয় বিদ্যালয় কে অতিরিক্ত একটি ইন্টারেক্টিভ বোর্ড প্রদান করে বিএসএফ এর ২০০ নম্বর ব্যাটেলিয়ান।পড়ুয়া ছাত্র-ছাত্রীদের খেলার মাঠে নিয়োজিত রাখার জন্য এবং খেলাধুলায় উৎসাহিত করতে বিভিন্ন খেলার সামগ্রী দেওয়া হয় ।এই দিনের আয়োজিত অনুষ্ঠানে উপসিত ছিলেন বিএসএফের ২০০ নং ব্যাটেলিয়নের কমান্ডেন্ট রাজ নারায়ণ মিশ্র, টুআইসি মুকেশ কুমার ভার্মা, ডি সি রাকেশ কুমার সহ অন্যান্য আধিকারিকগন। ছাত্রছাত্রীদের হাতে খেলা সামগ্রী সহ পড়ালেখা সামগ্রী তুলে দেওয়ায় খুশি অভিভাবক সহ সীমান্ত বসবাসকারী সকলেই। বিএসএফের এই অনুষ্ঠান কে ঘিরে ছাত্র-ছাত্রীদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। নবোদয় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এই উপলক্ষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। আজকের বিএসএফের এই অনুষ্ঠান প্রসঙ্গে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে নবোদয় বিদ্যালয়ের অধ্যক্ষ সুব্রত আচার্য্য এই কর্মসূচির বিষয়ে নানা দিক তুলে ধরেন এবং বিএসএফ ২০০ নম্বর ব্যাটেলিয়ানকে অভিনন্দন জানান।

## পরকিয়ায়

● প্রথম পাতার পর

দুজনে সোনামুড়ার একটি হোটেলে একত্রিতভাবে পুলিশের কাছে ধরাও পড়ে। অবশেষে পাঁচ বছর শেষে গত শনিবার তারা ইসলাম রীতি অনুযায়ী দুজনে বিবাহ করে। এমনকি বর্তমানে গর্ভবতী অবস্থায় রয়েছে ছালিমা বলে জানায় তার স্বামী খলিল। এ নিয়ে একাধিকবার গ্রামের মাতব্বররা সালিলি সভার মাধ্যমে বিষয়টি মিমাংসা করতে চাইলেও তা হয়নি। অবশেষে গতকাল অর্থাৎ সোমবার রাতে খলিল কদমতলা থানায় তার স্ত্রী ছালিমা ও ফারুকের বিরুদ্ধে মামলা দায়ের করে। রাতেই পুলিশ ঘটনার তদন্তে নেমে পড়েছে। তবে সে আইনী বিচারের আশায় পুলিশের নিকট আবেদন জানিয়েছে।

## চড়িলামে

● প্রথম পাতার পর

সহধর্মিনী রিঙ্কু দেবনাথ। ঘটনার সঙ্গে জড়িত দুষ্কৃতিকারীদের চিহ্নিত করে কঠোর শাস্তির দাবিতে বিশালগড় থানায় দ্বারস্থ হলেন রিঙ্কু দেবনাথ সহ উনার পরিবারের লোকজন। জানা যায় প্রতিনিয়ত চড়িলাম বিধানসভা কেন্দ্রে রাজনৈতিক প্রতিহিংসা ঘটে চলেছে।প্রতিনিয়ত চড়িলাম বিধানসভা কেন্দ্রের বিভিন্ন এলাকায় রাতের আধারে দুষ্কৃতিকারীরা মানুষের বাড়ি ঘরে আক্রমণ চালাচ্ছে।এমন কি যে সমস্ত বাড়ি করে আক্রমণ করতে পারছেন না তাদের কৃষি জমিতে আক্রমণ চালিয়ে সমস্ত কৃষি ফসল নষ্ট করে দিচ্ছে দুষ্কৃতি কারীরা।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# সাতচাঁদ কমিউনিটি হলে মন্ত্রী ও বিধায়ককে সংবর্ধনা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** সাতচাঁদ সমাজকল্যাণ প্যাক্স ও সাবরুম প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ লিঃ যৌথ উদ্যোগে সাতচাঁদ কমিউনিটি হলে মন্ত্রী ও বিধায়ককে সংবর্ধনা দেওয়া হয়।
দক্ষিণ জেলার সাব্রুম মহকুমার সাতচাঁদ ব্লক এলাকার সাতচাঁদ কমিউনিটি হলে একুশে মার্চ মঙ্গলবার সকাল আনুমানিক আটটা নাগাদ এক সংবর্ধনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রাজ্যের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া এবং বিধায়ক মাইলাফ্রু মগ মহাশয় কে সংবর্ধনা দেওয়া হয় সাতচাঁদ সমাজকল্যাণ প্যাক্স ও সাবরুম প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ লিঃ পক্ষ থেকে। সংবর্ধনা সভায় সভাপতিত্ব করেন সাতচাঁদ সমাজ কল্যাণ প্যাক্সের চেয়ারম্যান মানিক ভৌমিক। সভায় মন্ত্রী ও বিধায়কের সাথে উপস্থিত ছিলেন ৩৯ মনু মন্ডলের মন্ডল সভাপতি দীপক দত্ত , সাবরুম প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ লিমিটেডের চেয়ারম্যান খোকন দে , রুপাইছড়ি বিএসি—এর চেয়ারম্যান রাখি ত্রিপুরা, তপশিলি জাতি মোর্চার মন্ডল সভাপতি নির্মল দাস সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গরা ও এই এলাকার সকল অংশের জনগণ।

# মোহরছড়ায় পশুধন মেলা ও প্রদর্শনী অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২১ মার্চ।।** ত্রিপুরা সরকারের প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে খোয়াই জেলা ভিত্তিক পশুধন মেলা ও প্রদর্শনী অনুষ্ঠিত হয় তেলিয়ামুড়া আর.ডি ব্লকের অন্তর্গত মোহরছড়া স্কুল মাঠ প্রাঙ্গনে মঙ্গলবার দিন। প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে এদিনের এই অনুষ্ঠানের শুভ সূচনা করেন তেলিয়ামুড়া বিধানসভা কেন্দ্রের বিধায়িকা কল্যাণী সাহা রায়। বিধায়কা ছাড়াও এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পৌর পরিষদের পৌর পিতা রূপক সরকার, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান যমুনা দাস, প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের আধিকারিকরা সহ অন্যান্যরা। তাছাড়া, এদিনের এই প্রদর্শনী অনুষ্ঠানে তেলিয়ামুড়ার বিভিন্ন এলাকার মানুষজনেরা তাদের গৃহপালিত গবাদি পশু সহ উন্নত প্রজাতির মোরগ, পাখি, হাঁস, পায়রা, খরগোশ ইত্যাদি নিয়ে এই প্রদর্শনীতে অংশগ্রহণ করে। পরবর্তীতে প্রজাতি ভেদে প্রদর্শনীতে অংশগ্রহণকারীদের পুরস্কারও প্রদান করা হয় দপ্তরের পক্ষ থেকে। সেই সঙ্গে, এদিনের এই পশুধন মেলায় প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে পশুদের জন্য বিনামূল্য চিকিৎসা ব্যবস্থা সহ বিনামূল্যে ঔষধও প্রদান করা হয়।এই অনুষ্ঠানের শেষ লগ্নে বিধায়িকার হাত ধরে তেলিয়ামুড়া আর.ডি ব্লকের অন্তর্গত বিভিন্ন এলাকার দশজন বেনিফিসিয়ারীদের উন্নত প্রজাতির শুকর ছাড়া ও ছাগল ছানা প্রদান করা হয় প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে।এদিনের এই উদ্বোধনী অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে বিধায়িকা কল্যাণী সাহা রায় এই মেলার গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সেই সঙ্গে তিনি সকল স্তরের জনগণকে পশু পালনের প্রতি আকৃষ্ট হয়ে এগিয়ে আসার আহ্বান রাখেন। ত্রিপুরা সরকারের প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে আয়োজিত এদিনের এই পশুধন মেলা ও প্রদর্শনী অনুষ্ঠান"কে ঘিরে সাধারণ মানুষজনদের মধ্যেও ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হয়।।

## মাতাবাড়িতে

● প্রথম পাতার পর

ঘটেনি। আজ মন্দিরে সর্বমোট ৬০টি পাঠা বলি দেওয়া হয়েছে। পুরোহিত প্রসেনজিত চক্রবর্তীর বক্তব্য, ১৯৯০ সাল থেকে মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরে পুজোর সাথে যুক্ত রয়েছি। এমন ঘটনা আগে ঘটলেও, আজ সবচেয়ে বেশি বার চেষ্টার পর বলি সম্পন্ন হয়েছে।

এদিকে, আজকের ঘটনার প্রেক্ষিতে পশুপ্রেমীরা আওয়াজ তুলেছেন, মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরে বলি প্রথা বন্ধ হোক। ইতিপূর্বেও বলি বন্ধের চেষ্টা হয়েছিল এবং তাতে ত্রিপুরা হাইকোর্টের আদেশে বলি বন্ধ ছিল। কিন্তু, পরবর্তীতে সুপ্রিম কোর্টের রায়ে বলি প্রথা পুণরায় চালু হয়েছে। তবে, উন্মুক্তভাবে বলি নিষিদ্ধ করা হয়েছে। বলি দেওয়ার ঘর চারিদিকে ঢেকে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

## অসন্তোষ

● প্রথম পাতার পর

কর্মীকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে আসে। পুলিশ জানিয়েছে আটক চোরদের জিজ্ঞাসা বাদ করে আরো জিনিসপত্র উদ্ধার করার চেষ্টা অব্যাহত রয়েছে।

এদিকে, চুরি করতে এসে জনতার হাতে আটক এক চোর। মঙ্গলবার আগরতলা প্যালেস কম্পাউন্ড এলাকায় ওই ঘটনায় তীব্র আতঙ্ক ছড়িয়ে পড়েছে। পরবর্তী সময়ে চোরকে পুলিশের হাতে তুলে দিয়েছে এলাকাবাসী।

জনৈক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, মঙ্গলবার দুপুরে প্রকাশ্যে আগরতলা প্যালেস কম্পাউন্ড এলাকায় বাসিন্দা আবির ভট্টাচার্যের বাড়ি থেকে জলের পাইপ, টেপ ইত্যাদি চুরি করে নিয়ে যাচ্ছিল এক ব্যক্তি। এলাকাবাসীরা ঘটনাটি প্রত্যক্ষ করে হাতেনাতে আটক করে ওই ব্যক্তিকে। তাঁকে জিজ্ঞাসাবাদ চালিয়ে তাঁর কাছ থেকে সমস্ত জিনিস উদ্ধার করে এলাকাবাসী। সাথে সাথে পুলিশে খবর দেয়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ।র্পবতী সময়প পুলিশের হাতে চোরকে তুলে দিয়েছে বলে জানিয়েছেন তিনি।

## বৃষ্টির

● প্রথম পাতার পর

তুলে ফেলছে। উনাকে এ প্রসঙ্গে জিজ্ঞাসা করতেই তিনি বলেন,, বর্তমানে চৈত্র মাস চলছে। তাই বেগুন গাছে বেগুনও ফ্যাকাসে হয়ে যাচ্ছে। তাই এই কৃষিজ জমিতে কারকল গাছ লাগানো হবে। যদিও এলাকার অন্যান্য কৃষকরা কারকল গাছের বীজ বপন করেছিলেন অনেক আগেই। আর বসন্তকালের বৃষ্টির ছোঁয়া পেয়ে কারকল গাছগুলি সতেজ হয়ে উঠল। এতে এই বসন্তকালের হালকা বৃষ্টির ছোঁয়া পেয়ে বাইশঘড়িয়া এলাকার অধিকাংশ কৃষকের মুখে হাসি ফুটে উঠলো। যদিও ওই রমণী এ কথাও জানালেন কৃষি কাজ করে লাভ হয় এবং বাজারের আংশিক চাহিদা মিটিয়ে পরিবারের সকলকে নিয়ে খেয়ে বেঁচে আছি।

## উত্তর জেলায়

● প্রথম পাতার পর

তিনজন গাঁজা পাচারকারীকে আটক করেছে ধর্মনগর থানার পুলিশ। তাঁদের চারটি ব্যাগ থেকে ১৬ প্যাকেটে মোট ত্রিশ কেজী শুকনো গাঁজা উদ্ধার করা সম্ভব হয়েছে বলে জানিয়েছেন ধর্মনগর থানার জনৈক পুলিশকর্মী। সাথে তিন যুবককেও আটক করে থানায় নিয়ে যাওয়া হয়েছে। অভিযুক্তরা হলেন, ধনপুর যাত্রাপুর থানার অন্তর্গত বড় নারায়ণপুর এলাকায় বাসিন্দা মোস্তফা আহমেদ (৩৬), আমতলী থানার অন্তর্গত বাধারঘাটের বাসিন্দা শিফন দে (২১)ওপশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার বারুয়ার বাসিন্দা হেফজুল শেখ (২৭) বলে জানিয়েছেন তিনি।

## অধিবেশন

● প্রথম পাতার পর

তদন্তের দাবি জানাতে থাকেন কংগ্রেস-সহ বিরোধী দলের সাংসদরা। আবার রাহুল গান্ধীকে ক্ষমা চাইতে বলেন বিজেপি সাংসদরা। তুমুল হইচই ও স্লোগানের কারণে সভার কাজকর্ম ঠিকভাবে চালানো যাচ্ছিল না। একই পরিস্থিতি ছিল সংসদের উভয়কক্ষেই। তাই দুপুর দু"টো অবধি লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়।এদিন ফ্লোর নেতাদের সর্বদলীয় বৈঠকে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানান লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা ও রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়। রাজ্যসভার অধিবেশন যাতে সুষ্ঠুভাবে চালানো সম্ভব হয়, সে জন্য রাজ্যসভার চেয়ারম্যান বেলা ১১.৩০ মিনিট নাগাদ বৈঠক ডাকেন। কিন্তু, ধনখড়ের ডাকা সর্বদল বৈঠকে গিয়েছে ৩টি দল। বিজেপি, ওয়াইএসআর কংগ্রেস পার্টি ও টিডিপি বৈঠকে যোগ দেয়, বাকি কোনও দল বৈঠকে যায়নি।

# ১৩ থেকে ১৫ এপ্রিল আগরতলায় ৪৯ তম রাজ্যভিত্তিক বিজু মেলা ও উৎসব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** আগামী ১৩,১৪ ও ১৫ এপ্রিল আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে অনুষ্ঠিত হবে ৪৯তম রাজ্যভিত্তিক বিজু মেলা ও উৎসব-২০২৩। আজ পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমার সভাপতিত্বে এই মেলা ও উৎসবকে সফলভাবে অনুষ্ঠিত করার লক্ষ্যে এক প্রস্তুতি সভা আয়োজিত হয়। সভায় উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, বিজুমেলা উন্নয়ন সোসাইটির চেয়ারম্যান বিধায়ক শম্ভুলাল চাকমা, টিটিএএডিসি'র এমডিসি বিমল চাকমা, ফায়ার সার্ভিস ও খাদ্য দপ্তরের সচিব তুষার কান্তি চাকমা, পশ্চিম ত্রিপুরা জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা ও ত্রিপুরা রাজ্য চাকমা সামাজিক পরিষদের রাজ্য কারবারি দেবাজন চাকমা এবং বিভিন্ন দপ্তরের বিশিষ্ট আধিকারিকগণ।
শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা সভায় বলেন, আমাদের রাজ্যের বিশেষ বৈশিষ্ট ও ঐতিহ্য হচ্ছে রাজ্যের ক্ষুদ্র ক্ষুদ্র জাতির ও জনজাতির ক'ষ্টি, সংস্ক'তির মেলবন্ধন ও বিকাশ ঘটানো। বিজু উৎসব রাজ্যের তেমনি একটি ঐতিহ্যপূর্ণ উৎসব। এই উৎসব সবার কাছে আকষর্ণীয় ও সুন্দরভাবে উপস্থাপন করার জন্য তিনি আধিকারিকদের সক্রিয় সাহায্য ও সহযোগিতার আহ্বান জানান। তিনি বলেন, এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়তে গেলে রাজ্যের জাতি-জনজাতির প্রতিটি ক'ষ্টি সংস্ক'তির বিকাশকে ত্বরান্বিত করতে হবে। সভায় আলোচনাক্রমে তিনদিনব্যাপী বিজু মেলা ও উৎসবকে সফল করে তোলার লক্ষ্যে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরীকে চেয়ারম্যান, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় ও প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাসকে ভাইস চেয়ারম্যান এবং আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজমদারকে কনভেনার ও ডেপুটি মেয়র মনিকা দাস দত্তকে জয়েন্ট কনভেনার করে উপদেষ্টা কমিটি গঠন করা হয়। এছাড়া শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমাকে চেয়ারম্যান, জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মাকে ভাইস চেয়ারম্যান করে ১৫ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি গঠন করা হয়। তিনদিনব্যাপী আয়োজিত বিজু মেলায় চাকমা সম্পদায়ের ঐতিহ্যমণ্ডিত প্রদর্শনী স্টল সহ অন্যান্য জাতি ও জনজাতির সাংস্ক'তিক প্রদর্শনীর জন্য ৩০টি স্টল খোলা হবে। মেলা প্রাঙ্গণে ২টি জুম ঘর সহ তিনটি সাংস্কৃতিক মঞ্চও থাকবে। মঞ্চে প্রতিদিনই চাকমা সম্পদায় সহ অন্যান্য সম্পদায়ের ঐতিহ্যপূর্ণ সাংস্কৃতিক অনুষ্ঠান, কবি সম্মেলন, সাহিত্য-উৎসব ও আলোচনাচক্র আয়োজিত হবে।

# কল্যাণপুরে রেগা কর্মচারীরা সংবর্ধনা দিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরীকে

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ২১ মার্চ।।** দ্বিতীয়বারের মতো বিধায়ক হিসেবে নির্বাচিত হওয়ার পর প্রায় প্রতিদিন বিভিন্ন জায়গায় সংবর্ধিত হচ্ছেন ২৭ কল্যাণপুর প্রমোদনগর বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত বিধায়ক পিনাকী দাস চৌধুরী। পূর্ব ঘোষিত সিদ্ধান্ত অনুযায়ী আজ মঙ্গলবার কল্যাণপুর ব্লকের পঞ্চায়েত সমিতি হল ঘরে কল্যাণপুর ব্লকে কর্মরত অল ত্রিপুরা এম.জি.এন.আর.ই.জি.এ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের তরফ থেকে পুন:নির্বাচিত বিধায়ক পিনাকী দাস চৌধুরীকে সংবর্ধনা প্রদান করা হয়। প্রাকৃতিক দুর্যোগের জন্য নির্দিষ্ট সময়ের প্রায় ঘন্টা দেড়েক পরে শুরু হওয়া এই সংবর্ধনা অনুষ্ঠানে এসোসিয়েশনের প্রায় সমস্ত সদস্য সদস্যারাই উপস্থিত ছিলেন। এই সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠান মঞ্চে বিধায়ক পিনাকী দাস চৌধুরী ছাড়াও অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন অল ত্রিপুরা এম.জি.এন.আর.ই.জি.এ. ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের কল্যাণপুর ব্লক সেল এর সভাপতি অংশুমান মজুমদার প্রমুখরা। এদিন উদ্যোক্তাদের তরফ থেকে উত্তরীয়, পুষ্পস্তবক এবং মানপত্র দিয়ে বিধায়ক পিনাকী দাস চৌধুরীকে সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখতে গিয়ে অংশুমান মজুমদার বিধায়ক হিসেবে পুন:নির্বাচিত হওয়ায় পিনাকী দাস চৌধুরীকে অভিনন্দন জানান, এর পাশাপাশি তিনি আশাবাদ প্রকাশ করতে গিয়ে বলেন আগামী দিনে রেগা প্রকল্পের সাথে যুক্ত কর্মচারীদের আর্থসামাজিক ব্যবস্থার মান উন্নয়নে সরকারি উদ্যোগ গ্রহণে বিধায়ক পিনাকী দাস চৌধুরী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। এদিকে এই সংবর্ধনা সভায় প্রধান অতিথি তথা বিধায়ক পিনাকী দাস চৌধুরী উনার আলোচনায় উনাকে সংবর্ধনা প্রদান করার জন্য উদ্যোক্তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। পাশাপাশি তিনি দাবী করেন ২০১৮ সালের পর থেকে এ রাজ্যে রেগা প্রকল্পে কর্মরত কর্মচারী সহ সমস্থ সরকারি কর্মচারীদের আর্থসামাজিক ব্যবস্থার মান উন্নয়নে বরাবরই সরকার ইতিবাচক পদক্ষেপ নিয়ে এগিয়ে চলছে। তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আশ্বাস দিতে গিয়ে বলেন আগামী দিনে বরাবরের মতোই সরকার রেগা কর্মচারী সহ সমস্থ অংশের আর্থসামাজিক ব্যবস্থার মান উন্নয়নে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করে চলবেন। অন্যান্যদের মাঝে এই সংবর্ধনা অনুষ্ঠানে আলোচনা করেন বিশিষ্ট সমাজসেবক জীবন দেবনাথ, শিক্ষক কর্মচারী নেতা গোপেন্দ্র দেবনাথ। এই সংবর্ধনা মঞ্চে অনুষ্ঠানের সভানেত্রী ঝর্না দেববর্মা সহ উপস্থিত ছিলেন ব্লকের বিএসি চেয়ারম্যান ইন্দ্রানী দেববর্মা।

# "ক্যানসার মুক্ত", জানালেন মার্টিনা নাভ্রাতিলোভা

প্রাগ (চেকোস্লোভাকিয়া) , ২১ মার্চ (হি.স.) : সুখবর দিলেন কিংবদন্তি টেনিস প্লেয়ার মার্টিনা নাভ্রাতিলোভা। টেনিস সহ ক্রীড়া জগতকে চিন্তা মুক্ত করে নাভ্রাতিলোভা জানালেন তিনি ক্যানসার থেকে সম্পূর্ণ সুস্থ হয়ে উঠেছেন। ছরের শুরুতে জানুয়ারি মাসে তিনি সকলকে জানান দ্বিতীয়বারের জন্য ক্যানসারে আক্রান্ত হয়েছেন। তখন থেকেই তাঁর ভক্ত এবং ক্রীড়ামহল মার্টিনার স্বাস্থ্য নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়ে।
গত জানুয়ারি মাসে সকলকে জানান, গলা এবং স্তন ক্যানসারে আক্রান্ত তিনি। যখন মার্টিনা এই বিষয়ে জানেন, তখন ক্যানসার প্রথম স্তর দানা বাধে তাঁর শরীরে। সকলেই আশা করেছিলেন তিনি সুস্থ হয়ে ফিরে আসবেন। তবে চাপা উত্তেজনা ছিল। চিকিৎসক থেকে ভক্তদের কাছে সমস্যার বিষয় হয়ে দাঁড়িয়েছিল তাঁর বয়স। ৬৬ বছর বয়সি এই তারকা প্লেয়ার সব প্রতিবন্ধকতা কাটিয়ে ফিরে এসেছেন।
চেকোস্লোভাকিয়ার প্রাগে জন্মগ্রহণ করেন তিনি। চেক-আমেরিকান এই টেনিস প্লেয়ার তাঁর খেলোয়াড়ই জীবনে জিতেছেন ৫৯টি গ্ল্যান্ড স্লাম শিরোপা। সিঙ্গলস জিতেছেন ১৮টি। সিঙ্গলস এবং ডাবলসে সর্বকালের সেরা খেলোয়াড় ধরা হয় তাঁকে। ২০০৬ সালের টেনিস খেলাকে বিদায় জানান তিনি। এক সাক্ষাৎকারে মার্টিনা নিজেরে সুস্থতার কথা প্রকাশ করে বলেন, "চিকিৎসকরা আমাকে জানিয়েছেন আমি ক্যানসার মুক্ত। তবে এখনও আমাকে কিছু ডাক্তারি প্রক্রিয়ার মধ্যে থেকে যেতে হবে। ওরা বলেছে আমাকে রেডিয়েশন দিতে হবে। তবে এটা দীর্ঘ প্রক্রিয়া নয়। খুব বেশি হলে কয়েক সপ্তাহ এই প্রক্রিয়া চলবে।"

# বগটুইয়ে তৃণমূল বিধায়ককে নিহতদের বাড়িতে ঢুকতে বাধা আত্মীয়দের

বীরভূম, ২১ মার্চ (হি. স.) : মঙ্গলবার বিধানসভার ডেপুটি স্পিকার তথা রামপুরহাটের তৃণমূল বিধায়ক আশিস বন্দ্যোপাধ্যায়কে বগটুইয়ে নিহতদের বাড়িতে ঢুকতে বাধা দিলেন নিহতদের আত্মীয়দের একাংশ। যদিও তৃণমূল নেতৃত্বের বক্তব্য, মিটে গিয়েছে সব 'অভিমান'।
এক বছর পূর্ণ হল বগটুইকাণ্ডের। ওই ঘটনায় নিহতদের সম্মান জানাতে মঙ্গলবার জোড়াফুল শিবিরের পক্ষে এক কর্মসূচির আয়োজন করা হয়। কিন্তু সেই কর্মসূচিতে তাল কাটল। এদিন বগটুইয়ে তৃণমূলের কর্মসূচি ছিল সকাল ১১টা থেকে। সেই মতো বগটুই যান জেলা তৃণমূল নেতৃত্ব। তাঁরা নিহতদের বাড়িতে যান। কিন্তু সকলকে ঢুকতে দেওয়া হলেও বাধা দেওয়া হয় রামপুরহাটের বিধায়ককে।
নিহতের আত্মীয়দের এক জন বলেন, "আশিস বন্দ্যোপাধ্যায় ভেতরে যাবেন না।" এর পর আশিসের মুখের উপরেই বন্ধ করে দেওয়া হয় গ্রিলের দরজা। বগটুইকাণ্ডে স্ত্রীকে হারিয়েছিলেন স্থানীয় বাসিন্দা শেখলাল শেখ। অগ্নিকাণ্ডে জখম হয়েছিলেন তাঁর স্ত্রী নাজমা। তাঁর দেহের ৬৫ শতাংশ পুড়ে গিয়েছিল। সপ্তাহখানেক রামপুরহাট হাসপাতালে চিকিৎসাধীন থাকার পর মৃত্যু হয় তাঁর।

# অনুব্রত মণ্ডলের ১৩ দিনের জেল হেফাজত ঠাঁই হচ্ছে তিহাড় জেলে

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.) : গরুপাচার মামলায় ইডির হেফাজতে থাকা অনুব্রত মণ্ডলের ১৩ দিনের জেল হেফাজত। মঙ্গলবার অনুব্রত মণ্ডলকে ১৩ দিনের জেল হেফাজতের নির্দেশ দিল রাউস অ্যাভিনিউ আদালত। ফলে এদিন থেকেই গরু পাচার মামলায় ধৃত বীরভূমের তৃণমূল সভাপতির ঠিকানা তিহাড় জেল। ৩ মার্চ ফের আদালতে হাজির করা হবে অনুব্রতকে। গরুপাচারকাণ্ডের তদন্তের গত ৭ মার্চ কেষ্টকে দিল্লি নিয়ে গিয়েছিলেন ইডির গোয়েন্দারা। তার পর থেকে ইডি হেফাজতেই ছিলেন অনুব্রত মণ্ডল। হেফাজতের মেয়াদ শেষে মঙ্গলবার দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতে পেশ করা হয়। দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতের নির্দেশে ইডি হেফাজত শেষে মঙ্গলবার জেল হেফাজতে পাঠানো হল অনুব্রত মণ্ডলকে। ১৩ দিনের জেল হেফাজত মঞ্জুর হয়েছে তাঁর। ফলে এদিন থেকেই গরু পাচার মামলায় ধৃত বীরভূমের তৃণমূল সভাপতির ঠিকানা হচ্ছে তিহাড় জেল। এই মামলায় গ্রেফতারির পর তিহাড় জেলেই বন্দি রয়েছেন অনুব্রতর প্রাক্তন দেহরক্ষী সায়গল হোসেন ও হিসাবরক্ষক মণীশ কোঠারি।

# পুণ্য আবির্ভাব জীবনবন্ধু ব্রহ্মচারী

২য় পাতার পর।।


পরিণত হতে চলেছে। দূর দূরান্ত হতে আশ্রমপ্রিয় ভক্তগন দৌড়ে আসেন এবং সাধ্যানুযায়ী অর্থ প্রদান করছেন আস্তে আস্তে মন্দির নির্মাণের কাজ শেষ হয়। সঙ্গে সঙ্গে নাটমন্দির নির্মাণের কাজও চলছে। এভাবে হয়তো একদিন তিল তিল করে আশ্রমটি তিলোত্তমার রূপ নেবে। সবটাই প্রভুর কৃপায় ও গুরুদেবের একান্ত ইচ্ছায়। ভক্তদেরও কর্তব্য নিষ্ঠা সহযোগে আশ্রম উন্নয়নে নিজেকে যতটা সম্ভব উজার করে গুরুদেবের ইচ্ছাকে সার্থক করে তোলার চেষ্টা চালিয়ে যাওয়া।
একটা শিক্ষার্থীর যেমন প্রথম বিদ্যালয় হল তার গৃহ। গৃহের প্রভাবে সে প্রভাবিত হয়। গৃহের সুপরিবেশ তার পরবর্তী জীবনের পাথেয় হয়। তেমনি একটা আশ্রম ও তার পরিবেশ ভক্তকে সুপথে নেয়ার আধ্যাত্ম চেতনার আভাষ দেওয়ার প্রথম সোপান। বিভিন্ন গ্রন্থপাঠ, সুআলোচনা শ্রবন তৎসঙ্গে নামজপ ভক্তের কঠিন হৃদয়কে গলিত করে ত্যাগের মনোভাব আনয়নপূর্বক ভক্তকে ভগবৎ সেবা আরাধনার যোগ্য করে তোলে। এভাবে কোনও একজন হয়তো পূর্ণভাবে নিজেকে কৃষ্ণারাধনায় সমর্পন করে মহামানবে পরিণত হন। যদিও সবার ভাগ্যে সেটা জুটে না। জন্মজন্মান্তরের পূণ্য প্রভাবে বা কঠোর সাধনায় ভগবানের কৃপা কর্ষিত হয় বা তাঁকে দর্শনের সৌভাগ্য উদয় হয়। কাজেই ভক্তদের উচিৎ আপন আপন কর্ম করে যাওয়া এবং নিষ্ঠা, শ্রদ্ধা সহযোগ তাঁর শরণাপন্ন হওয়া। গীতায় ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন-
শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ।
জ্ঞানং লব্ধা পরাং শান্তিমচিরেনাধি গচ্ছতি।।-৪/৩৯
অধুনা বিজ্ঞানের যুগে ধর্মের প্রতি অনীহা ভগবানের অস্তিত্ব সম্বন্ধে নানা জিজ্ঞাসা বারবার উঠে আসছে। সুকৌশলী পন্ডিতবর্গের ভিন্নধর্মী লেখায় সুধীমহল ব্যতিব্যস্ত হচ্ছে। সাধারণ ভক্তেরা এর সমাধান কোথাও খুঁজে পাচ্ছে না। তাই প্রয়োজন ভক্তসঙ্গের ও ভাগবতী পাঠচক্রে অংশ গ্রহণ করে নিজেকে নিজ পথে চলার জন্য ধীর প্রতিজ্ঞ করে তোলা। কোন কিছুই যেন তাকে পথভ্রষ্ঠ করতে না পারে সেদিকে লক্ষ্য রাখা এক্ষেত্রে ও গুরুর ভূমিকা একান্ত আবশ্যক।
প্রাচীনকালে রাজামহারাজারা নিজ নিজ সন্তানদের গুরুগৃহে পাঠাতেন শ্রাস্ত্র ও অস্ত্রবিদ্যা শিক্ষার জন্য সেখানে উঁচু নিচু ভেদাভেদ থাকত না। সকলেই সুখ স্বাচ্ছন্দ্য আরাম আয়েস ত্যাগ করে গুরুর নির্দেশ মতো ব্রহ্মচারীর ন্যায় দীনহীন ভাবে জীবন যাপন করতেন। এমনকি ভগবান শ্রীকৃষ্ণ ও রামচন্দ্র ও গুরুর আশ্রমে শিক্ষালাভ করেন। দ্রোন, দ্রুপদ, আরুনি উপমন্যু প্রত্যেকেরই আশ্রমে থাকা ও গুরুর বাক্য ও নির্দেশকে ব্রহ্মবানী রূপে পালন করার কাহিনী সকলেই অবগত। আশ্রমিক শিক্ষা, গুরুর বাক্য শিক্ষার্থীদের ব্রহ্মচর্য পালন ভবিষ্যৎ সমাজকে সুন্দর ও সুপথে পরিচালিত করে ধর্মনিষ্ঠ, আদর্শবাদী, তেজস্বী ও স্বীয়কর্মে সত্যনিষ্ঠ ব্যক্তিবর্গের সংসার সন্ন্যাসজীবন উভয়েই সুখের হয়।
আসুন আবাল্য ব্রহ্মচারী ত্যাগী, সংসার বিমুখ গুরু মাহারাজের শুভাবির্ভাব তিথিতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ হই তাঁর প্রদর্শিত পথই যেন আমাদের চলার পথের পাথেয় হয়। ১৬ই চৈত্র উনার জন্মদিন পালন ও আনন্দের পাশাপাশি এই কর্মযোগীর দীর্ঘায়ু কামনা করছি। এই দিনটা বার বার আনন্দের বার্তা নিয়ে আমাদের কাছে নবরূপে ফিরে আসুক।

## রণকৌশল

● প্রথম পাতার পর

বসেন সমমনোভাবাপন্ন বিরোধী নেতারা। উদ্ধব ঠাকরে শিবিরের নেতা সঞ্জয় রাউত বিরোধীদের বৈঠকে উপস্থিত ছিলেন।

এদিকে, আদানি ইস্যুতে জেপিসি তদন্তের দাবিতে বিরোধীদের হইহট্টগোলে মঙ্গলবারও পন্ড হল সংসদের কাজকর্ম। তুমুল হইচইয়ের কারণে দুপুর দু""টো অবধি লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়েছে। একইসঙ্গে ফ্লোর নেতাদের সর্বদলীয় বৈঠকে যোগ দেওয়ার জন্য আহ্বান জানিয়েছেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা ও রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়।



# নকআউট ক্রিকেট বৃষ্টিতে ভেস্তে পোলস্টার-ফ্রেন্ডসসের রি-প্লে আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। পোলস্টার ও ইউনাইটেড ফ্রেন্ডসসের কোয়ার্টার ফাইনাল ম্যাচটি রিপ্লে হবে। বৃষ্টিতে মাঝপথে ভেস্তে যাওয়া কোয়ার্টার ফাইনাল ম্যাচটি মূলত ফিফটি-ফিফটি চান্সে ছিল। তপন স্মৃতি নকআউট ক্রিকেট টুর্নামেন্টের দ্বিতীয় কোয়ার্টার ফাইনাল ম্যাচ। যদিও টিসিএ আয়োজিত তপন স্মৃতি নকআউট ক্রিকেটের কসমোপলিটন বনাম জেসিসি-র প্রথম কোয়ার্টার ফাইনাল ম্যাচটি নির্ধারিত সময়ের আগে শেষ হয়েছে বলে সেটি বৃষ্টির হাত থেকে রেহাই পেয়েছে। নরসিংগড়ে পুলিশ ট্রেনিং একাডেমি গ্রাউন্ডে সকাল পৌনে নয়টায় যথারীতি ম্যাচ শুরুতে টস জিতে ইউনাইটেড ফ্রেন্ডস প্রথমে বোলিং এর সিদ্ধান্ত নেয়। পোলস্টারকে আমন্ত্রণ জানায় প্রথমে ব্যাটিংয়ের জন্য। ৫০ ওভারের খেলায় পোলস্টার ৪১.১ ওভার খেলে সব কটি উইকেট হারিয়ে ২০৫ রান সংগ্রহ করতে সক্ষম হয়। দলের পক্ষে অমরেশ দাস দুর্দান্ত শতরান পায়। অমরেশ ৭৫ বল খেলে আটটি বাউন্ডারি ও ৭ টি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ১০৭ রান সংগ্রহ করে। এছাড়া, ঋতুরাজ ঘোষ রায় ৩১ রান পায়। নেহাল চন্দ্র শ্রীবাস্তবের ২২ রান ও উত্তম কলই-এর ১৬ রানও উল্লেখ করার মতো। ইউনাইটেড ফ্রেন্ডসের হৃত্বিক শ্রীবাস্তব ১৩ রানে তিনটি উইকেট পায়। এছাড়া, অধিনায়ক রজত দে ও পারভেজ সুলতান দুটি করে উইকেট পেয়েছে। অর্জুন দেবনাথ, শুভম ঘোষ ও অপূর্ব বিশ্বাস পেয়েছে একটি করে উইকেট। জবাবে ব্যাট করতে নেমে ইউনাইটেড ফ্রেন্ডস আট ওভার খেলে দুই উইকেট হারিয়ে ৪৫ রান সংগ্রহ করার পর বৃষ্টিতে ম্যাচ থেমে যায়। বিশাল ঘোষ ২৬ রানে এবং সেন্টু সরকার ১৩ রানে আউট হলেও উদীয়ান বোস এক রানে এবং নবীন কুমার কোন রান না সংগ্রহ করে অপরাজিত ছিলেন। পোলস্টারের কাজল সূত্রধর ও অমরেশ দাস পেয়েছিল একটি করে উইকেট। অতঃপর বৃষ্টি থামলেও মাঠ খেলার অনুপযুক্ত হয়ে পড়লে ম্যাচ রেফারি রিজার্ভ ডে হিসেবে আগামীকাল রি-প্লে এর ঘোষণা দেন। পোলস্টার ও ইউনাইটেড ফ্রেন্ডসের কোয়ার্টার ফাইনাল ম্যাচে জয়ী হয়ে কোনদল সেমিফাইনালে খেলবে তা নির্ধারণ হবে আগামীকাল-ই।

# এক ভারত, স্বচ্ছ ভারতের স্যুটিং বলে তৃতীয় ত্রিপুরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। তৃতীয় স্থান দখল করলো ত্রিপুরা। 'এক ভারত স্বচ্ছ ভারত' স্যুটিং বল আঞ্চলিক আসরে। ওড়িশার পুরিতে অনুষ্ঠিত হয়েছিলো আসর। তাতে ত্রিপুরা সহ বিহার, নাগাল্যান্ড, মধ্যপ্রদেশ, রাজস্থান, অসম, দমন দিও এবং মিজোরাম অংশগ্রহণ করেছিলো। ১৪-১৬ মার্চ হয়েছিলো আসর। প্রথম ম্যাচে দমন দিও-র বিরুদ্ধে জয় পেয়েছিলো ত্রিপুরা। সেমিফাইনালে রাজস্থানের বিরুদ্ধে ২১-১৬ পয়েন্টে পরাজিত হয়ে তৃতীয় স্থান পেয়েই সন্তুষ্ট থাকতে হয় রাজ্যদলকে। আসরে রাজস্থান চ্যাম্পিয়ন, অসম দ্বিতীয় স্থান দখল করে। রবিবার সন্ধ্যায় রাজ্যে ফিরে ত্রিপুরা দল। আগরতলা রেল স্টেশনে ত্রিপুরা দলের খেলোয়াড়দের উষ্ণ অভ্যর্থনা জানান রাজ্য সংস্থার পক্ষে মধু গোপাল এবং বিকাশ শীল। রাজ্য সংস্থার পক্ষে লিটন রায় এক বিবৃতিতে এখবর জানিয়েছেন।

# জাতীয় হ্যান্ডবল গুয়াহাটিতে ত্রিপুরা দলের জোর প্রস্তুতি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। গুয়াহাটিতে অনুষ্ঠিত হবে সাবজুনিয়র হ্যান্ডবল প্রতিযোগিতা। ২৭-৩১ মার্চ পর্যন্ত হবে আসর। তাতে অংশ নেবে ত্রিপুরা। সেই লক্ষ্যে গঠিত হলো ত্রিপুরা দল। সোমবার রামঠাকুর বয়েজ স্কুল মাঠে হয়েছিলো নির্বাচনী শিবির। তাতে বিচারকের ভূমিকায় ছিলেন ড:সূর্য কান্ত পাল, ড: কান্তা দেব, মধুগোপাল বিশ্বাস, নন্দ দুলাল দে এবং দুলাল মিঁয়া। শিবিরে ৪৪ জন খেলোয়াড় অংশ গ্রহণ করে।

তা থেকে ২০ সদস্যের প্রাথমিকভাবে ত্রিপুরা দল গঠন করা হয়। নির্বাচিতদের নিয়ে হবে বিশেষ প্রশিক্ষণ শিবির। যা শুরু হবে আজ থেকে। শিবির চলবে ৫দিন ব্যাপী। রাজ্য হ্যান্ডবল সংস্থার সচিব লিটন রায় এক বিবৃতিতে এখবর জানিয়েছেন। শিবিরে নির্বাচিত খেলোয়াড়রা হলো: শান্তনু মালাকার, ইন্দ্রজিৎ দাস, ইশান ভৌমিক, উদয় শঙ্কর রুদ্রপাল, প্রীতম দাস, সুচিন্ত চৌধুরি, নীহার বসুমাতারি, বীরবাহাদুরজিৎ সরকার, রোহিত গোপ, গোপাল সাহা, শান রায়, স্পর্শ দেব, বিজয় সূত্রধর, শোভম পোদ্দার, শঙ্খ শুভ্র দাস,সাগর নম: দাস, উদয় দেব, উমেশ রায়, শাম্বা দেববর্মা এবং শান্ত দেবনাথ।

# মরশুমের প্রথম জয় ছিনিয়ে নকআউট সেমিতে কসমোপলিটন

**জে সি সি:- ৯২/১০(২৪.১) কসমোপলিটন:- ৯৩/১(১৬.৪)**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। সেমিফাইনালে কসমোপলিটন। পাশাপাশি মরশুমে প্রথম জয়ের স্বাদও পেলো। সুপার ডিভিশনে টানা পরাজয়ের পর মঙ্গলবার তপন স্মৃতি নকআউট ক্রিকেট প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনালে সহজেই জে সি সি-কে পরাজিত করে শেষ চারের টিকিট কেটে নেয় কসমোপলিটন ক্লাব। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে কসমোপলিটন ৯ উইকেটে পরাজিত করে জে সি সি-কে। জে সি সি-র গড়া ৮২ রানের জবাবে কসমোপলিটন ১৬.৪ ওভারে ১ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলকে জয় এনে দিতে মূখ্য ভূমিকা নেন স্পিনার চৌধুরি জুনেদ কালাম এবং পেসার সৌরভ দাস। সকালে স্যাত স্যাতে আবহাওয়া দেখে টসে জয়লাভ করে প্রথমে ফিল্ডিং নেন কসমোপলিটনের অধিনায়ক পল্লব দাস। এখানেই এগিয়ে যায় কসমোপলিটন। আর ওই সুযোগটা ভালোভাবে কাজে লাগান দলের বোলাররা। জে সি সি ২৪.১ ওভারে সবকিটি উইকেট হারিয়ে মাত্র ৯২ রান করতে সক্ষম হয় ।দলের পক্ষে অনিরুদ্ধ সাহা ৪৪ বল খেলে ৫ টি বাউন্ডারির সাহায্যে ২৬,দ্বীপজয় দেব ২৬ বল খেলে ১৩, অভয় দ্বিবেদী ১৫ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ১২ এবং রোহিত ঘোষ ১৬ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১১ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৩ রান। কসমোপলিটনরে পক্ষে চৌধুরি জুনেদ কালাম (৪/২২), সৌরভ দাস (৩/২০) এবং সৌরভ কর (২/৩৬) সফল বোলার। জবাবে খেলতে নেমে কসমোপলিটন ১৬.৪ ওভারে ১ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে দলনায়ক পল্লব দাস ৪২ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৩ রানে এবং নিনাদ কদম ৩৯ বল খেলে ৬ টি বাউন্ডারির সাহায্যে ৩০ রানে অপরাজিত থেকে যান। এছাড়া অমেয়া সুমন ১৯ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৫ রান করেন। জে সি সি-র পক্ষে বিকাশ মজুমদার (১/৪০) একমাত্র উইকেটটি পেয়েছেন।

# প্রেসক্লাবে স্পোর্টস এন্ড গেমস ফেস্ট

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। আগরতলা প্রেসক্লাব আয়োজিত 'গেমস এন্ড স্পোর্টস ফেস্ট -"২৩ শুরু হয়েছে সোমবার থেকে। আগামীকাল প্রেসক্লাবের কনফারেন্স হলে অনুষ্ঠিত হবে চাইনিজ চেকার প্রতিযোগিতা। অংশগ্রহণেচ্ছু সাংবাদিক খেলোয়াড় অর্থাৎ নির্দিষ্ট সময়ে যাঁরা নাম নথিভুক্ত করেছেন, তাদের প্রত্যেককে ঠিক সকাল এগারোটার মধ্যে প্রতিযোগিতা স্থলে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হচ্ছে। উল্লেখ্য, আগামীকাল চাইনিজ চেকার প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন পর্বে প্রেসক্লাবের স্পোর্টস সাব-কমিটির চেয়ারম্যান অলক ঘোষ, কনভেনর অভিষেক দে প্রমুখ উপস্থিত থাকবেন। উল্লেখ্য, অন্যান্য বছরের মতো এবারও আগরতলা প্রেসক্লাবের সদস্য-সদস্যাদের মধ্যে ইনডোর-আউটডোর গেমস-এর পাশাপাশি নতুন সংযোজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছে। আগামীকাল চাইনিজ চেকার প্রতিযোগিতার পর ক্রমান্বয়ে দাবা, ক্রিকেট, ক্যারাম, টেবিল টেনিস, ব্যাডমিন্টন এবং নতুন সংযোজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতাও অনুষ্ঠিত হবে। আগরতলা প্রেসক্লাবের সচিব রমাকান্ত দে এক বিবৃতিতে এ খবর জানিয়েছেন।

# রাজ্য ক্রিকেটের চূড়ান্ত প্রস্তুতি শান্তিরবাজার দলও ঘোষিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। শুরু হলো চূড়ান্ত প্রস্তুতি। ১৫ জন প্রতিভাবান ক্রিকেটারকে নিয়ে। বাইখোড়া স্কুল মাঠে। কোচ দেবব্রত চক্রবর্তীর তত্বাবধানে।

এবছর রাজ্য অনূর্ধ-১৩ ক্রিকেটে খেলবে শান্তিরবাজার মহকুমা। ওই আসরে সাফল্য পাওয়ার লক্ষ্যেই শুরু হলো প্রস্তুতি। অমরপুরে হবে ওই আসর। ২৫ মার্চ উদয়পুর, ২৬ মার্চ বিলোনিয়া, ২৯ মার্চ সোনামুড়া এবং ১ এপ্রিল সাব্রুমের বিরুদ্ধে গ্রুপ লিগে খেলবে শান্তিরবাজার মহকুমা। নির্বাচিত ক্রিকেটাররা হলো:পুষ্পেন্দু সরকার, কুনাল দেবনাথ, শুভম রিয়াং, রূপন চক্রবর্তী, সুবর্ণ শীল, দিব্যেন্দু সরকার, তন্ময় দেবনাথ, খাগিন মোহন ত্রিপুরা, অভ্রদীপ দেবনাথ, প্রীতম দেবনাথ, শুভ্রজিৎ দত্ত, অপূর্ব মজুমদার,দীপায়ন রায়, সুদীপ্ত বিশ্বাস এবং শান্তনু পাল। মহকুমা ক্রিকেট সংস্থার সচিব সাধুঅং মগ ক্রিকেটারদের নাম ঘোষনা করেন। কোচ: দেবব্রত চৌধুরি, ম্যানেজার: পার্থজিৎ দেবনাথ।

# রাজ্য অনূর্ধ-১৩ ক্রিকেটে মোহনপুর দল ঘোষিত, নেতৃত্বে সূর্য পাল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। মোহনপুর মহকুমার ক্ষুদে ক্রিকেটারদের নেতৃত্ব দেবে সূর্য পাল। ডেপুটি হিসাবে থাকবে মনোজ দাস। রাজ্য অনূর্ধ-১৩ ক্রিকেটে। ২৫ মার্চ থেকে শুরু হবে রাজ্য আসর। মোহনপুর মহকুমার গ্রুপ লিগের খেলা হবে আগরতলায়।

২৫ মার্চ উদ্বোধনী দিনে মোহনপুরের প্রতিপক্ষ সদর 'এ'। ২৬ মার্চ বিশালগড়, ২৮ মার্চ খোয়াই এবং ১ এপ্রিল গ্রুপ লিগে নিজেদের শেষ ম্যাচে মোহনপুরের প্রতিপক্ষ তেলিয়ামুড়া।

নারায়ন চন্দ্র দেবের তত্বাবধানে চলছে মহকুমার ক্রিকেটারদের অনুশীলন।

কোচ আসরে ভালো ফলাফল করা নিয়ে আশাবাদী।

মহকুমা ক্রিকেট সংস্থার পক্ষ থেকে ১৫ সদস্যের দল ঘোষনা করা হয়েছে। ঘোষিত দল: সূর্য পাল (অধিনায়ক), প্রশান্ত শীল, মনোজ দাস (সহ অধিনায়ক), সৌরদীপ দত্ত, মনিষ সরকার, প্রীতিরাজ দেব, অর্ণব রায়, শোভম সিনহা, জয়দীপ দাস, বিশাল সরকার, হিমন দাস, অনি মালাকার, আদিত্য ওরাং, বিবেক দাস এবং প্রীতম সরকার। কোচ: নারায়ন চন্দ্র দেব, ম্যানেজার; রাজীব চৌধুরি।

# ধর্মনগরে ক্রিকেট ম্যাচ ফের পরিত্যক্ত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। হলো না ম্যাচ। মুষলধারে বৃষ্টির জন্য। মঙ্গলবারে খেলা ছিলো কদমতলা প্লে সেন্টার এবং সেন্ট্রাল রোড ক্রিকেট কোচিং সেন্টারের। ধর্মনগর মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত মালাবতি প্রথম ডিভিশন লিগ ক্রিকেটে। কলেজ স্টেডিয়ামে ম্যাচটি হওয়ার কথা ছিলো। কিন্তু সোমবার মাঝরাত থেকে বৃষ্টি হওয়ায় মাঠে জল জমে যায়। এবং খেলার অনুপযুক্ত হয়ে উঠে মাঠ। ফলে বাধ্য হয়েই পরিত্যক্ত করা হয় ম্যাচটি। এনিয়ে দুটি ম্যাচে বৃষ্টি থাবা বসালো।

# ছোটদের রাজ্য ক্রিকেটে কাঞ্চনপুর দলও ঘোষিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। উদ্বোধনী ম্যাচে নিজেদের প্রথম প্রতিপক্ষ শক্তিশালী ধর্মনগর মহকুমা। ২৬ মার্চ হবে ম্যাচটি। কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয় মাঠে। রাজ্য অনূর্ধ-১৩ ক্রিকেটে। আসরে কাঞ্চনপুর মহকুমার সবকটি ম্যাচ হবে কৈলাসহরে। ২৮ মার্চ গন্ডাছড়া, ২৯ মার্চ লংতরাইভ্যালি এবং ১ এপ্রিল কমলপুরের বিরুদ্ধে খেলবে কাঞ্চনপুর মহকুমা। আসরে অংশ নিতে ১৫ সদস্যের মহকুমার দল ঘোষনা করেন মহকুমা ক্রিকেট সংস্থার সচিব। কোচ ইন্দ্রজিৎ ঘোষের তত্বাবধানে চলছে মহকুমার ক্রিকেটারদের প্রস্তুতি। গ্রুপ লিগে ভালো খেলে দল সেমিফাইনালে যাবেই বিশ্বাস কোচের। ঘোষিত দল: সুরজ দেব, অনিক শুক্ল দাস, রাজদীপ বরুয়া, কঙ্কন ভট্টাচার্য, শান্তনু দেববর্মা, বিশ্বজিৎ দাস, সৌরভ নাথ, রাজু সরকার, রোহিত নাথ, জিনেল চাকমা, সুয়েল চাকমা, সমন চাকমা, অমরজিৎ চাকমা, নিউটন চাকমা এবং সত্যজিৎ নাথ।


# প্রগতি প্লে সেন্টারের প্রস্তুতি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। প্রস্তুতি শুরু আগামীকাল থেকে। প্রগতি প্লে সেন্টারের। অনূর্ধ-১২ এবং ১৪ ক্রিকেটারদের।


সেন্টারের বর্তমান ক্রিকেটারদের আগামীকাল দুপুর আড়াইটায় প্রগতি মাঠে কোচ নয়নমনি দেববর্মার কাছে রিপোর্ট করতে বলা হয়েছে। পাশাপাশি নতুন শিক্ষার্থীও নিয়োগ করা হবে। প্রসঙ্গত: ওই সেন্টার থেকে প্রতিবছরই নতুন বহু প্রতিভাবান ক্রিকেটার বেরিয়ে আসে। এবার বেরিয়ে আসলো অর্পন ভট্টাচার্য।

# আন্তঃ স্কুল ভলিবল ২৫শে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।। দুদিনব্যাপী আন্তঃ স্কুল অনূর্ধ-১৯ বালকদের ভলিবল প্রতিযোগিতা শুরু ২৫ মার্চ। উমাকান্ত আকাদেমি ভলিবল কোচিং সেন্টার মাঠে হবে আসর। রাজ্য ভলিবল সংস্থার উদ্যোগে। আসরে অংশ নিতে ইচ্ছুক স্কুলগুলোকে ২৪ মার্চের মধ্যে ৩০০ টাকা এন্ট্রি ফি সহ নাম নথিভুক্ত করতে বলেছেন রাজ্য সংস্থার কার্যকরি সচিব চন্দন সেন। মূলত স্কুল স্তর থেকে প্রতিভাবান খেলোয়াড় বের করে আনার লক্ষ্যেই ওই আসরের উদ্যোগ।




সর্বসাধারণেডঅবগতির জন্য জানানো যাইতেছে যে, উপরোক্ত ছবিতে দেওয়া মেয়েটির নাম কুমারী প্রেরণা সরকার, বয়স ঃ ২১, পিতা শ্রী নিতাই সরকার, গ্রাম ঃ হালহালি থানাঃ কমলপুর, জেলা ঃ ধলাই, উচ্চতা - ৫ ফুট ২ ইঞ্চি, গায়ের রঙ ঃ শ্যামলা, পরনে চুরিদার, উক্ত মেয়েটি গত ১২-০৩-২৩ তারিখে নিজ বাড়ি থেকে নিখোঁজ হয়। এখন পর্যন্ত সে বাড়িতে ও ফিরিয়া আসে নাই। পরবর্তী সময়ে অনেক খোঁজাখুজির পরও তাহাকে খুজিয়া পাওয়া যায় নাই। উক্ত বিষয়ে কমলপুর থানায় গত ১২-০৩-২৩ তারিখেজ্রথ একটি জেনারেল ডায়েরী নথীভুক্ত করা হইয়াছে, যাহার নং ২৮। উক্ত বিষয়ে তদন্ত প্রক্রিয়া শুরু হইয়াছে। উক্ত নিখোঁজ মহিলা সম্বন্ধে কাহারো কোন তথ্য জানা থাকিলে নিম্নোক্ত ঠিকানায় জানানোর জন্য অনুরোধ করা যাইতেছে।




যোগাযোগ ঠিকানা ঃ পুলিশ সুপার,
ধলাই জেলা, আমবাসা, ধলাই জেলা আমবাসা।
দুরভাষ ঃ ০৩৮১২৬২৬৭১৫৯ (পুলিশ কন্ট্রোল, ধলাই)
০৩৮১ ২৬ ২৬৭১৫৮ (অফিস) ৯৪৩৬৯৭২৬৮০
(মোবাইল) ৮৭৩১৮০০৪৭৭ (মোবাইল)।

পুলিশ সুপার
ধলাই জেলা, আমবাসা

ICA/D-2205/23

শিশুটির নাম ঃ বিনীত।
পিতার না জানা নেই ও মাতার ""নাম কাজল মালাকার আচার্যি। জন্মের তারিখ ০৮-১২-২০২২, উপরের ছবিতে চিহ্নিত শিশুটি বর্তমানে আগরতলা বিশেষ শিশু দত্তক গৃহে রয়েছে। এই শিশুটির প্রতি তরা পিতা/মাতা কোন দাবি থাকলে এই বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে আগরতলা পশ্চিম ত্রিপুরা জেলা শিশু সুরক্ষা৩ ইউনিট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। অন্যথায় এই শিশুটিকে পরিত্যক্ত শিশু হিসেবে গন্য হবে। যোগাযোগ ঠিকানা আগরতলা পশ্চিম ত্রিপুরা জেলা শিশু সুরক্ষা ইউনিট। বাধারঘাট পশ্চিম ত্রিপুরা, পিন-৭৯৯০০৩, ফোন ঃ ৯৬১২৩৪০৪৭৬ / ৯৮৬২০০৪৯১৯



জেলা শিশু সুরক্ষা আধিকারিক
জেলা সমাজ শিক্ষা পরিদর্শকের কার্যালয়
পশ্চিম ত্রিপুরা জেলা, বাধারঘাট, আগরতলা।

ICA/D-2211/23

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023




বিজেপি যুব মোর্চার উদ্যোগে আগরতলায় দলের নির্বাচনী কার্য্যালয়ে রক্তদান শিবির ঘুরে দেখেন মুখ্যমন্ত্রী প্রফেসার (ডাঃ) মানিক সাহা। ছবি নিজস্ব।

## কমলপুরে রক্তদান শিবির আয়োজন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় যুব মোর্চা প্রতিটি মন্ডলের সঙ্গে কমলপুরেও রক্তদান শিবির আয়োজন করেছে। মঙ্গলবার কমলপুর বিজেপি কার্যালয়ে যুব মোর্চার উদ্যোগে আয়োজিত হয় স্বেচ্ছা রক্তদান শিবিরের। এদিনের রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক তথা প্রাক্তন মন্ত্রী মনোজ কান্তি দেব।

রাজ্যে নির্বাচন পরিস্থিতিতে স্বেচ্ছা রক্তদান বন্ধ থাকায় রাজ্য জুড়ে রক্ত সংকট দেখা দিয়েছে। এর নিরসনে মুখ্যমন্ত্রী সম্প্রতি সকল রাজনৈতিক ও সামাজিক সংগঠণের কাছে আবেদন রেখেছেন স্বেচ্ছা দানে এগিয়ে আসার। এর অঙ্গ হিসাবে যুব মোর্চার রাজ্যভিত্তিক কর্মসূচী হিসাবে কমলপুরে স্বেচ্ছাদান কর্মসূচী হাতে নেয় যুব মোর্চা। এদিনের অনুষ্ঠানে উদবোধক মনোজ কান্তি দেব ছাড়াও উপস্থিত ছিলেন বিজেপি কমলপুর মন্ডল সভাপতি তথা নগরপিতা প্রশান্ত সিংহ, যুব মোর্চা মন্ডল সভাপতি মৃণ্ময় ভট্টাচার্য্য প্রমুখ। এদিন মোট ১৪ জন যুব মোর্চার সদস্য স্বেচ্ছা রক্তদান করেন।

## গকুলনগরে যুব মোর্চার রক্তদান শিবির অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** মঙ্গলবার কমলাসাগর যুব মোর্চার উদ্যোগে গকুলনগর রাস্তার মাথা কমিউনিটি হল ঘরে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। গকুলনগর রাস্তার মাথা কমিউনিটি হল ঘরে ভারত মায়ের ছবিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে রক্তদান শিবিরের উদ্বোধন করলেন রাজ্য বিজেপির সভাপতি রাজীব ভট্টাচার্য। উপস্থিত ছিলেন কমলাসাগর বিধানসভার বিধায়িকা অন্তরা সরকার দেব ,বিশালগড় ব্লক চেয়ারপারসন ছন্দা দেববর্মা, জেলা যুব মোর্চার সভাপতি দীপ্তনু দাস, কমলাসাগর যুব মোর্চার সভাপতি চন্দন বণিক প্রমূখ। যুব মোর্চা আয়োজিত রক্তদান শিবিরে আলোচনা করতে গিয়ে প্রদেশ সভাপতি উল্লেখ করেন সকল কার্যকর্তা নির্বাচনের জন্য কাজে ব্যস্ত ছিলেন। তাই রাজ্যে রক্তের স্বল্পতা দেখা দিয়েছে। রাজ্যের সকল জেলায় যুব মোর্চা ,মহিলা মোর্চা ও সকল কার্যকর্তা রক্ত দান করে চলেছেন রক্তের স্বল্পতা মিটানোর জন্য। সকল কার্যকর্তা যেভাবে রক্তদানে এগিয়ে আসছেন সেজন্য সকল কার্যকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন বিজেপির প্রদেশ সভাপতি। কমলাসাগর যুব মোর্চার উদ্যোগে রক্তদান শিবিরে ৫০ জন রক্তদাতা রক্ত দান করেন।

## বাণী বিদ্যাপীঠ স্কুলে সুস্থ শৈশব সুস্থ কৈশোর কর্মসূচি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান ৪.০ কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। ২০ শে মার্চ থেকে ২৮ শে মার্চ চলবে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান ৪.০। কর্মসূচির অঙ্গ হিসেবে মঙ্গলবার আগরতলার বাণী বিদ্যাপীঠ স্কুলে কর্মসূচীর সূচনা করেন আগরতলা পুর নিগমের মেয়র। কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা করে তিনি বলেন ছেলেমেয়েদের সুস্থ রাখার লক্ষ্যেই এ ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। রাজ্যের সর্বত্রই এই কর্মসূচি পালিত হচ্ছে বলে ওঠেনি জানান। ১৯ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের এই কর্মসূচিতে সামিল হওয়ার জন্য তিনি আহ্বান জানিয়েছেন।

# নাগেরজলায় পরিত্যক্ত পুকুর সংস্কার ও সৌন্দর্যায়নের লক্ষ্যে এলাকা পরিদর্শন মেয়রের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি রূপায়ণের লক্ষে নাগেরজলার পরিত্যক্ত পুকুরটি পরিদর্শন করলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। নাগেরজলা এলাকায় পরিত্যক্ত পুকুরটি শীঘ্রই সংস্কার করে ব্যবহার উপযোগী করে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নিগমের মেয়র দীপক মজুমদার নিগমের কমিশনার শৈলেশ কুমার যাদব সদর মহকুমা শাসক বং কর্পোরেটরদের সঙ্গে নিয়ে মঙ্গলবার ওই এলাকা পরিদর্শন করেন। পরিদর্শন কালে মেয়র বলেন নির্বাচনের আগে মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা এলাকাবাসীকে প্রতিশ্রুতি দিয়েছিলেন নির্বাচনের পর এলাকার পরিত্যক্ত পুকুরটি সংস্কার করে ব্যবহারের উপযোগী করবেন এবং সুন্দর্যায়নের ব্যবস্থা করা হবে। মুখ্যমন্ত্রীর সেই প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করেছে পুর নিগম। সেই লক্ষ্যেই পুর নিগমের মেয়র আজ ওই এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মেয়র বলেন এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি ছিল নাগের জলায় পরিত্যক্ত পুকুরটি সংস্কার করার জন্য। মেয়র জানান শুধু নাগের-জোলার পরিত্যক্ত পুকুরটি নয় নিগম এলাকার প্রতিটি পরিত্যক্ত পুকুরকে সংস্কার করে ব্যবহার উপযোগী করার চেষ্টা হচ্ছে। এছাড়া যেসব পার্ক সংস্কারের অভাবে ব্যবহার অনুপোযোগী হয়ে পড়েছিল সেগুলি সংস্কারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলেও তিনি জানান। এছাড়া আগরতলা শহর এলাকার জল নিষ্কাশনের ব্যবস্থা আরো উন্নত করার উদ্যোগ নেওয়া হচ্ছে বলে তিনি জানিয়েছেন। শহর এলাকার কোথাও যাতে বৃষ্টির জল দীর্ঘক্ষণ জমে থাকতে না পারে সেজন্য ইতিমধ্যেই উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলে তিনি জানিয়েছেন।

# বিশ্ব বন দিবস উপলক্ষে সচেতনতামূলক বাইসাইকেল রেলি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** বিশ্ব বন দিবস উপলক্ষে মঙ্গলবার সালবাগান অক্সিজেন পার্ক থেকে এক সচেতনতামূলক বাইসাইকেল রেলি সংঘটিত করা হয়। বিশ্ব বন দিবস উপলক্ষে বন দপ্তর ও বায়ু ডাইভারসিটি বোর্ডের যৌথ উদ্যোগে মঙ্গলবার সকালে আগরতলা শালবাগানস্থিত অক্সিজেন পার্ক থেকে এক সাইকেল রেলীর আয়োজন করা হয়। র‍্যালিটি আগরতলার বিভিন্ন পথ পরিক্রমা করে হেরিটেজ পার্ক এসে শেষ হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন মুখ্য সচিব জে কে সিনহা। উপস্থিত ছিলেন বন দপ্তরের পিসিসিএফ কে শেট্টি সহ অন্যান্য বিভিন্ন দপ্তরের সচিবরা। এদিন বিশ্ব বন দিবস উপলক্ষে আয়োজিত সাইকেল রেলির আনুষ্ঠানিক সূচনা করে বনদপ্তরের পিসিসিএফ কে শেট্টি বলেন পরিবেশকে দূষণের হাত থেকে রক্ষা করতে এবং মানব সভ্যতাকে বাঁচিয়ে রাখার লক্ষ্যে বন খুবই জরুরী। বল রক্ষা করা সকলের দায়িত্ব। পরিবেশকে দূষণের হাত থেকে রক্ষা করতে বনকে বাঁচিয়ে রাখার জন্য সকল স্তরের জনগণকে এগিয়ে আসার জন্য তিনি আহবান জানিয়েছেন। তিনি বলেন মানুষ বেঁচে থাকার জন্য বনের যথেষ্ট প্রয়োজনীয়তা রয়েছে। মানুষ এবং বনের মধ্যে সম্পর্ক খুবই নিবিড়।

# ফের হুমকি ফোন পেলেন কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়কড়ি, বাড়ল নিরাপত্তা

নাগপুর, ২১ মার্চ (হি.স.): ফের একবার হুমকি ফোন এল কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়কড়ির কাছে। মহারাষ্ট্রের নাগপুরে মন্ত্রীর জনসংযোগের অফিসের ল্যান্ডলাইনে এই ফোনটি এসেছে বলে জানিয়েছে পুলিশ। এরপর অফিস ও বাসভবনে নিরাপত্তা বাড়িয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। এর আগে গত ১৪ জানুয়ারি গডকরিকে তোলা চেয়ে হুমকি দেওয়া হয়েছিল।এবারও সামনে এসেছে জয়েশ পূজারির নাম। ইতিমধ্যেই পুলিশ ওই ব্যক্তিকে চিহ্নিত করেছে। এমনকি ওই ফোন নম্বর যাঁর, সেই মহিলার সন্ধানও পেয়েছে পুলিশ।

কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়কড়িকে হুমকি ফোন নিয়ে পুলিশ একাধিক তথ্য জানিয়েছে। জয়েশ পুজারি ছাড়াও এই ঘটনায় ফোন নম্বর সূত্রে যে মহিলার খোঁজ মিলেছে, তিনি ম্যাঙ্গালুরুতে একটি ইভেন্ট ম্যানেজমেন্ট সংস্থায় কর্মরত বলে জানা গিয়েছে। তাঁর সঙ্গে ইতিমধ্যেই পুলিশের কথা হয়েছে বলে জানা গিয়েছে। জানা গিয়েছে, নাগপুরে নীতিন গড়কড়ির অফিসে ফোন করে ১০ কোটি টাকার দাবি করে ওই অভিযুক্ত ব্যক্তি। এর আগে জানুয়ারি মাসে নীতিন গড়কড়ির কাছে ওই একই হুমকি ফোন আসতে থাকে। সেবার নীতিন গড়কড়ির বাড়িতে এসেছিল ফোন। ১০০ কোটি টাকা চেয়ে এসেছিল ফোন। ফোনের ওপার থেকে ব্যক্তি দাবি করেছিল, সে দাউদ ইব্রাহিম গ্যাংয়ের সদস্য। এদিকে, জানুয়ারির ১৪ তারিখে মন্ত্রীর নাগপুরের অফিসে দুপুর ১১.২৫ মিনিট থেকে ১২.৩০ মিনিটের মধ্যে তিনটি হুমকি ফোন আসে। এরপর নাগপুরের সাংসদ নীতিন গড়কড়ির অফিসের চারপাশে নিরাপত্তা বাড়িয়ে দেওয়া হয়।জানা গিয়েছে, মন্ত্রীর অফিস ও বাড়ি উড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়েছে ফোনে। এদিকে, নতুন করে কেন্দ্রীয় মন্ত্রীকে করা হুমকি ফোন ঘিরে পুলিশি তদন্তে দেখা গিয়েছে, ফোন এসেছে হিন্দালগা জেল থেকে। যে ফোন করেছে সে হিন্দালগা জেলের কয়েদী। আর তাকে যাবজ্জীবন কারাদণ্ডের সাজা দেওয়া হয়েছে। অন্যদিকে নীতিন গড়কড়িকে নিয়ে আপত্তিকর পোস্ট ঘিরে একজনকে গ্রেফতার করা হয়েছে। নাগপুর পুলিশের সাইবার ক্রাইম শাখায় এই মামলা রেজিস্টার করা হয়েছে।

# দীর্ঘ ৮ বছর পর, কয়লা মাফিয়া আমিন খুনের ৮ অপরাধীকে দোষী সাবস্ত করল আদালত

দুর্গাপুর, ২১ মার্চ (হি. স.) দীর্ঘ ৮ বছর পর কুখ্যাত কয়লা মাফিয়া শেখ আমিন খুনে অভিযুক্তদের দোষী সাবস্ত করল দুর্গাপুর মহকুমা আদালত। প্রসঙ্গত, গত ২০১৬ সালের ১৩ সেপেম্বর লাউদোহার আমদহি গ্রামে ঈদের নামাজ পড়ে বেরতোই দুস্কৃতীদের গুলিতে খুন হয় শেখ আমিন নামে এক কয়লা মাফিয়া। তার সঙ্গে শেখ মুজাহার নামে আরও একজন গুলিতে জখম হয়। তাকে আশঙ্কাজনক অবস্থায় দুর্গাপুরে এক বেসরকারি হাসপাতালে ভর্তি হলে, কয়েকদিন পর তারও মৃত্যু হয়। আমিনের দেহে ১৬ টা গুলি লাগে। ঘটনায় ১১ জনের নামে অভিযোগ দায়ের হয়। তার মধ্যে ৩ জন হাইকোর্ট জামিন পায়। বাকি শেখ সানিউল ওরফে সানাই, শেখ শাকিবুল, শেখ কাশেম, শেখ নুরুল হোদা, শেখ জাহাঙ্গীর, শেখ জনিয়ুল, বাবর আলী, শেখ শাহজাহান সহ ৮ জন গ্রেফতার হয়। তাদের বিরুদ্ধে ভারতীয় দন্ড বিধির ১২০ বি, ৩০২ ও ৩৪ এবং আদালতের নির্দেশে বিচারাধীন তারা বন্দি ছিল। মঙ্গলবার তাদের দুর্গাপুর মহকুমা হাসপাতালে তোলা হয়। বিচারক প্রিয়ব্রত দত্ত ( এডিজে২) এজলাসে এদিন বিচার প্রক্রিয়া শুরু হয়। জামিনে থাকা পার্থ চ্যাটার্জি, লোকেশ সিং,সেখ সাইফুল কে বেকসুর খালাশ করে আদালত। বাকি ৮ জন অভিযুক্তকে দোষী সাবস্ত করে। বুধবার তাদের সাজা ঘোষনা করা হবে বলে জানান সরকারী আইনজীবি দ্রেবব্রত সাঁই। তিনি আরও বলেন,' দোষীরা বিচারধীন বন্দি থাকা কালিন দীর্ঘ ৮ বছর ওই এলাকায় সেরকম কোন গ্যাং ওয়ারের মত ঘটনা ঘটেনি।'

## মেধা অন্বেষার বৃক্ষরোপণ কর্মসূচি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** বিশ্ব অরণ্য দিবস উপলক্ষে মঙ্গলবার রামনগর বাণী বিদ্যাপীঠ বালিকা বিদ্যালয়ে মেধা অন্বেষার উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। বিশ্ব অরণ্য দিবস রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে। সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদোগেও দিবসটি পালনের ব্যাপকতা বৃদ্ধি পেয়েছে। মেধা অন্বেষা নামে একটি সামাজিক সংস্থা রাজধানী আগরতলা শহর এলাকার রামনগরের বাণী বিদ্যাপীঠ বালিকা বিদ্যালয় মঙ্গলবার বিশ্ব বৃক্ষ রুপন দিবস পালন করে। উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাণী বিদ্যাপীঠ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা যশোধন এবং মেধা অন্বেষার কর্ণধার শিক্ষক মনোজ রায় সহ অন্যান্যরা। এদিন বৃক্ষরোপণ অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেন গাছ এবং মানুষের মধ্যে একটা নিবিড় সম্পর্ক রয়েছে। গাছ না থাকলে মানুষ বাঁচতে পারবেনা। গাছ মানুষের অক্সিজেনের যোগান নিশ্চিত করে। সে কারণেই বন সৃজনের উপর তিনি বিশেষ গুরুত্ব আরোপ করেন। বন সৃজন এবং বন রক্ষার জন্য সমাজের সকল অংশের জনগণকে এগিয়ে আসার জন্য তিনি আহ্বান জানিয়েছেন।

## বিজেপির নির্বাচনী কার্যালয়ে রক্তদান যুব মোর্চার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মার্চ।।** মঙ্গলবার ভারতীয় জনতা যুব মোর্চা সদর শহর জেলার উদ্যোগে কর্নেল চৌমুহনীতে ত্রিপুরা প্রদেশ বিজেপির নির্বাচনী কার্যালয়ে মেগা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। রাজ্যের ব্লাড ব্যাংক গুলিতে রক্তের সংকট দূর করতে এগিয়ে এলো বিজেপি যুব মোর্চা সদর জেলা কমিটি। যুব মোর্চা সদর জেলা কমিটির উদ্যোগে মঙ্গলবার চৌমুহনী বিজেপির নির্বাচনে রাজ্য কার্যালয়ে এক মহতি রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এদিন রক্তদান শিবিরের আনুষ্ঠানিক সূচনা করেন মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ীকা মিনা সরকার, যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় সহ যুব মোর্চার রাজ্য নেতৃত্বরা। রক্তদান শিবিরে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা বলেন নির্বাচন সংক্রান্ত কাজে ব্যস্ত থাকায় বিগত কিছুদিন ধরে রাজ্যে রক্তদানের প্রবণতা কিছুটা হ্রাস পেয়েছিল। রাজ্যের এগারটি সরকারি এবং দুটি বেসরকারি ব্লাড ব্যাংকে রক্তের মজুদ সন্তোষজনক করার লক্ষ্যে জনগণের কাছে আহ্বান জানানো হয়েছিল। সেই আহবানে ব্যাপক সারা মিলেছে। ভারতীয় জনতা পার্টির পক্ষ থেকেও এ ধরনের রক্তদান শিবির সংঘটিত করা হচ্ছে। মুখ্যমন্ত্রী রাজ্যের সবকটি ক্লাব স্বেচ্ছাসেবী সংগঠন সামাজিক সংগঠন সহ সকলকে রক্তদানে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।

# মাদারীপুরে যুবক খুনের মামলায় একই সঙ্গে ২৩ জনের ফাঁসির আদেশ

ঢাকা, ২১ মার্চ (হি. স.) : ঢাকার মাদারীপুরের রাজীব সরদার হত্যা মামলায় ২৩ আসামিকে ফাঁসির সাজা দিল আদালত। একই সঙ্গে ছয়জনকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে। সেই সঙ্গে প্রত্যেককে ৫০ হাজার টাকা জরিমানাও করা হয়েছে। মঙ্গলবার ওই আদেশ দিয়েছেন মাদারীপুরের অতিরিক্ত জেলা ও দায়রা আদালতের বিচারক লায়লাতুন ফেরদৌস। রায় ঘোষণার সময়ে এজলাসে উপস্থিত ছিলেন ২২ আসামি। খুনের মামলায় একসঙ্গে ২৩ জনের ফাঁসির আদেশ নজিরবিহীন বলেই মনে করছেন আইনজীবীরা।

আদালত সূত্রে জানা গিয়েছে, ২০১২ সালের পয়লা সেপ্টেম্বর সকালে মামার নার্সারিতে কাজ শেষে বাড়ি ফিরছিলেন রাজীব সরদার। পথে হরিকুমারিয়া এলাকায় পৌঁছনোর সময়ে তার ওপরে আচমকা হামলা চালায় বেশ কয়েকজন। ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কোপাতে থাকে। মৃত ভেবে রাজীবকে ফেলে চলে যায়। স্থানীয় বাসিন্দারা উদ্ধার করে রাজীবকে মাদারীপুর সদর হাসপাতালে নিয়ে যায়। সেখান থেকে স্থানান্তরিত করা হয় ঢাকায়। পথেই মৃত্যুর কোলে ঢলে পড়েন রাজীব।

ভাগ্নের নৃশংস খুনের তিনদিন পর ৪৭ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেন রাজীবের মামা আলী হাওলাদার। ২০১২ সালের ৩১ ডিসেম্বর ৩৬ জনকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট জমা দেন মামলার তদন্তকারী আধিকারিক। দীর্ঘ ১১ বছর বাদে এদিন ওই মামলার রায় ঘোষণা করা হয়। মামলা চলাকালীন চার আসামির মৃত্যু হওয়ায় তাদের নাম বাদ দেওয়া হয়। বাকি তিনজনকে এদিন বেকসুর খালাস দেওয়া হয়।

# ঝাড়গ্রামে হাতির হানায় নিহত ও আহতের ঘটনা বাড়তে থাকায় আতঙ্কিত বাসিন্দারা

ঝাড়গ্রাম, ২১ মার্চ ( হি. স.) : পরপর হাতির হানায় নিহত ও আহতের ঘটনা ঘটতে থাকায় ব্যাপক আতঙ্কিত হয়ে পড়েছেন বাসিন্দারা। গত তিন দিনে হাতির হানায় মৃত্যু হয়েছে তিন জনের এবং আহত হয়েছেন এক জন। যার মধ্যে সোমবার রাতে দুটি পৃথক ব্লকে হাতির হানায় মৃত্যু হয়েছে একজনের। মঙ্গলবার সকালে নয়াগ্রাম ব্লকের চাঁদাবিলা রেঞ্জের চাঁদাবিলা এলাকায় হাতির হানায় জখম হয়েছেন কার্তিক রানা নামে এক ব্যক্তি। আহত ব্যক্তিকে স্থানীয় মানুষজনেরা উদ্ধার করে নয়াগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করান।

বনদফতর সূত্রে জানা গিয়েছে, সোমবার রাতে নমিতা মাহাত (৬৫)। বাড়ি মাণিকপাড়া রেঞ্জের বালিয়া গ্রামে। ও সাঁকরাইল ব্লকের চুনপাড়া এলাকায় হাতির হানায় মৃত্যু হয় সুজিত মাহাত (৩৪)। এর বাড়ি মাণিকপাড়া ফাঁড়ি থানার ইন্দখাড়া গ্রামে। বনদফতর ও স্থানীয় সুত্রে জানা গিয়েছে সোমবার সন্ধ্যায় খড়্গপুর থেকে বাইকে চেপে বাড়ি ফিরছিলেন সুজিত সহ তিন বন্ধু। সেই সময় চুনপাড়া এলাকায় একটি হাতির মুখোমুখি হয়ে যায়। রাস্তা বেহাল অবস্থা হওয়ার কারণে বাইক জোর চালাতে পারেনি। যার বাইক ছেড়ে পালানোর সময় সুজিত মাহাতকে শুঁড় দিয়ে ধরে আছাড় মারলে ঘটনাস্থলেই মৃত্যু হয় তার। অন্যদিকে মাণিকপাড়া রেঞ্জের বালিয়া গ্রামে ঢুকে খাবারের সন্ধানে বাড়িঘর ভাঙ্গচুর চালায় ৬ থেকে ৭ টি হাতির দল। হাতি ঘর ভাঙছে দেখে প্রাণ বাঁচাতে ঘরে দৌড়ে পালানোর চেষ্টা করেন। ওই সময় একটি নমিতা মাহাতকে শুঁড়ে ধরে আছাড় মারলে ঘটনাস্থলেই মৃত্যু হয়। পরে নিহত মহিলা ও যুবককে এদিন রাতেই ঝাড়গ্রাম জেলা হাসপাতালে নিয়ে আসা হলে চিকিৎসকে মৃত বলে ঘোষনা করেন। অন্যদিকে রবিবার দুপুরে নায়াগ্রাম ব্লকের বড় নেগুই গ্রামের এক গৃহবধূ দৈমন্তি মাহাত (২৫) জঙ্গলে কাঠ পাতা সংগ্রহ করতে গিয়ে হাতির হানায় মৃত্যু হয়েছে। গত তিনদিনে পর পর হাতির হানায় মৃত্যু ও আহতের ঘটনা ঘটতে থাকায় উদাসিনতার অভিযোগ তুলেছে বাসিন্দারা। দ্রুত হাতি তাড়ানোর দাবি তুলছেন বাসিন্দারা। যদিও বনদফতরের একটি সূত্র থেকে জানা গিয়েছে বারে বারে মানুষজনকে সচেতন করা হচ্ছে। যে এলাকায় হাতি রয়েছে সমস্ত এলাকায় মাইকিং করে সচেতন করা হয়, সন্ধ্যার পর বাড়ি থেকে বাইরে হতে নিষেধ করা হয়। তা সত্ত্বেও মানুষজন বন দফতরের নির্দেশকে অমান্য করে বাইরে ঘোরাঘুরি করেন। মানুষ সচেতন না হলে হাতির হানায় মৃত্যু ও আহতের ঘটনা ঠেকানো সম্ভব হবে না। বনদফতর সূত্রে জানা গিয়েছে নয়াগ্রাম ব্লকের কেশররেখা রেঞ্জ এলাকায় ১২ টি, সাঁকরাইল ব্লকের ৬ থেকে ৭ টি হাতি রয়েছে। এবিষয়ে খড়্গপুরের ডিএফও শিবানন্দ রাম বলেন, ' হাতির হানায় মৃত ব্যক্তির পরিবারের হাতে চব্বিশ ঘন্টার মধ্যে পাঁচ লক্ষ টাকার ক্ষতিপূরণের চেক তুলে দেওয়া হচ্ছে।এদিন হাতির হানায় আহত ব্যক্তি চিকিৎসার পর বাড়ি ফিরে গিয়েছেন। আমরা হাতি গুলিকে দ্রুততার সাথে নিরাপদ স্থানে সরানোর পদক্ষেপ নিচ্ছি। '

# কয়লা পাচার মামলায় আইনমন্ত্রী মলয় ঘটককে দিল্লিতে ডেকে পাঠাল ইডি

নয়াদিল্লি, ২১ মার্চ (হি.স.) : কয়লা পাচারকাণ্ডে আইনমন্ত্রী মলয় ঘটককে ফের তলব এনফোর্সমেন্ট ডিরেক্টোরেট (ইডি)-এর। অনুব্রত মণ্ডলের তিহাড় যাত্রার দিন মঙ্গলবার আইনমন্ত্রী মলয় ঘটককে নোটিশ পাঠাল ইডি। আগামী ২৯ মার্চ তাকে দিল্লিতে ইডির দফতরে হাজিরা দিতে বলা হয়েছে। ডেকে পাঠানো হয়েছে মন্ত্রীর আপ্ত সহায়ককেও।

জানা গিয়েছে, এদিন সন্ধ্যায় মেল করে আইনমন্ত্রীকে নোটিশ পাঠিয়েছে ইডি। ২৯ মার্চ দিল্লিতে সদর দফতরে হাজিরা দিতে বলা হয়েছে ইডি। সূত্রের খবর, শুধু আইনমন্ত্রী নয়, ২৩ মার্চ ডেকে পাঠানো হয়েছে মলয় ঘটকের আপ্ত সহায়ককে। যদিও মলয় ঘটকের দাবি, এখনও পর্যন্ত কোনও নোটিস পাননি তিনি।উল্লেখ্য, কয়লা পাচার মামলায় ১৪ সেপ্টেম্বর মলয় ঘটককে নয়াদিল্লিতে সদর দফতরে তলব করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। তারও আগে গত বছরের জুলাই মাসে কয়লাপাচার কাণ্ডে ইডি তলব করেছিল বাংলার মন্ত্রী মলয় ঘটক। মলয় ঘটকের সঙ্গে সেবার পুরুলিয়া জেলার বাঘমুণ্ডি বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস বিধায়ক সুশান্ত মাহাতো---কেও তলব করা হয়।

# বছর ঘুরলেও বগটুই হত্যাকাণ্ডে মৃত্যুর শংসাপত্র হাতে পায়নি কাজি সাজিদুর রহমানের পরিবার

রামপুরহাট, ২১ মার্চ (হি. স.) : বছর ঘুরলেও এখনও মৃত্যুর শংসাপত্র হাতে পায়নি কাজি সাজিদুর রহমানের পরিবার। মেলেনি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতিশ্রুতি মতো আর্থিক সাহায্য এবং চাকরিও। নূর নিহার বিবির অভিযোগ, ছেলে এবং বৌমার মৃত্যুর এক বছর পরেও তাঁরা বিচার পাননি।বীরভূমের রামপুরহাট থানার বগটুই গ্রামে ঘটে নৃশংস হত্যাকাণ্ড। বড়শাল গ্রামের উপপ্রধান ভাদু শেখের খুনের পর সব মিলিয়ে প্রাণ হারান ১০ জন। মৃতদের তালিকায় ছিলেন কাজি সাহিদুল রহমান এবং তাঁর নববিবাহিত বধূ মর্জিনা বিবি। নানুরের দান্য গ্রামের বাসিন্দা সাহিদুল স্ত্রীকে নিয়ে বগটুইয়ে শ্বশুরবাড়িতে এসেছিলেন।ওই মৃত্যুর ঘটনার পর বীরভূমে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দোষীদের অবিলম্বে গ্রেফতারির নির্দেশের পাশাপাশি মৃত এবং আহতদের পরিবারকে আর্থিক সাহায্য দেওয়ার ঘোষণা করেছিলেন। কিন্তু এক বছর ঘুরে গেলেও সেই প্রতিশ্রুতি রক্ষা হয়নি দাবি মৃত সাহিদুলের পরিবারের।



বিজু উৎসব উপলক্ষে আগরতলায় প্রস্তুতি বৈঠকে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা সহ অন্যান্যরা। ছবি-নিজস্ব।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।